অসমে নতুন মন্ত্রিসভার শপথ ১২ মে

আজকাল

www.aajkaal.in | কলকাতা ২৩ বৈশাখ ১৪৩৩ বৃহস্পতিবার ৭ মে ২০২৬ শহর সংস্করণ* ৫.০০ টাকা ১২ পাতা | পশ্চিমবঙ্গের বাইরে অতিরিক্ত বিমান মাশুল ১ টাকা

শনিবার ব্রিগেডে শপথ

থাকবেন মোদি, শাহ, নাড্ডা-সহ বিজেপি রাজ্যের মুখ্যমন্ত্রীরা

আজকালের প্রতিবেদন

ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে শপথ নেবে রাজ্যের বিজেপি সরকার। শনিবার সকাল ১০টায় হবে সেই শপথগ্রহণ অনুষ্ঠান। উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। থাকবেন বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন এবং কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডাও। বিশিষ্ট অতিথি হিসাবে উপস্থিত থাকবেন এনডিএ পরিচালিত সব রাজ্যের মুখ্যমন্ত্রীরা। সমাজের বিভিন্ন ক্ষেত্রের প্রতিষ্ঠিতরাও থাকবেন এই অনুষ্ঠানে। পদ্মসম্মান জয়ীদের এই অনুষ্ঠানে বিশেষ করে আমন্ত্রণ জানানো হবে। ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে সেদিন বর্ণাঢ্য এক অনুষ্ঠানের আয়োজন হবে। বুধবার একথা জানিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তিনি এদিন শপথগ্রহণ অনুষ্ঠান নিয়ে মুখ্যসচিব দুষ্যন্ত নারিয়ালার সঙ্গে বৈঠক করতে নবান্নে যান। পরে সাংবাদিকদের বলেন, ‘শ্যামাপ্রসাদ মুখার্জির মাটিতে শ্যামাপ্রসাদ সরকারের প্রস্তুতি নিয়েই বৈঠক হল। ৯ তারিখ, শনিবার সকাল ১০টায় ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে শপথগ্রহণ অনুষ্ঠান হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।’

এদিন শমীক ভট্টাচার্যের সঙ্গে নবান্নে এসেছিলেন বিজেপির কেন্দ্রীয় অবজার্ভার সুনীল বনসল, সাংসদ সৌমিত্র খাঁ, দলের রাজ্য সাধারণ সম্পাদক শশী অগ্নিহোত্রী।

শপথগ্রহণের আগে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রস্তুতি খতিয়ে দেখছেন পুলিশকর্তা–সহ আধিকারিকরা। বুধবার। ছবি: দীপক গুপ্ত

নবান্নে মুখ্যসচিবের সঙ্গে বৈঠক রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের

শপথগ্রহণ অনুষ্ঠানের আগে মুখ্যমন্ত্রী কে হবেন তা স্থির করার জন্য ৮ মে, শুক্রবার বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে দলের জয়ী প্রার্থীদের সঙ্গে বৈঠকে বসবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সেখানেই পরিষদীয় দল গঠন হবে। পরিষদীয় দলের নেতাও নির্বাচন করা হবে। নবান্ন থেকে বেরিয়ে এদিন সৌমিত্র খাঁ বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে সেই বৈঠকের প্রস্তুতি খতিয়ে দেখেন। এদিকে, এদিন সকাল থেকেই নবান্নে স্বরাষ্ট্র, পূর্ত এবং তথ্যসংস্কৃতি দপ্তরের আধিকারিকরা শপথগ্রহণ অনুষ্ঠানের প্রস্তুতি শুরু করে দেন। শপথবাক্য হিসাবে যা পাঠ করা হবে, তার বয়ান বাংলা, হিন্দি ও ইংরেজি ভাষায় প্রস্তুত করা হচ্ছে। অতিথিদের কাছে প্রশাসন কীভাবে আমন্ত্রণ পৌঁছে দেবে, তা নিয়েও এদিন প্রয়োজনীয় নির্দেশ দেন মুখ্যসচিব। জানা গেছে, কাদের কাদের শপথগ্রহণ অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হবে, তার তালিকা তৈরি করা হচ্ছে। সেই অনুযায়ী দ্রুত আমন্ত্রণপত্র তৈরি করে তাঁদের কাছে পাঠানোর ব্যবস্থাও করা হচ্ছে। পূর্ত দপ্তর এদিন থেকে ব্রিগেডে পরিকাঠামো নির্মাণের কাজ দ্রুত গতিতে শুরু করে দিয়েছে। এদিন মুখ্যসচিব লোকভবনে যান। শপথগ্রহণ অনুষ্ঠান নিয়ে রাজ্যপাল আর এন রবির সঙ্গে দেখা করেন। দু’জনের মধ্যে এ নিয়ে একটি বৈঠকও হয়।

বিধানসভায় অ্যানেক্স বিল্ডিংয়েও প্রস্তুতি

আজকালের প্রতিবেদন

নতুন সরকারের মুখ্যমন্ত্রী এবং অন্য মন্ত্রীরা শপথগ্রহণের পরে কোন অফিসে বসবেন, তা নিয়েও প্রশাসনিক মহলে আলোচনা চলছে। বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বুধবার নবান্নে এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, ‘মহাকরণে তাঁদের অফিস হলেই ভাল হয়। কিন্তু এখন যা পরিস্থিতি, তা হয়তো সম্ভব হবে না।’ সূত্রের খবর, যতদিন মহাকরণ প্রশাসনিক

প্রশাসনিক সদর দপ্তর

কাজের জন্য প্রস্তুত না হচ্ছে, ততদিন বিধানসভার অ্যানেক্স ভবন অথবা রাজ্য অতিথিশালা সৌজন্য থেকে প্রশাসন পরিচালনা করা যায় কি না তা নিয়েও আলোচনা চলছে।

এর পরই যুদ্ধকালীন তৎপরতায় মহাকরণ সংস্কারের কাজ চালানো হচ্ছে। পাশাপাশি, বিধানসভার অ্যানেক্স বিল্ডিংয়েও প্রস্তুতি নেওয়া হচ্ছে। বুধবার কলকাতা পুলিশের নগরপাল অজয় নন্দ দু’বার মহাকরণ পরিদর্শনে যান। পরিস্থিতি খতিয়ে দেখেন। এখানেই রয়েছেন পূর্ত দপ্তরের ইঞ্জিনিয়াররা। তাঁরা বিষয়টি তদারকি করছেন।

● এরপর ৩ পাতায়

মুখ্যমন্ত্রী কে? চলছে জল্পনা

আজকালের প্রতিবেদন

বাংলায় বিজেপি সরকারের শপথগ্রহণ ৯ মে, শনিবার। তার আগের দিন, ৮ মে শুক্রবার বিজেপির ২০৭ জন সদ্য নির্বাচিত বিধায়ককে নিয়ে বৈঠকে বসছেন দলের পর্যবেক্ষক অমিত শাহ। নিউ টাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে বিজেপি পরিষদীয় দলের এই বৈঠকেই পরিষদীয় নেতা তথা মুখ্যমন্ত্রী নির্বাচন করা হবে। উপস্থিত থাকবেন সহ–পর্যবেক্ষক, ওড়িশার মুখ্যমন্ত্রী মোহনচরণ মাঝি। পরের দিন শনিবার ব্রিগেডে শপথ নেবে নতুন মন্ত্রিসভা।

নতুন সরকারের মুখ্যমন্ত্রী কে হবেন, তা নিয়ে জল্পনার মধ্যেই আজ, বুধবার রাজধানী দিল্লিতে হঠাৎ হাজির বিজেপি নেত্রী, বিধায়ক অগ্নিমিত্রা পাল। একটি সূত্রে জানা গিয়েছে, শীর্ষ বিজেপি নেতৃত্বের ডাকেই তিনি দিল্লি এসেছিলেন। বৈঠকও করেছেন। তবে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে তিনি বৈঠক করেছেন কি না সেই প্রশ্নের জবাব প্রত্যাশিত ভাবেই এড়িয়ে গিয়েছেন অগ্নিমিত্রা। বিজেপি নেতৃত্ব কী বাংলায় মহিলা মুখ্যমন্ত্রী বা তাঁকে উপমুখ্যমন্ত্রী পদে বসানোর কথা ভাবছে, জল্পনা শুরু হয়েছে তাঁর এই আচমকা দিল্লি সফরের পর। এদিনই তিনি কলকাতা ফিরে গিয়েছেন। উল্লেখ্য, বাংলার বিজেপি সরকারের মন্ত্রিসভায় যে অগ্নিমিত্রার জায়গা হচ্ছেই, তা নিশ্চিত। এদিন দিল্লি থেকে ফেরার পর কলকাতায় অগ্নিমিত্রা পাল জানিয়েছেন, ‘দল যে দায়িত্বই দেবে, তা পালন করতে আমি প্রস্তুত।’

তবে যেহেতু দলের নাম ভারতীয় জনতা পার্টি, সে কারণেই শপথে চরম চমক থাকাটাও খুব স্বাভাবিক। এর আগে একাধিক রাজ্যে দেখা গিয়েছে মুখ্যমন্ত্রী পদে ‘চমক’ দিয়েছে বিজেপি নেতৃত্ব। রাজস্থানে ভজনলাল শর্মা, মধ্যপ্রদেশে মোহন যাদব, ওড়িশায় মোহনচরণ মাঝি বা ছত্তিশগড়ে বিষ্ণুদেও সাই মুখ্যমন্ত্রী হওয়ার আগে পর্যন্ত কোনও আলোচনাতেই ছিলেন না। সেক্ষেত্রে বাংলায়ও কী নরেন্দ্র মোদি–অমিত শাহরা চমক দিতে চলেছেন? সেই প্রশ্ন ঘুরপাক খাচ্ছে রাজনৈতিক মহলে। ২০১৯ সালে বিজেপিতে যোগ দেওয়ার পর থেকেই অগ্নিমিত্রা সাফল্য পেয়েছেন। রাস্তায় নামা লড়াকু নেত্রী হিসেবেও সফল। সদ্য হওয়া নির্বাচনে আসানসোল দক্ষিণ কেন্দ্র থেকে তিনি বড় ব্যবধানে জয়ী হয়েছেন। এছাড়াও বাংলায় একজন মহিলা মুখ্যমন্ত্রী ছিল, পরবর্তী মুখ্যমন্ত্রী মহিলা হলে তা অন্য বার্তা পৌঁছে দেবে মানুষের কাছে। এমনিতে বিজেপি সরকারের মুখ্যমন্ত্রী হওয়ার দৌড়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নাম নিয়ে জল্পনা রয়েছে। ভবানীপুরে ‘জায়ান্ট কিলার’ ও গত নির্বাচনে নন্দীগ্রামেও ‘জায়ান্ট কিলার’ ছিলেন তিনি। হারিয়েছেন তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জিকে। তবে শেষ পর্যন্ত কী সিদ্ধান্ত নেন মোদি–শাহ, সেদিকে নজর রাজনৈতিক মহলের।

তবে মুখ্যমন্ত্রীর পাশাপাশি দু’জন উপমুখ্যমন্ত্রী করতে পারে বিজেপি। বিজেপি সরকারের মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রী হিসেবে শুভেন্দু, অগ্নিমিত্রা পালের পাশাপাশি বিজেপি নেতা স্বপন দাশগুপ্ত, দিলীপ ঘোষ, শমীক ভট্টাচার্যদের নামও ভাসছে। পাশাপাশি, সম্ভাব্য মন্ত্রী ও বিধানসভার স্পিকার কে হতে পারেন, তা নিয়েও বেশ কিছু নাম সামনে এসেছে। এই সম্ভাব্য তালিকা অনুযায়ী স্পিকার হিসেবে তাপস রায়ের নাম রয়েছে।

● এরপর ৩ পাতায়

ভোটের ফল নিয়ে সুপ্রিম কোর্টে যাবেন মমতা

আজকালের প্রতিবেদন

ভোটের ফল নিয়ে সুপ্রিম কোর্টে যেতে পারেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। বুধবার বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসের জয়ী প্রার্থীদের নিয়ে বৈঠক করেন মমতা ব্যানার্জি। ছিলেন দলের অন্য নেতারাও। মুখ্যমন্ত্রীর বাসভবনে এই বৈঠকে ছিলেন তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সি, সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি। এদিনও বৈঠকে নিজের অবস্থান স্পষ্ট করে মমতা ব্যানার্জি জানান, ‘আমি গিয়ে পদত্যাগ করব না। রাষ্ট্রপতি শাসন

‘আবার কোর্টে প্র্যাকটিস করব’

হলে হোক। রেকর্ড থাকুক।’ সেই সঙ্গে তিনি দলকেও স্পষ্ট বার্তা দিয়ে বৈঠকে বলেছেন, ‘ওরা আমাকে বরখাস্ত করুক। আমি চাই, সেই দিনটি হোক একটি কালো দিন।’ সুপ্রিম কোর্টে যাওয়ার বিষয়ে তিনি বলেছেন, ‘এখন একত্রিত হয়ে চলার সময়। যাঁরা অন্তর্ঘাত করেছেন দলের ভিতরে, তাঁদের নাম দিন। একসময়ে আমিও একা ছিলাম। ঘুরে দাঁড়িয়েছি। দল ঘুরে দাঁড়াবেই। বিভিন্ন এলাকায় ফ্যাক্ট ফাইন্ডিং টিম যাবে।’ এ ছাড়াও প্রত্যেক বিধায়ক, নেতা–কর্মীদের উদ্দেশে তিনি বলেছেন, ‘নতুন সরকারের শপথের

● এরপর ৩ পাতায়

বাংলাকে এবার নতুন করে গড়া হবে: শুভেন্দু

যজ্ঞেশ্বর জানা
নন্দীগ্রাম, ৬ মে

শান্তি আর উন্নয়নের বার্তা দিলেন শুভেন্দু অধিকারী। বললেন, বাংলাকে এখন নতুন করে গড়তে হবে। বুধবার, নন্দীগ্রামে সংবর্ধনা অনুষ্ঠানে তিনি বলেন, ‘এখন আমাদের দায়িত্ব অনেক বেশি। মন দিয়ে কাজ করতে হবে, ইতিবাচক চিন্তা করতে হবে এবং বাংলাকে এবার নতুন করে গড়া হবে।’ এবার নন্দীগ্রাম ও ভবানীপুর— দুই কেন্দ্র থেকেই নির্বাচিত হওয়ার পর এদিনই প্রথম নিজের নির্বাচনী এলাকায় বিজেপির কর্মিসভায় যোগ দেন তিনি। রাজ্যে যাতে নতুন করে অশান্তি না ছড়ায়, তার জন্য দলীয় কর্মী–সমর্থকদের সংযত থাকার নির্দেশ দিয়েছেন শুভেন্দু। বলেছেন, ‘কেউ আইন নিজের হাতে তুলে নেবেন না। আপনারা শান্তি বজায় রাখুন। আমাদের সরকার গঠন হলেই নতুন আইন অনুযায়ী প্রতিটি মামলার বিচার হবে।’ শুভেন্দু বলেন, ‘২০১৯ সালে আমি যখন বিজেপিতে আসিনি, তখন এই জেলায় বিজেপি ৩৭ শতাংশ ভোট পেয়েছিল। ২০২১ সালে আমি আসার পর সেই ভোট বেড়ে ৪৪ শতাংশ হয়েছে। লোকসভা নির্বাচনে বিজেপি এই জেলায় ৪৯ শতাংশ ভোট পেয়েছে, যেখানে তৃণমূল পেয়েছিল ৪০ শতাংশ। এবার পূর্ব মেদিনীপুর জেলায় বিজেপি ৫৬ শতাংশ ভোট পেয়ে ১৬–০ ব্যবধানে জয়ী হয়েছে।’

এদিকে, এদিন নির্বাচন কমিশনের দপ্তরে সাংবাদিক বৈঠকে শুভেন্দু বলেন,

সিইও দপ্তরে সাংবাদিক বৈঠকে শুভেন্দু অধিকারী। বুধবার। ছবি: অভিজিৎ মণ্ডল

‘অনেক কিছু ঘটেছে। কিন্তু শেষ পর্যন্ত শান্তিপূর্ণ ভাবেই গণতান্ত্রিক প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে। সে জন্যই নির্বাচন কমিশনকে কৃতজ্ঞতা জানাতে আসা।’ শুভেন্দু বলেন, ‘ভবানীপুর এবং নন্দীগ্রামে প্রার্থী ছিলাম। আজ গেজেট নোটিফিকেশন হয়েছে। ভবানীপুরে এমন ভোটারদের পেয়েছি, যারা ১০–১৫ বছর ভোট দিতে পারেননি। তাঁদের আবাসনে তালা লাগিয়ে দেওয়া হত। তাঁদের বলে দেওয়া হত ভোট দিতে আসতে হবে না। তাঁরা এবারে অনেকে ভোট দিয়েছেন। ৪৫টা বড় আবাসনের মধ্যে এবার ২০টিতে বুথ হয়েছে। সেই ভোটাররাই জানিয়েছেন নিজের ভোট নিজে দিতে পেরেছেন। এটাই বড় প্রাপ্তি। প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পদত্যাগ না করা নিয়ে এদিন মন্তব্য করতে নারাজ শুভেন্দু। তাঁর দাবি, ‘পশ্চিমবঙ্গে তিনি এখন অপ্রাসঙ্গিক।’ ভোট–পরবর্তী হিংসা প্রসঙ্গে তাঁর মত, এবার রাজ্যে বড় কোনও অশান্তি হয়নি। তিনি বলেন, ২০২১ সালের ভোট–পরবর্তী যা হিংসা হয়েছিল তা এবারে এখনও হয়নি। তবে যেটুকু হয়েছে তাও বন্ধ করতে হবে। তখন ১২ হাজারের বেশি এফআইআর হয়েছিল, তার নথি ভবানী ভবনে রয়েছে। তিনি বলেন, ‘২০২১–এ ১২ হাজার এফআইআর হয়েছিল, ৫৭ জনের মৃত্যু হয়েছিল।

● এরপর ৩ পাতায়

গোলমাল করলে দলের বাইরে: শমীক

আজকালের প্রতিবেদন

‘অফিস দখল বা গোলমালের ঘটনায় জড়িত থাকলে দল থেকে বের করে দেওয়া হবে। স্বরাষ্ট্রসচিবকেও বলেছি, কঠোর হাতে পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে।’

বুধবার নবান্নে মুখ্যসচিবের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের একথা বলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। ছিলেন সাংসদ সৌমিত্র খাঁ ও কেন্দ্রীয় পর্যবেক্ষক সুনীল বনশাল। তিনি এদিন বলেন, ‘বিজেপির তৃণমূলীকরণ হবে না। আমরা জিতেছি। কিন্তু আমাদের দু’জন কর্মী ইতিমধ্যেই শহিদ হয়েছেন। এই ফলাফল উল্টো হলে এতক্ষণে আমাদের ২০০ কর্মী খুন হয়ে যেতেন। তৃণমূলের অভ্যন্তরীণ গোষ্ঠীদ্বন্দ্বের কারণে মাথায় গেরুয়া আবির লাগিয়ে তৃণমূলের অফিসে নিজেরাই তালা লাগাচ্ছে, দখল করছে। আমরা পরিষ্কার জানিয়ে দিয়েছি, যারা এই মিউনিসিপ্যালিটি দখল, অন্য দলের পার্টি অফিস দখল বা পঞ্চায়েত অফিস দখলের মতো কাজে যুক্ত থাকবেন, তাঁদের দল থেকে বের করে দেব।’ একই সঙ্গে এদিন কলকাতা ও রাজ্য পুলিশের পক্ষ থেকে সরাসরি জানিয়ে দেওয়া হয়েছে, বুলডোজার নিয়ে কোনওরকম বিজয় মিছিল বা শোভাযাত্রা করা যাবে না। এমনকী, এমন শোভাযাত্রায় বুলডোজার ভাড়া দিলে সেই মালিকের বিরুদ্ধেও ব্যবস্থা নেবে পুলিশ।

● এরপর ২ পাতায়

শুভেন্দুর আপ্ত সহায়ককে গুলি করে খুন মধ্যমগ্রামে

আজকালের প্রতিবেদন

শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথকে গুলি করে খুন। বুধবার রাতে মধ্যমগ্রামের দোহারিয়া এলাকায় চন্দ্রনাথ গাড়ি করে যাচ্ছিলেন। অভিযোগ, সেই সময় তাঁর গাড়ি পিছু নেয় দুষ্কৃতীরা। মধ্যমগ্রামের দোহারিয়াতে অন্য একটি চারচাকা গাড়ি তাঁদের পথ আটকে দাঁড়ায়।

● এরপর ২ পাতায়



জেলায় গোলমালে কড়া ব্যবস্থা নিচ্ছে প্রশাসন

আজকালের প্রতিবেদন

কাকদ্বীপে ভোট–পরবর্তী হিংসা রুখতে বিজেপির মাইক প্রচার। বুধবার। ছবি: গৌতম মণ্ডল

বারবার কড়া বার্তা দিচ্ছেন বিজেপির রাজ্য নেতৃত্ব। মাইকে চলছে প্রচার। তারপরও কিছু জায়গায় মারধর, তৃণমূলের পার্টি অফিস দখল, মারধরের মতো ঘটনা ঘটেছে। অশান্তি থামাতে গিয়ে আক্রান্ত হয়েছেন পুলিশকর্মী ও কেন্দ্রীয় বাহিনীর জওয়ান। অশান্তি পাকানোর অভিযোগে পুলিশ গ্রেপ্তারও করেছে কয়েকজনকে।

বুধবার উত্তর ২৪ পরগনার সন্দেশখালির ন্যাজাটে দুষ্কৃতীদের গুলিতে জখম হয়েছেন ন্যাজাট থানার ওসি, রাজবাড়ি থানার ওসি–সহ কেন্দ্রীয় বাহিনীর দুই জওয়ান। মঙ্গলবার রাতে ঘটনাটি ঘটে সন্দেশখালির ন্যাজাটের সরবেড়িয়া আগারহাটি পঞ্চায়েতের ১৪ নম্বর বামনঘেরির কাছে ছোট বিটপোল এলাকায়। এদিন বিকেল থেকেই রাজনৈতিক উত্তেজনা ছিল এলাকায়। রাতে ওই এলাকায় পুলিশ যখন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের নিয়ে কুইক রিলিজ টিম (কিউআরটি) টহল দিতে যায়। সেই সময় পুলিশকে লক্ষ্য করে গুলি (পেলেট) চালায় দুষ্কৃতীরা। ঘটনায় ন্যাজাট থানার ভারপ্রাপ্ত পুলিশ আধিকারিক ভরত পুরকাইত, রাজবাড়ি আউটপোস্টের পুলিশকর্মী ভাস্বত গোস্বামী ও এক মহিলা পুলিশকর্মীর গায়ে গুলি লাগে। ৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। অন্যদিকে, মঙ্গলবার রাতে ডোমকলে গুলিবিদ্ধ হন সফিকুল ইসলাম নামে এক সিপিএম কর্মী।

এলাকার শান্তি–শৃঙ্খলা বজায় রাখতে এবার এক ব্যতিক্রমী উদ্যোগ নিল বিজেপি। বুধবার সকাল থেকেই দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপ বিধানসভা কেন্দ্রের বিভিন্ন এলাকায় বিজেপির পক্ষ থেকে এই সচেতনতামূলক প্রচার চালানো হয়। হাওড়ার আমতায় তৃণমূলের কার্যালয়ে হামলা চালিয়ে আগুন ধরিয়ে দেওয়া হয়। এছাড়াও আমতার একাধিক এলাকায় তৃণমূলের কার্যালয়ে এদিনও ভাঙচুর চালিয়েছে হামলাকারীরা। নির্বাচন–পরবর্তী হিংসার ক্ষেত্রে কড়া ব্যবস্থা নেওয়া হবে। বুধবার সাংবাদিক সম্মেলন করে স্পষ্ট জানিয়ে দিলেন চন্দননগর পুলিশ কমিশনারেট এবং হুগলি গ্রামীণ পুলিশ। এর মধ্যে আরামবাগের গোপীনাথপুর, পুইন এলাকায় বিজেপি কর্মী–সমর্থকদের ওপর হামলার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। এদিকে, হিংসা ও হামলা রুখতে জিরো টলারেন্স নীতিতে চলবে বলে জানিয়ে দিল পূর্ব বর্ধমান প্রশাসন। কেতুগ্রাম–১ ব্লকের কান্দরার তৃণমূল কার্যালয়ে লাগানো হল আগুন। কেতুগ্রাম–২ ব্লকের তৃণমূলের বহু দলীয় কার্যালয় দখলের অভিযোগ উঠেছে। পূর্বস্থলী–১ ব্লকেরও বহু তৃণমূল অফিসে তালা ঝুলিয়ে দেওয়া হয়েছে। নদিয়ায় নির্বাচন–পরবর্তী হিংসা রুখতে কড়া নজরদারি চালাচ্ছে জেলা প্রশাসন। এদিকে, তৃণমূল এবং বাম দলের বিক্ষুব্ধ কর্মীরা বিজেপি কর্মী সেজে তৃণমূল দলের কার্যালয় ভাঙচুর চালাচ্ছে বলে অভিযোগ উঠেছে। দুর্গাপুরে একের পর এক তৃণমূলের দলীয় কার্যালয়ে ভাঙচুরের ঘটনা সামনে এসেছে। পশ্চিম মেদিনীপুর জেলা জুড়ে গোলমাল, হামলা, ভাঙচুর চালানোর অভিযোগে ১৬২ জনকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছেন জেলার পুলিশ সুপার পাপিয়া সুলতানা।

তথ্যসূত্র: স্বদেশ ভট্টাচার্য, প্রদীপ দে, প্রিয়দর্শী বন্দ্যোপাধ্যায়, আবির রায়, মিল্টন সেন, তুফান মণ্ডল, বিজয়প্রকাশ দাস, চন্দ্রনাথ মুখোপাধ্যায়, গৌতম মণ্ডল, গৌতম চক্রবর্তী, বুদ্ধদেব দাস

কেন্দ্রভিত্তিক বিস্তারিত ফলাফল

আমতা: অমিত সামন্ত (বিজেপি) ১০৪৬৪৯, সুকান্তকুমার পাল (তৃণমূল কংগ্রেস) ১০০১৯৫, জসিমউদ্দিন মল্লিক (সিপিএম) ২৩১৯৩
উত্তরপাড়া: দীপাঞ্জন চক্রবর্তী (বিজেপি) ৮০৬১২, শীর্ষণ্য বন্দ্যোপাধ্যায় (তৃণমূল কংগ্রেস) ৭০১৯৭, মীনাক্ষী মুখার্জি (সিপিএম) ৪৯৮২০
চাঁপদানি: দিলীপ সিং (বিজেপি) ৯৩৭০৪, অরিন্দম গুঁই (তৃণমূল কংগ্রেস) ৯০৬৭৮, চন্দ্রনাথ ব্যানার্জি (সিপিএম) ১৪৩৬৮
সিঙ্গুর: অরূপকুমার দাস (বিজেপি) ১১৩০০৮, বেচারাম মান্না (তৃণমূল কংগ্রেস) ৯১৫৭০, দেবাশিস চ্যাটার্জি (সিপিএম) ১২৩২০
চন্দননগর: দীপাঞ্জনকুমার গুহ (বিজেপি) ৮৬২৭৩, ইন্দ্রনীল সেন (তৃণমূল) ৭২৮৩২, মণীশ পান্ডা (সিপিএম) ২২৭৬০
চুঁচুড়া: সুবীর নাগ (বিজেপি) ১৩৭৭০৪, দেবাংশু ভট্টাচার্য (তৃণমূল কংগ্রেস) ৯৪২৭৯, সুনীলকুমার সাহা (ফব) ১৪২২৬
পাণ্ডুয়া: তুষারকুমার মজুমদার (বিজেপি) ১০১৩৪৯, সমীর চক্রবর্তী (তৃণমূল কংগ্রেস) ৯৬১২১, শেখ আমজাদ হোসেন (সিপিএম) ২৭৫৫৭
সপ্তগ্রাম: স্বরাজ ঘোষ (বিজেপি) ১০২৪১৪, বিদেশরঞ্জন বসু (তৃণমূল কংগ্রেস) ৭৯১২৫, অনির্বাণ সরকার (সিপিএম) ৯১৯৮
জাঙ্গীপাড়া: প্রসেনজিৎ বাগ (বিজেপি) ১০২৪০৯, স্নেহাশিস চক্রবর্তী (তৃণমূল কংগ্রেস) ১০১৫৪৭, সুদীপ্ত সরকার (সিপিএম) ১৮১৩৮
হরিপাল: মধুমিতা ঘোষ (বিজেপি) ১১৩৩৩২, করবী মান্না (তৃণমূল কংগ্রেস) ১০৯৮৪৪, শেখ মুজফ্‌ফর আলি (আইএসএফ) ১২৫৩৭
তারকেশ্বর: সন্ত পান (বিজেপি) ১১৬৯০১, রামেন্দু সিংহরায় (তৃণমূল কংগ্রেস) ৮৫৯০২, আদেশ খামরুই (সিপিএম) ৯৬১৬
পুড়শুড়া: বিমান ঘোষ (বিজেপি) ১৩৮৮২১, পার্থ হাজারি (তৃণমূল কংগ্রেস) ৮৫৩৬৮, সন্দীপকুমার সামন্ত (সিপিএম) ৮৭৭২
আরামবাগ: হেমন্ত বাগ (বিজেপি) ১২৩০০০, মিতা বাগ (তৃণমূল কংগ্রেস) ৯৪০৪১, বীথিকা পণ্ডিত (সিপিএম) ১১৪১৪
গোঘাট: প্রশান্ত দিগর (বিজেপি) ১৩৪৪৯৮, ডাঃ নির্মল মাজি (তৃণমূল কংগ্রেস) ৮৪৯১৬, মুক্তরাম ধাওড়ে (ফব) ৯১৮৫
খানাকুল: সুশান্ত ঘোষ (বিজেপি) ১২৬৭২৯, পলাশকুমার রায় (তৃণমূল কংগ্রেস) ৯২২৪৬, শেখ সাদ্দাম হোসেন (আইএসএফ) ৮০২১
তমলুক: হরেকৃষ্ণ বেরা (বিজেপি) ১৩৬৫৬৬, দীপেন্দ্রনারায়ণ রায় (তৃণমূল কংগ্রেস) ১০১৮৩৭, নবেন্দু ঘড়া (সিপিআই) ৮৮০১
পাঁশকুড়া পূর্ব: সুব্রত মাইতি (বিজেপি) ১০৯২৬৪, অসীমকুমার মাজি (তৃণমূল কংগ্রেস) ৯১৩৬১, শেখ ইব্রাহিম আলি (সিপিএম) ১১২৩৩
পাঁশকুড়া পশ্চিম: সিন্টু সেনাপতি (বিজেপি) ১৩৭৯১৯, সিরাজ খান (তৃণমূল কংগ্রেস) ১০৫৩৫২, আবজাল আলি শাহ (আইএসএফ) ৮৭০২
ময়না: অশোক দিন্ডা (বিজেপি) ১২৭১৬৬, চন্দন মণ্ডল (তৃণমূল কংগ্রেস) ১১০৯২৫, স্বপনকুমার বর্মন (সিপিআই) ৪৪৯৯
নন্দকুমার: নির্মল খাঁড়া (বিজেপি) ১৩১৪৭৬, সুকুমার দে (তৃণমূল কংগ্রেস) ১০০৮৭৩, চন্দন মাইতি (সিপিএম) ৯০২০
মহিষাদল: সুভাষচন্দ্র পাঁজা (বিজেপি) ১২১৫৮৪, তিলককুমার চক্রবর্তী (তৃণমূল কংগ্রেস) ৯৫৩৪৬, পরিতোষ পট্টনায়েক (সিপিএম) ১১৪৯০
হলদিয়া: প্রদীপকুমার বিজলি (বিজেপি) ১৩২১৮৩, তাপসী মণ্ডল (তৃণমূল কংগ্রেস) ৮৩১২১, অশোককুমার পাত্র (সিপিএম) ১৯১২১
নন্দীগ্রাম: শুভেন্দু অধিকারী (বিজেপি) ১২৭৩০১, পবিত্র কর (তৃণমূল কংগ্রেস) ১১৭৬৩৬, শান্তিগোপাল গিরি (সিপিআই) ২৯৯৭
চণ্ডীপুর: পীযূষকান্তি দাস (বিজেপি) ১২৬০৪৭, উত্তম বারিক (তৃণমূল কংগ্রেস) ১০৫৭৭৭, রীতা দাস (সিপিএম) ৬৫৬৮
পটাশপুর: তপন মাইতি (বিজেপি) ১১৬৫৮৯, পীযূষকান্তি পান্ডা (তৃণমূল কংগ্রেস) ১০৭৫৩৮, সৈকত গিরি (সিপিআই) ৪৫৯৫
কাঁথি উত্তর: সুমিতা সিন্‌হা (বিজেপি) ১৩০০৮৮, দেবাশিস ভুঁইয়া (তৃণমূল কংগ্রেস) ১১০০৩৩, সুতনু মাইতি (সিপিএম) ৪৬৪৫
ভগবানপুর: শান্তনু প্রামাণিক (বিজেপি) ১৩০৫৮৬, মানবকুমার পড়ুয়া (তৃণমূল কংগ্রেস) ১০৯৭০৮, প্রতিভারানি কর শাসমল (আরএসপি) ৩৬৬৫
খেজুরি: সুব্রত পাইক (বিজেপি) ১২৯৮৭৫, রবীনচন্দ্র মণ্ডল (তৃণমূল কংগ্রেস) ৯৭১৮৫, হিমাংশু দাস (সিপিএম) ৫৩৬৫
কাঁথি দক্ষিণ: অরূপকুমার দাস (বিজেপি) ১১৮২১৯, তরুণকুমার জানা (তৃণমূল কংগ্রেস) ৮৬৭৪৭, তেহেরান হোসেন (সিপিআই) ৩৮৬৮
রামনগর: ডাঃ চন্দ্রশেখর মণ্ডল (বিজেপি) ১৩১৮০৮, অখিল গিরি (তৃণমূল কংগ্রেস) ১০৪৮৬৯, অশোককুমার মাইতি (সিপিএম) ৫২৩৯
এগরা: দিব্যেন্দু অধিকারী (বিজেপি) ১৪২৬৭০, তরুণকুমার মাইতি (তৃণমূল কংগ্রেস) ১১৬৯৭৮, সুব্রত পান্ডা (সিপিএম) ৫৭৩৬
দাঁতন: অজিতকুমার জানা (বিজেপি) ১১০২৫৯, মানিক মাইতি (তৃণমূল কংগ্রেস) ৯৯৮৮৩, শ্যামলকান্তি দাসপট্টনায়েক (সিপিআই) ৩৫৮০
নয়াগ্রাম: অমিয় কিস্কু (বিজেপি) ১০০৮৫৭, দুলাল মুর্মু (তৃণমূল কংগ্রেস) ৯৪৪৩৩, ডাঃ পুলিনবিহারী বাস্কে (সিপিএম) ৫৩৩৮
গোপীবল্লভপুর: রাজেশ মাহাতো (বিজেপি) ১১৪৬৮৩, অজিত মাহাতো (তৃণমূল কংগ্রেস) ৮৮০০৮, বিকাশ সারেঙ্গি (সিপিআই) ৩১৪৯
ঝাড়গ্রাম: লক্ষ্মীকান্ত সাউ (বিজেপি) ১২০৮৭৭, মঙ্গল সোরেন (তৃণমূল কংগ্রেস) ৮২৭৩০, অরুণকুমার মাহাতো (সিপিএম) ৬৬০৪

নবান্নে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, রাজ্য সাধারণ সম্পাদক শশী অগ্নিহোত্রী ও সাংসদ সৌমিত্র খাঁ। ছিলেন কেন্দ্রীয় পর্যবেক্ষক সুনীল বনসল। বুধবার। ছবি: দীপক গুপ্ত

গোলমাল করলে দলের বাইরে: শমীক

● ১ পাতার পর

সেই সঙ্গে বিজয় মিছিলের জন্য পুলিশের অনুমতি বাধ্যতামূলক। শমীক এদিন জানান, পশ্চিমবঙ্গের মানুষ নির্দিষ্ট রাজনৈতিক ভোট সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে চেয়েছেন। এই জয় শুধু আমাদের জয় নয়, মানুষের জয়। প্রধানমন্ত্রী জনগণকে আশ্বাস দিয়েছিলেন নির্বাচনের আগে যে, ভয়ের বাতাবরণ থেকে বেরিয়ে ভরসা জোগানো হবে। অনেকে পরিকল্পিত ভাবে এই পরিবেশ নষ্ট করার চেষ্টা করছে। কিছু কিছু জায়গায় সাম্প্রদায়িক সঙ্ঘর্ষ লাগানোর চেষ্টা চলছে। সেটার ওপরেও আমাদের কঠোর নজরদারি আছে।

নবান্ন যাওয়ার আগে এদিন শমীক ভট্টাচার্য বিধাননগরে বিজেপির দলীয় কার্যালয়ে যান। সেখানে তিনি সাংবাদিকদের বলেন, 'ডিজে চলাই উচিত নয়। আমরা চলতে দেব না। এখন যা হচ্ছে তার জন্য সাধারণ মানুষের কাছে ক্ষমা চাইছি। কিন্তু এর সঙ্গে বিজেপির কোনও সম্পর্ক নেই। এগুলো সম্পূর্ণ তৃণমূলের অন্তর্দ্বন্দ্ব। এটাই ওদের দলের ভেতরের রসায়ন। একদল আরেক দলের সঙ্গে গোলমালে জড়াচ্ছে। একদল বেশি পেয়েছে। তাদেরকে মারছে, যারা কম পেয়েছে।' শমীক ভট্টাচার্য জানিয়েছেন, বিভিন্ন জায়গায় তৃণমূল বিজেপির পতাকা ব্যবহার করছে। অটো, টোটো সংগঠনের কাছে গিয়ে তৃণমূলের কর্মীরা বলছে এখন থেকে তারাই বিজেপির নেতা। দমদম স্টেশনেও এরকম অভিযোগ উঠেছে একজনের বিরুদ্ধে। আমরা তাকে খুজছি। জেলে ঢোকাব। একটা সীমা পর্যন্ত আমরা দেখব। অতিক্রম করলে প্রশাসন ব্যবস্থা নেবে। এখন পরিবর্তন হয়েছে। কিন্তু আমাদের সরকার তৈরি হয়নি এখনও। আমরা মুখ্যসচিব, পুলিশ আধিকারিকদের কাছে আবেদন জানিয়েছি, যাতে এগুলো দ্রুত বন্ধ করা হয়। পশ্চিমবঙ্গে ভোটের আগে, ভোটের সময় এবং ভোট– পরবর্তী সব ধরনের হিংসা বন্ধ হওয়া প্রয়োজন।

এদিন মুখ্যসচিব দুষ্যন্ত নারিয়ালা সব জেলাশাসকের সঙ্গে বৈঠক করেন। সকলকে তিনি জানান, রাজ্য পুলিশ এবং সিএপিএফ–এর সাহায্যে প্রত্যেকটা জেলায় শান্তি বজায় রাখতে হবে। কোথাও হিংসা বা সন্ত্রাস বরদাস্ত করা হবে না। তারপরই সব জেলাশাসক ও পুলিশ সুপারকে সঙ্গে নিয়ে সাংবাদিক বৈঠক করে মুখ্যসচিবের নির্দেশ রাজনৈতিক দলের কর্মীদের কাছে পৌঁছে দেন। সব রাজনৈতিক দলের কর্মীদের সতর্ক করে দেন, গোলমালে যুক্ত থাকলে কড়া ব্যবস্থা নেওয়া হবে।

এদিন বিজেপির কার্যালয়ে সাংবাদিক বৈঠক করেন বিজেপির রাজ্যসভার সাংসদ রাহুল সিনহা। তিনি দলের কর্মীদের উদ্দেশে পরিষ্কার বার্তা দেন, 'রাস্তা আটকে বিজয় মিছিল করা যাবে না। বিজয় উৎসব করতে হবে দলীয় কার্যালয়গুলিতে। বিজয় মিছিল সেদিন হবে, যেদিন সত্যি এ রাজ্যকে সোনার বাংলা রূপে প্রতিষ্ঠিত করতে পারব।' রাহুল সিনহা জানান, 'আইনের শাসন প্রতিষ্ঠা করতে দল দায়বদ্ধ। আমরা পুলিশকে সাংবিধানিক দায়বদ্ধতা পালন করতে বলব।' এদিন বিজেপি কার্যালয়ে ছিলেন সাংসদ সৌমিত্র খাঁ। তিনি জানান, এখন তৃণমূলের মধ্যে প্রতিযোগিতা চলছে কে কত বড় বিজেপি হতে পারে। নিজেরাই নিজেদের লোকেদের মারধর করতে বলছে।

অন্যদিকে এদিন লালবাজারে ও ভবানী ভবনে সাংবাদিক বৈঠক করেন কলকাতার নগরপাল অজয় নন্দ ও রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত ডিজি সিদ্ধনাথ গুপ্ত। তাঁরা জানিয়েছেন, রাজ্যের বিভিন্ন প্রান্তে হিংসা, অশান্তির অভিযোগে গ্রেপ্তার হয়েছে এক হাজারেরও বেশি। নগরপাল বলেন, 'বিজয় মিছিল করার জন্য পুলিশের অনুমতি নিতেই হবে। বুলডোজার নিয়ে কোনও র‌্যালি করা যাবে না। কোথাও ভাঙচুর চালানো যাবে না। যারা বুলডোজার ভাড়ায় দেয়, তাদেরও বিষয়টি জানানো হয়েছে। নিউ মার্কেটে যারা বুলডোজার চালিয়েছে, তাদের বিরুদ্ধেও কড়া পদক্ষেপ করা হবে। হিংসা, গোলমাল পাকানোর অভিযোগে কলকাতায় এখনও ৮০ জন গ্রেপ্তার হয়েছে। কিছু জায়গা থেকে আগ্নেয়াস্ত্র বাজেয়াপ্ত হয়েছে।' তিনি আরও বলেন, 'সবাই শান্ত ও সতর্ক থাকুন। গুজবে কেউ কান দেবেন না। কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে কলকাতা পুলিশ যৌথ কন্ট্রোল রুম চালাচ্ছে।' ডিসি শান্তনু সিনহা বিশ্বাসের লুক–আউট নোটিস প্রসঙ্গে তিনি বলেন, 'এ বিষয়ে আমাদের কাছে কোনও খবর নেই।' সিএপিএফ কমান্ড্যান্ট রাজীব কুমার বলেন, 'কেন্দ্রীয় বাহিনী ও পুলিশ একসঙ্গে কাজ করছে। আমরা যথাসাধ্য সুরক্ষা দেব।' অন্যদিকে, মঙ্গলবার রাতে তিলজলা ও তপসিয়ায় গোলমালের ঘটনায় বিভিন্ন ধারায় দু'টি মামলা দায়ের হয়েছে। ৪০ জন অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ। পরিস্থিতি নিয়ন্ত্রণে বলে জানিয়েছেন তিনি।

ডিজি সিদ্ধনাথ গুপ্ত জানান, 'ভোট–পরবর্তী হিংসায় এ পর্যন্ত তিন জনের মৃত্যু হয়েছে। সবচেয়ে বেশি অশান্তি হয়েছে আসানসোল, কোচবিহার, পূর্ব বর্ধমান ও বারুইপুরে। এখনও পর্যন্ত ২০০টিরও বেশি এফআইআর হয়েছে। গ্রেপ্তার হয়েছে ৪৩৩ জন। এছাড়া ১ হাজার ১০০ জনকে সতর্কতামূলক গ্রেপ্তার করা হয়েছে। যে সমস্ত জায়গায় অশান্তি হচ্ছে কিন্তু কোনও এফআইআর হচ্ছে না, সেসব জায়গায় পুলিশকে স্বতঃপ্রণোদিত মামলা করার নির্দেশ দেওয়া হয়েছে।' তিনি জানান, 'বসিরহাটের ন্যাজাট এলাকায় ভেড়ি দখল ঘিরে দুই গোষ্ঠীর মধ্যে অশান্তি হয়।'

লেনিনের মূর্তি ভাঙা হল জিয়াগঞ্জে, নিন্দা মমতার

প্রদীপ দে

বহরমপুর, ৬ মে

মুর্শিদাবাদের জিয়াগঞ্জে লেনিনের মূর্তি ভাঙল দুষ্কৃতীরা। মঙ্গলবার রাতে একদল যুবক লেনিনের মূর্তি ভেঙে দেয়। ঘটনায় তীব্র নিন্দা করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। বুধবার কালীঘাটে জয়ী বিধায়কদের নিয়ে বৈঠকে এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেছেন, 'ওদের সাহস দেখুন, জিয়াগঞ্জে লেনিনের মূর্তি ভেঙে দিয়েছে।' জিয়াগঞ্জের ২ নং ওয়ার্ডে শ্রীপৎ সিং কলেজের সামনেই লেনিনের মূর্তিটি দীর্ঘদিন ধরে রয়েছে। বুধবার সকালে সিপিএমের কর্মীরা ভাঙা লেনিনের মূর্তিকে ওই বেদিতেই আবার স্থাপন করেন। বিজেপির বিধায়ক গৌরীশঙ্কর বলেছেন, 'এমন কাজ আমরা করি না। আমরা খতিয়ে দেখছি। তৃণমূলের লোকেরা এমন কাণ্ড ঘটাতে পারে। বিজেপির কেউ করলে দল ব্যবস্থা নেবে।' মুর্শিদাবাদ পুলিশ জেলার এসপি শচীন মাক্কার বলেন, 'পাঁচ জনকে গ্রেপ্তার করা হয়েছে। ভিডিও ফুটেজ দেখে বাকিদেরও চিহ্নিত করে ধরা হবে।' ঘটনার নিন্দা করেছে সিপিএম। এসইউসিআই (কমিউনিস্ট)–এর রাজ্য সম্পাদক চণ্ডীদাস ভট্টাচার্য বলেছেন, 'এই ঘটনার প্রতিবাদে বৃহস্পতিবার সভা হবে। রাজ্যপালকে দেওয়া হবে স্মারক লিপি।'

ইস্তফা

দক্ষিণ ২৪ পরগনার জেলা প্রাথমিক শিক্ষা সংসদের চেয়ারম্যানের পদ থেকে ইস্তফা দিলেন অজিত নায়েক। বুধবারই পদত্যাগ করেছেন তিনি। যেহেতু তাঁর পদটি সরকার মনোনীত, এবং বিদায়ী সরকার তাঁকে নিয়োগ করেছিল তাই সেই সরকারের মেয়াদ শেষ হওয়ায় নৈতিক কারণে তিনি ইস্তফা দিয়েছেন বলে এদিন জানিয়েছেন অজিতবাবু। তিনি মগরাহাটের রাধানগর ভূতনাথ মেমোরিয়াল ইনস্টিটিউশনের সহকারী প্রধানশিক্ষক। ২০২১ সালের সেপ্টেম্বর মাসে তাঁকে চেয়ারম্যানের পদে বসানো হয়।

শুভেন্দুর আপ্ত সহায়ককে গুলি করে খুন

● ১ পাতার পর

চন্দ্রনাথ রথ

সেই সময় বাইকে করে এসে দুষ্কৃতীরা চন্দ্রনাথকে লক্ষ্য করে খুব কাছ থেকে পর পর কয়েক রাউন্ড গুলি চালায়। গাড়ির সামনের আসনেই বসেছিলেন চন্দ্রনাথ। জানা গিয়েছে, চন্দ্রনাথের বুকে, পেটে ও মাথায় গুলি লাগে। গুরুতর জখম হন গাড়ির চালকও। সঙ্গে সঙ্গে গুরুতর আহত অবস্থায় তাঁদের মধ্যমগ্রামের একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকেরা চন্দ্রনাথকে মৃত ঘোষণা করেন। জানা গিয়েছে, ভবানীপুরে বিজেপি প্রার্থী শুভেন্দুর হয়ে যে 'টিম' কাজ করেছিল, তার অন্যতম সদস্য ছিলেন চন্দ্রনাথ রথ। তিনি আদতে পূর্ব মেদিনীপুরের চণ্ডীপুরের বাসিন্দা হলেও মধ্যমগ্রামে থাকছিলেন। ঘটনার খবর পেয়ে রাতেই মধ্যমগ্রামের ওই হাসপাতালে হাজির হন শুভেন্দু অধিকারী। সেখানে পৌঁছে যান সুকান্ত মজুমদার, অর্জুন সিং–সহ অন্য বিজেপি নেতারা। তাঁরা এই ঘটনার তীব্র নিন্দা জানান। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। যে গাড়ি শুভেন্দুর আপ্ত সহায়কের গাড়ি আটকে ছিল, সেই গাড়িটিও আটক করেছে পুলিশ। সিসি ক্যামেরার ফুটেজও খতিয়ে দেখা হচ্ছে বলে জানান বারাসত পুলিশ জেলার এসপি পুষ্পা।

শব্দরঙ্গ–২৭৪

১				২		৩	
				৪			
		৫					
					৬		৭
৮	৯						
			১০				
১১							
			১২				

পাশাপাশি

১. অনান্তরিক, কৃত্রিম ৪. পরিচালকবৃন্দ ৫. শব্দের বিশেষ সিলেবল বা ধ্বনিদলে যে ঝোঁক পড়ে ৬. নাকের অলঙ্কারবিশেষ ৮. অগ্নি ১০. পাড়া, পল্লি ১১. ললাটে ত্রিশূলের মতো তিলক ১২. বিষাদসিন্ধু।

উপর–নীচ

১. জনশ্রুতি, কিংবদন্তি
২. দাস
৩. দুই দিকের মধ্যস্থল
৫. একেবারে লীন বা লুপ্ত
৬. লজ্জা নেই এমন, বেহায়া
৭. জৌলুস, রঙের শোভা
৯. যেখানে ক্রমাগত খুনজখম হয়
১০. অভ্যাস।

সমাধান–২৭৩

	গ	তি	প্র	কৃ	তি		ম
বো	ঙ্গা				ল		র
	ধ		রা		ক	ল্যা	ণ
সো	র	পো	শ				ধ
না				ব	জ্র	চ	র্মা
লি	জ	জে		লি		ক্র	
আঁ		য়া				যা	ত্রা
শ		দা	রু	দ	হ	ন	

■ শুভজ্যোতি রায়

আজ টিভিতে কী দেখবেন

সিনেমা

● **জি বাংলা সোনার**
সকাল ৯–০০ **স্বার্থপর**, সকাল ১১–৩০ **শতরূপা**, দুপুর ২–৩০ **প্রাণের স্বামী**, বিকেল ৫–০০ **লোফার**, রাত ৮–০০ **দেবীবরণ**, রাত ১০–৩০ **অঞ্জলি**

● **কালার্স বাংলা সিনেমা**
সকাল ৯–৩০ **সংসার সংগ্রাম**, দুপুর ১–০০ **সঙ্গী**, বিকেল ৪–০০ **রণক্ষেত্র**, সন্ধে ৭–০০ **বড় বউ**, রাত

১০–০০ **খোকা ৪২০**

● **কালার্স বাংলা**
দুপুর ২–০০ **নায়ক দ্য রিয়েল হিরো**

● **আকাশ আট**
দুপুর ৩–০৫ **পথ**

● **ডিডি বাংলা**



দুপুর ২–৩০ **অনিন্দিতা**

● **জলসা মুভিজ**
সকাল ১০–০০ **আমি যে কে তোমার**, দুপুর ১২–৪৫ **আশ্রিতা**, বিকেল ৪–১৫ **টাইগার**, সন্ধে ৭–০০ **হিরোগিরি**

জলসা মুভিজ
জেনারেশন আমি
রাত ১০-১৫

আনমোল সিনেমা
তুফান
সন্ধে ৭-০০

বিশেষ অনুষ্ঠান

● **সুস্বাস্থ্য**

থ্যালাসেমিয়া জিনঘটিত রোগ। ব্লাড ডিজঅর্ডারের ফলে রক্তে হিমোগ্লোবিনের মাত্রা কমে যায়। থ্যালাসেমিয়া তিন ধরনের হয়। আলফা থ্যালাসেমিয়া, বিটা থ্যালাসেমিয়া ও থ্যালাসেমিয়া মাইনর। এই রোগ সম্পর্কে সচেতনতা প্রয়োজন। এ বারের সুস্বাস্থ্য অনুষ্ঠানে আলোচনার বিষয়— বিশ্ব থ্যালাসেমিয়া দিবস। লাইভ ফোন–ইন অনুষ্ঠান।
ডিডি বাংলা: সন্ধে ৬-০২

● **আনমোল সিনেমা**
সকাল ৬–৪৭ **আই আই ইয়া করু ম্যায়**



ক্যায়া, সকাল ৮–১৪ **খুন ভরি মাঙ্গ**, সকাল ১০–৫২ **নসীব আপনা আপনা**, দুপুর ১–১৪ **ফুল আউর অঙ্গার**, বিকেল ৪–০৬ **আজ কা অর্জুন**, রাত ১০–২১ **আন্ধা কানুন**

● **কালার্স সিনেপ্লেক্স (এইচডি)**
সকাল ৭–০৫ **জিনে দো: লেট আস লিভ**, সকাল ৯–১৫ **ইনসাফ কি রক্ষক**,

সকাল ১১–১০ **নাটক**, দুপুর ২–০০ **পাটিয়ালা হাউস**, বিকেল ৫–০০ **কাচ্চে লিম্বু**, সন্ধে ৭–২০ **আউজার**, রাত ৯–৫০ **তেবর**

ধারাবাহিক

● **আদি শক্তি আদ্যাপীঠ**

মনোরমার স্বামী অসুস্থ হওয়ায় মনোরমা কাশী ছুটে যায়। মনোরমা মনেপ্রাণে বিশ্বাস করতে থাকে অন্নদা এসে পিসেমশাইকে সুস্থ করে তুলবে। অন্নদা ও মণিকুন্তলা কাশীর উদ্দেশে রওনা হয়। অন্নদা কি মনোরমার সিঁথির সিঁদুর রক্ষা করতে পারবে? কোন দিকে মোড় নেবে আগামী গল্প?
আকাশ আট: সন্ধে ৭-০০

দিনপঞ্জি

বিশুদ্ধ সিদ্ধান্ত: বৃহস্পতিবার, ২৩ বৈশাখ ১৪৩৩, ইং ৭ মে ২০২৬, মুং ১৯ জেল্কদ ১৪৪৭
সূর্যোদয় ঘ ৫।৪।৩৪
সূর্যাস্ত ঘ ৬।১।৪২
তিথি– (বৈশাখ কৃষ্ণপক্ষ) পঞ্চমী দং ১২।৫৫ দিবা ঘ ১০।১৫
নক্ষত্র– পূর্বাষাঢ়া দং ৩৪।১৩ রাত্রি ঘ ৬।৪৬
অন্য পঞ্জিকা: বৃহস্পতিবার, ২৩ বৈশাখ ১৪৩৩, ইং ৭ মে ২০২৬, হিজরি ১৯ জেল্কদ ১৪৪৭

প্রয়োজন

লালবাজার কন্ট্রোল: 100, ট্রাফিক: 1073
পশ্চিমবঙ্গ পুলিস : 2214-5411-16
সিআইডি কন্ট্রোল : 2450-6100
ডিজি কন্ট্রোল : 2214-5087
বিধাননগর কন্ট্রোল : 4063-1111
হাওড়া কন্ট্রোল : 2641-5614
আসানসোল কন্ট্রোল : 0341-2250347
ব্যারাকপুর কন্ট্রোল :2593-2647
হাওড়া জিআরপি : 2641-3256
শিয়ালদা জিআরপি : 2350-3940
নিখোঁজ সংক্রান্ত : 2450-6100
প্রবীণ সুরক্ষা : 98300-88884
নারী সহায়তা: 1091
অ্যাম্বুল্যান্স 102
লাইফকেয়ার: 2475-4628
ইন্ডিয়ান রেডক্রস: 2248-3636
মেডিক্যাল ব্যাঙ্ক: 2554-0084
রাসমণি মিশন: 2867-6031
মীরা সেবাকেন্দ্র: 2411-8316
সেন্ট জনস অ্যাম্বুল্যান্স: 98300-23653
বেল ভিউ ক্লিনিক: 99037-59103/ 82406-09986
দমকল 101
কন্ট্রোল: 2241-4545
হাওড়া: 2666-8111
শিলিগুড়ি: 0353-2502222
রাতের ওষুধ / অক্সিজেন
ধন্বন্তরী: 2454-7941
নন্দন মেডিক্যাল: 2358-1723
জীবনদীপ: 2455-0926
সাউথ ব্যুরো: 2484-4322
বেল ভিউ ক্লিনিক ফার্মেসি: 6688-8888
ব্লাড ব্যাঙ্ক
সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক: 2351-0619
লাইফকেয়ার: 2284-6940/2298
অশোক ব্যাঙ্ক : 2472-0333
বেলভিউ ক্লিনিক: 6688-8888 / 99031-03088
সেবা প্রতিষ্ঠান: 2475-3639/3636
চক্ষুদান
গণদর্পণ: 94330-31504
বন্ধু কর্নিয়া কেন্দ্র: 2663-4178
শববহন
সুরুচি সঙ্ঘ, নিউ আলিপুর: 2400-9950
হিন্দু সৎকার: 2241-3849/ 2050
শ্রীভূমি স্পোর্টিং: 2534-0002
উদয়ের পথে: 98301-73814
যাদবপুর মার্চেন্টস: 2412-8165

পুলিশ পাহারা কলকাতা বিশ্ববিদ্যালয়ে

আজকালের প্রতিবেদন

ডিএসও এবং এবিভিপির মধ্যে সঙ্ঘর্ষের পর কলকাতা বিশ্ববিদ্যালয়ের কলেজ স্ট্রিট ক্যাম্পাসের নিরাপত্তা আরও জোরদার করা হল। জানা গেছে, বিকেল ৫টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের দুটি গেটের বাইরেই পুলিশ মোতায়েন থাকবে। রেজিস্ট্রার দেবাশিস দাস জানিয়েছেন, পুলিশ মোতায়েনের জন্য জোড়াসাঁকো থানায় চিঠি দিয়েছি। সামনে পরীক্ষা রয়েছে। এখন কিছুদিন পুলিশ থাকবে। প্রয়োজনে সন্ধে পর্যন্ত পুলিশ মোতায়েনের কথাও বলা হয়েছে। পুলিশের পাশাপাশি দুটি গেটে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব নিরাপত্তারক্ষীর সংখ্যাও বাড়ানো হয়েছে। পরিচয়পত্র ছাড়া কাউকে ঢুকতে দেওয়া হবে না।

আবহাওয়া

বৃহস্পতিবার — সর্বোচ্চ ৩৪, সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস। হালকা বৃষ্টির সম্ভাবনা।

বুধবার — সর্বোচ্চ ৩৩.৭ (-২), সর্বনিম্ন ২৬.০ (০)। বৃষ্টি হয়নি

আপেক্ষিক আর্দ্রতা: ৯৩% ৬১%

বাংলায় সর্বোচ্চ তাপমাত্রা: পুরুলিয়া ৩৫.৩°

তৃণমূলের বিজয়ী বিধায়কদের নিয়ে বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। রয়েছেন সুব্রত বক্সি, শোভনদেব চট্টোপাধ্যায়, অভিষেক ব্যানার্জি, ফিরহাদ হাকিম ও ডেরেক ওব্রায়েন। বুধবার কালীঘাটে। ছবি: আজকাল

সুপ্রিম কোর্টে যাবেন মমতা

● ১ পাতার পর

দিন সমস্ত দলীয় কার্যালয়ে রবীন্দ্রসঙ্গীত বাজাতে হবে।' এদিন বিধায়কদের উদ্দেশে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেছেন, 'আমি ও চন্দ্রিমা আবার আদালতে প্র্যাক্‌টিস করব। নানারকম কেস হচ্ছে। আমি, চন্দ্রিমা ভট্টাচার্য, বিপ্লব মিত্র, বিমান ব্যানার্জি— সবাই আইনজীবী হিসেবে মামলা দেখব। আমাদের পরবর্তী লক্ষ্য দিল্লি। গোটা ইন্ডিয়া টিম একসঙ্গে লড়াই করব।' অভিষেক ব্যানার্জি বলেন, 'মমতা ব্যানার্জি দল দেখবেন। আমি ছিলাম, আছি, থাকব। যে সমস্ত থানায় অভিযোগ নিচ্ছে না, সেক্ষেত্রে অনলাইনে আমাদের অভিযোগ জানান।'

বৈঠকে উপস্থিত ছিলেন ৬৯ জন জয়ী বিধায়ক ও অন্যান্য নেতাও। বেশ কয়েকজন জয়ী বিধায়ক তাঁদের এলাকার সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে মমতা ব্যানার্জিকে অবহিত করেন। সূত্রের খবর, মমতা ব্যানার্জি তাঁদের নির্দেশ দিয়েছেন, এলাকায় থেকে হিংসার মোকাবিলা করতে হবে। আক্রান্তদের পাশে দাঁড়াতে হবে। এদিন তিনি আবারও বলেছেন, 'নির্বাচনে ভোট লুঠ করেছে বিজেপি।' অভিষেক প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেছেন, 'অভিষেক অনেক পরিশ্রম করেছে। ওকে সবাই অভিবাদন জানান।' জানা গেছে, অনেকেই উঠে দাঁড়িয়ে অভিবাদন জানিয়েছেন। এদিন শৃঙ্খলারক্ষা কমিটি তৈরি করা হয়েছে। তাতে রয়েছেন সাংসদ ডেরেক ও'ব্রায়েন, চন্দ্রিমা ভট্টাচার্য, শুভাশিস চক্রবর্তী এবং অসীমা পাত্র। জানা গেছে, মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকে একই সারিতে বসেছিলেন ফিরহাদ হাকিম, শোভনদেব চট্টোপাধ্যায়, ডেরেক ও'ব্রায়েন, সুব্রত বক্সি এবং অভিষেক ব্যানার্জি।

এদিন মুখ্যমন্ত্রী বলেছেন, রাজ্যের বিভিন্ন প্রান্তে ফল ঘোষণার পর থেকেই দলীয় কার্যালয়ে হামলার ঘটনা ঘটছে। বিভিন্ন জায়গায় ফ্যাক্ট ফাইন্ডিং টিম যাবে। জানা গেছে, তিনটি ফ্যাক্ট ফাইন্ডিং টিম গঠন করা হয়েছে। এদিনের বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেছেন, 'ভোট লুঠ করে হারিয়ে দেওয়া হয়েছে। এই ফলাফল মানুষের রায়ে হয়নি।' গণনাকেন্দ্র দখল করা নিয়েও তিনি অভিযোগ করেছেন। তিনি বলেছেন, 'আমরা লড়াই করে আবার ফিরে আসব। আন্দোলনে নামব। তৃণমূলকে হারানোর জন্য ৬ মাস ধরে রাজ্যে কমিশন, বিজেপি সবাই মিলে একটা অঘোষিত জরুরি অবস্থার পরিস্থিতি তৈরি করেছিল। তৃণমূলকে দমিয়ে রাখা যাবে না।' জানা গেছে, বিধানসভা অধিবেশনের প্রথম দিন প্রতিবাদ হিসেবে সবাইকে কালো পোশাক পরে যেতে বলেছেন। মঙ্গলবার বিকেল ৪টের মধ্যে কলকাতা ও বিভিন্ন জেলার জয়ী বিধায়করা চলে আসেন। প্রত্যেকটি এলাকার পরিস্থিতি সম্পর্কে মুখ্যমন্ত্রী জেনে নেন। তিনি নির্দেশ দিয়েছেন, রুখে দাঁড়িয়ে সব ধরনের পরিস্থিতির মোকাবিলা করতে হবে। বৈঠক শেষে বেরিয়ে যাওয়ার সময় তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ সংবাদমাধ্যমে বলেন, 'একটা অদ্ভুত পরিস্থিতি তৈরি করা হয়েছে। দলীয় অফিস ভাঙচুর করে ওরা অগণতান্ত্রিক কাজ করছে। আমাদের নেত্রী যেমন নির্দেশ দেবেন, সেই মেনেই কাজ হবে। বুলডোজার দিয়ে পার্টি অফিস ভাঙছে। এ ধরনের ঘটনা আমরা সবাই মিলে রুখব।'

মুখ্যমন্ত্রী কে? জল্পনা

● ১ পাতার পর

সম্ভাব্য মন্ত্রী হতে পারেন স্বপন দাশগুপ্ত, অজিত কুমার জানা, শঙ্কর ঘোষ, ইন্দ্রানীল খাঁ, বঙ্কিম ঘোষ, রুদ্রনীল ঘোষ, সুব্রত ঠাকুর, শারদ্বত মুখোপাধ্যায়, রথীন্দ্রনাথ বসু, জগন্নাথ চট্টোপাধ্যায়, সজল ঘোষ, দীপাঞ্জন চক্রবর্তীরা। জানা গিয়েছে, মন্ত্রিসভায় বাংলার সমস্ত অঞ্চল, সমাজের সমস্ত অংশের প্রতিনিধিত্বের দিকে নজর রাখা হয়েছে। এদিন শমীক ভট্টাচার্য জানিয়েছেন, শুক্রবার বিধায়কদের নিয়ে বৈঠক হবে। দলনেতা নির্বাচন হবে। শনিবার ব্রিগেডে সকাল দশটায় শপথগ্রহণ অনুষ্ঠান হবে। থাকবেন নরেন্দ্র মোদি, অমিত শাহ–সহ বিজেপি–শাসিত বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরা। এছাড়া সমাজের বিভিন্ন ক্ষেত্রের প্রতিষ্ঠিত মানুষদের আমন্ত্রণ জানানো হবে। ব্রিগেডে শপথগ্রহণ অনুষ্ঠানের জন্য জোরকদমে চলছে প্রস্তুতি।

ঝড়বৃষ্টি রবিবার পর্যন্ত

আজকালের প্রতিবেদন

উত্তর–পূর্ব উত্তরপ্রদেশ এবং সংলগ্ন এলাকায় রয়েছে ঘূর্ণাবর্ত। আর এর প্রভাবে রাজ্যে বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প হুড়মুড়িয়ে ঢুকছে। এরকম ঝড়বৃষ্টি গরমের মরশুম আসার পর থেকে মাঝে মাঝেই তৈরি হচ্ছে আবহাওয়ার নিয়ম মেনে। এই পরিস্থিতিতে ঝড়বৃষ্টি মোকাবিলার প্রস্তুতি শুরু করল কলকাতা পুরসভা। ঝড়ে পড়ে যাওয়া গাছ, জমা জল দ্রুত সরাতে জরুরি দপ্তরের আধিকারিক থেকে কর্মীদের আপাতত পাঁচ মাস সজাগ থাকার নির্দেশ দিয়ে বিজ্ঞপ্তি জারি করেছে পুর প্রশাসন। চলতি সপ্তাহ জুড়ে বিক্ষিপ্ত ভাবে বজ্রবিদ্যুৎ–সহ ঝড়বৃষ্টির সম্ভাবনা থাকছে বলে পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। রবিবার পর্যন্ত বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম–সহ বিভিন্ন জেলা এবং কলকাতাতেও ঝড়বৃষ্টি হতে পারে। এছাড়াও প্রতি বছর বর্ষার আগে ঘূর্ণিঝড়ের সম্ভাবনাও তৈরি হয়। পুরসভা সূত্রে জানা গেছে, বিজ্ঞপ্তিতে কালবৈশাখী ও বর্ষার মরশুমের আগে এই জরুরি প্রস্তুতি। বিগত বছরগুলোর অভিজ্ঞতা এবং পরিস্থিতির কথা মাথায় রেখে কিছু প্রয়োজনীয় পরিবর্তন করা হয়েছে। পুরসভার কন্ট্রোল রুম থেকে শহরের পরিস্থিতির ওপর নজর রাখতে পুরসভার প্রধান কার্যালয় এবং প্রতিটি বরো অফিসে ২৪ ঘণ্টার কন্ট্রোল রুম চালু রাখতে বলা হয়েছে। এছাড়া নিকাশি দপ্তরের কর্মীদের শহরের ড্রেনেজ নেটওয়ার্ক এবং পাম্পিং স্টেশনগুলির ওপর নিয়মিত নজর রাখতে বলা হয়েছে। পাম্পিং স্টেশনগুলিতে কর্মী মোতায়েন করা হয়েছে। রাতে অতিবৃষ্টি হলে পরিস্থিতি সামলাতে পোর্টেবল পাম্প প্রস্তুত রাখা হয়েছে। পুরসভার ৩৮৬টি পাম্প আছে। এছাড়া ৮৩টির বেশি পোর্টেবল পাম্প প্রস্তুত রাখা হয়েছে। লকগেটগুলিতে ২৪ ঘণ্টা কর্মীরা নজর রাখছেন। জরাজীর্ণ ও বিপজ্জনক বাড়িগুলি চিহ্নিত করে প্রয়োজনীয় সতর্কতা জারি করা হয়েছে। পাঠানো হয়েছে নোটিস। বিদ্যুৎ ও আলোকায়ন দপ্তরকে বাতিস্তম্ভগুলিতে, কোথাও বিদ্যুতের তার খোলা আছে কি না নজর রাখতে বলা হয়েছে।

এন্টালিতে যুবকের রক্তাক্ত দেহ

আজকালের প্রতিবেদন

রাস্তায় এক যুবকের রক্তাক্ত দেহ উদ্ধার হল। মঙ্গলবার রাতে ঘটনাটি ঘটেছে এন্টালি থানা এলাকায়। মৃতের নাম তাপস নস্কর। পেশায় নির্মাণ ব্যবসার সঙ্গে যুক্ত ওই যুবক চৌধুরি রোডের বাসিন্দা। পুলিশের অনুমান, তাঁকে কুপিয়ে খুন করা হয়েছে। মৃতের স্ত্রীর লিখিত অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ প্রসঙ্গে বুধবার কলকাতার নগরপাল অজয় নন্দ বলেন, 'এই ঘটনার নেপথ্যে কোনও রাজনৈতিক যোগসূত্র নেই। দুই অপরাধী গোষ্ঠীর মধ্যে দীর্ঘদিনের সঙ্ঘাতের ফল এটি। নির্মাণ ব্যবসা সংক্রান্ত বিবাদের জেরেই এই ঘটনা ঘটেছে। অপরাধীদের কাউকেই রেয়াত করা হবে না।' পুলিশ সূত্রে খবর, তাপসের বিরুদ্ধে একাধিক অভিযোগ ছিল। নির্বাচনের সময় তাঁকে সতর্ক করে নজরবন্দি রাখা হলেও তিনি এলাকা ছেড়ে পালিয়েছিলেন। তদন্তকারীদের ধারণা, ভোট মিটতেই এলাকায় ফিরলে তাপসের ওপর হামলা চালানো হয়।

নন্দীগ্রামে শুভেন্দু অধিকারীকে ঘিরে উচ্ছ্বাস মানুষের। বুধবার। ছবি: যজ্ঞেশ্বর জানা

বাংলাকে নতুন করে গড়া হবে: শুভেন্দু

● ১ পাতার পর

আমি ডিজিপি–কে দুপুরে ফোন করেছিলাম। তিনি জানালেন, এবার ৫০ থেকে ৬০টা ছোট ছোট এফআইআর হয়েছে। তাও বলছি শান্তি বজায় রাখুন। ডিজিকে বলেছি, দলমত নির্বিশেষে ধর্ম ও সম্প্রদায়ের ওপরে উঠে গুন্ডা দমন করতে হবে।'

শুভেন্দু এদিন জানিয়েছেন, 'নতুন সরকার গঠিত হলে বিগত বছরগুলিতে হওয়া অত্যাচারের তদন্তে বিশেষ কমিশন গঠন করা হবে এবং পুরনো সমস্ত মামলা পুনরায় খোলা হবে। তবে ব্যক্তি বিশেষ অপরাধী হতে পারে, কিন্তু তার পরিবার বা শিশুরা নিরপরাধ। ধৈর্য আর সহ্যই এখন আসল শক্তি।'

রাজ্যে 'ডবল ইঞ্জিন' সরকার আসা প্রসঙ্গে শুভেন্দু বলেন, 'বিজেপি সরকার রাজ্যে বিকাশ ও প্রগতি আনবে। আমাদের নির্বাচনী অঙ্গীকার, হাতে কাজ, পেটে ভাত এবং মাথায় ছাদ। এক বছরের মধ্যে রাজ্যের মানুষ পরিবর্তনের স্বাদ পাবেন। আয়ুষ্মান ভারত প্রকল্প দ্রুত চালু করা হবে। সীমান্ত সুরক্ষা ও নারী নিরাপত্তা নিশ্চিত করা হবে। চুক্তিভিত্তিক কর্মীদের আর্থিক নিরাপত্তা এবং বেকারদের জন্য ভাতার ব্যবস্থা করা হবে। সরকারি কাজের পাশাপাশি বেসরকারি বিনিয়োগ বাড়িয়ে কর্মসংস্থান সৃষ্টি করা হবে।' নন্দীগ্রাম না ভবানীপুর? কোনটা ছাড়বেন? শুভেন্দু বলেন, 'দলের কেন্দ্রীয় নেতৃত্ব যা ঠিক করবে, আমি তা মেনে চলব। ছোটবেলা থেকেই আমি নিয়মানুবর্তিতায় বিশ্বাসী।' নন্দীগ্রামের জন্য আলাদা উন্নয়নের অঙ্গীকার করেন তিনি। পাশাপাশি ভবানীপুরকেও আগলে রাখার প্রতিশ্রুতি দেন। এদিন হরিপুর ও রেয়াপাড়ার সংবর্ধনা অনুষ্ঠানে অংশ নেন তিনি। আগামী ৯ তারিখের পর পুলিশের অনুমতি নিয়ে শান্তিপূর্ণ ভাবে বিজয় মিছিল করার জন্য কর্মীদের নির্দেশ দিয়েছেন তিনি। তাঁর দাবি, 'আপনারা শান্ত থাকলে আমরা ১০০ বছর ক্ষমতায় থাকব এবং মানুষের কাজ করে যাব। তিনি বলে এবার বিজেপি ৪৬ শতাংশ ভোট পেয়েছে। আমাদের এমনভাবে কাজ করতে হবে যাতে অন্তত ৬০ শতাংশ মানুষ আমাদের সমর্থন করে।'

বিধানসভায় অ্যানেক্স বিল্ডিংয়েও প্রস্তুতি

● ১ পাতার পর

২০১৩ সালের মাঝামাঝি সময় থেকে মহাকরণ সংস্কারের কাজ শুরু হয়। এখনও কাজ চলছে। ১ নম্বর গেটের দিকের কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে। চার্চের দিকে মহাকরণের ১ নম্বর গেটের দিকে পূর্ত দপ্তরের অফিস রয়েছে। জানা গেছে, তিনতলার ক্যাবিনেট রুম এবং রোটান্ডা এখনও সংস্কার করা হয়ে ওঠেনি। এখানে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অফিসও রয়েছে। আছে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের অফিস। ছোট ছোট বেশ কয়েকটি ক্যান্টিন আছে। লায়ন্স রেঞ্জের দিকের অংশ সংস্কারের কাজ হয়ে গেছে। এখানে বেশ কিছু বিল্ডিং ছিল। সেগুলি ভাঙা পড়েছে। এখানে একটি বিশাল লাইব্রেরি রয়েছে। প্রচুর বই আছে। দেড়শো বছরের পুরনো রেজিস্ট্রার অফ পাবলিকেশনের অফিস রয়েছে। এখন লিফ্টগুলির সংস্কারের কাজ চলছে। মহাকরণের ছাদে লাগানো হয়েছে সার্নাফিল। ঘর ঠান্ডা রাখতে এটি ব্যবহার করা হয়েছে। সার্নাফিল আনা হয়েছে চীনের সাংহাই থেকে।

পুলিশ ওয়েলফেয়ার কমিটির সদস্যদের নিয়মিত ডিউটিতে ফেরার নির্দেশ

আজকালের প্রতিবেদন

পশ্চিমবঙ্গ পুলিশ ওয়েলফেয়ার কমিটির সদস্যদের অবিলম্বে নিয়মিত সরকারি কাজে ফিরিয়ে আনার নির্দেশ দিল পুলিশ ডিরেক্টরেট। ২০২০ সালে তৎকালীন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির উদ্যোগে এই কমিটি গঠিত হয়েছিল। ডিআইজি (প্ল্যানিং অ্যান্ড ওয়েলফেয়ার) মারফত জারি করা এক বিশেষ নির্দেশিকায় জানানো হয়েছে, ডেভেলপমেন্ট, ওয়েলফেয়ার অ্যান্ড গ্রিভ্যান্স রিড্রেসাল বা ডব্লিউজিআর কমিটিতে নিযুক্ত অথবা ডেপুটেশনে থাকা বহু পুলিশকর্মী ও সহায়ক কর্মী তাঁদের নিয়মিত সরকারি দায়িত্ব পালন করছেন না। এমতাবস্থায় প্রতিটি জেলা পুলিশ সুপার, পুলিশ কমিশনারেট, ব্যাটেলিয়নের কমান্ড্যান্ট এবং সিআইডি ও এসটিএফ–এর মতো গুরুত্বপূর্ণ শাখাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে যাতে দ্রুত সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করে সংশ্লিষ্ট কর্মীদের স্বাভাবিক ডিউটিতে ফিরিয়ে আনা হয়। সূত্রের খবর, প্রশাসনিক স্তরে স্বচ্ছতা ফেরাতে ও কাজের গতি বাড়াতে সংশ্লিষ্ট ইউনিটগুলিকে অবিলম্বে এই নির্দেশ কার্যকর করার কথা বলা হয়েছে। ২০২০ সালে সিভিক ভলান্টিয়ার, ভিলেজ পুলিশ ও নীচের তলার পুলিশকর্মীদের অভাব, অভিযোগ শোনা ও তাঁদের কল্যাণের কথা মাথায় রেখে এই বিশেষ কমিটি গঠন করেছিল রাজ্য সরকার। তবে সূচনালগ্ন থেকেই এই কমিটির ভূমিকা ও নিরপেক্ষতা নিয়ে বিরোধীরা সরব হয়েছিলেন।

Chola
Enter a better life

চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফাইন্যান্স কোম্পানি লিমিটেড
কর্পোরেট অফিস: "চোলা ক্রেস্ট", সি৫৪ ও ৫৫, সুপার বি-৪, থিরু ভি. কা. ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, গুইন্ডি, চেন্নাই- ৬০০ ০৩২, ভারত
রিজিওনাল অফিস: ৫৫ ও ৫৫/১, চৌরঙ্গী রোড, ৫ম তলা, চৌরঙ্গী কোর্ট, রবীন্দ্র সদনে নেহেরু চিলড্রেনস মিউজিয়ামের বিপরীতে, কলকাতা - ৭০০ ০৭১, পশ্চিমবঙ্গ

রুল ৮(১)-এর অধীনে প্রতীকী দখলের বিজ্ঞপ্তি

নিম্নস্বাক্ষরকারী, **মেসার্স চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফাইন্যান্স কোম্পানি লিমিটেড**-এর অনুমোদিত আধিকারিক হিসেবে, 'সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২' (এরপর থেকে 'অ্যাক্ট' বলা হবে)-এর অধীনে এবং 'সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২'-এর রুল ৩-এর সাথে পঠিত ধারা ১৩[১২]-এর অধীনে প্রদত্ত ক্ষমতাবলে, সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের উক্ত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সুদসহ বকেয়া অর্থ পরিশোধের আহ্বান জানিয়ে সংশ্লিষ্ট অ্যাকাউন্টের বিপরীতে উল্লেখিত তারিখে ডিমান্ড নোটিশ জারি করেছিলেন।
ঋণগ্রহীতারা উক্ত অর্থ পরিশোধে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতাদের এবং সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ধারা ১৩[৪]-এর সাথে পঠিত রুল ৮-এর অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিচে বর্ণিত কোম্পানি দ্বারা বন্ধক রাখা সম্পত্তিগুলির **প্রতীকী দখল** গ্রহণ করেছেন, যা প্রতিটি অ্যাকাউন্টের বিপরীতে উল্লেখিত নিজ নিজ তারিখে কার্যকর হয়েছে।
ঋণগ্রহীতাদের এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে তারা যেন নিচে উল্লেখিত সম্পত্তিগুলির বিষয়ে কোনো প্রকার লেনদেন না করেন এবং এই ধরনের কোনো লেনদেন **চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফাইন্যান্স কোম্পানি লিমিটেড**-এর কাছে প্রতিটি অ্যাকাউন্টের বিপরীতে উল্লেখিত অর্থের পরিমাণ, সুদ ও অন্যান্য চার্জের সাপেক্ষে বলে গণ্য হবে।
সিকিউরিটাইজেশন অ্যাক্ট-এর ধারা ১৩[৮]-এর অধীনে, ঋণগ্রহীতারা বিক্রয়ের বিজ্ঞপ্তির আগে সমস্ত খরচ, চার্জ এবং ব্যয় সহ সম্পূর্ণ বকেয়া অর্থ পরিশোধ করে সুরক্ষিত সম্পদটি খালাস করার সুযোগ পাবেন

ক্রমিক নং	ঋণগ্রহীতার নাম ও ঠিকানা এবং লোন অ্যাকাউন্ট নম্বর:	দখলকৃত সম্পত্তির বিবরণ	ক) ডিমান্ড নোটিশের তারিখ খ) বকেয়া অর্থের পরিমাণ গ) প্রতীকী দখলের তারিখ:
১.	**লোন অ্যাকাউন্ট নং: ML01JDN00000081958।** **ধোনা সেখ (আবেদনকারী)** নিভুজি বাজার, কালীনগর, মধ্যপাড়া, হাটকালনা, বর্ধমান, পশ্চিমবঙ্গ -৭১৩৪৩৪। **আশা তাঁত শাড়ি সেন্টার (সহ-আবেদনকারী)** গ্রাম + পাড়া - গ্রাম কালনা, পোস্ট অফিস ধাত্রীগ্রাম, থানা - কালনা, বর্ধমান, পশ্চিমবঙ্গ-৭১৩৪০৫। **ছকিনা বিবি (সহ-আবেদনকারী)** নিভুজি বাজার, কালীনগর, মধ্যপাড়া, হাটকালনা, বর্ধমান, পশ্চিমবঙ্গ-৭১৩৪৩৪।	গ্রামকালনা মৌজায় অবস্থিত, আর.এস. দাগ নং ৪৭৪১, এল.আর. দাগ নং ২৯৭০, জে.এল. নং ৪৮, খতিয়ান নং ৬৩৮১-এর অন্তর্ভুক্ত, থানা কালনা, ধাত্রীগ্রাম গ্রাম পঞ্চায়েতে, জেলা: পূর্ব বর্ধমান, পিন-৭১৩৪০৫-এ অবস্থিত ১৬১৪ বর্গফুটের পাকা কাঠামো সহ ৫ ডেসিমেল জমি। **সীমানা:** উত্তরে - ইব্রাহিম প্রধানের সম্পত্তি, দক্ষিণে - জিব্রাইল সেখের সম্পত্তি, পূর্বে - কিতাব আলী সেখের সম্পত্তি এবং পশ্চিমে - পঞ্চায়েত পথ।	ক) ১১.০২.২০২৬ খ) ২৬,৪১,৫০৩.০০ টাকা (ছাব্বিশ লক্ষ একচল্লিশ হাজার পাঁচশো তিন টাকা মাত্র), ১১.০২.২০২৬ তারিখ অনুযায়ী এবং তার ওপর প্রযোজ্য সুদ। গ) ০৫.০৫.২০২৬
২.	**লোন অ্যাকাউন্ট নং: ML01ASA00000085155।** **রোজিনা খাতুন (আবেদনকারী)** পাটিলাচন্দ্র, পশ্চিম মধ্যমপুর, থানা বসিরহাট, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন-৭৪৩৪২৯। **আফিয়া স্টোরস (সহ-আবেদনকারী)** গ্রাম দক্ষিণ গুলাইচণ্ডী, থানা বসিরহাট, পোস্ট অফিস টাকি, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, কলকাতা - ৭৪৩৪২৯। **মহিউদ্দিন মন্ডল (সহ-আবেদনকারী)** পাটিলাচন্দ্র, পশ্চিম মধ্যমপুর, থানা বসিরহাট, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন-৭৪৩৪২৯।	পাটিলাচন্দ্র মৌজায় অবস্থিত ৫ ডেসিমেল জমি (কম বা বেশি হতে পারে), আর.এস. এবং এল.আর. দাগ নং ২০৭, জে.এল. নং ১৩৩, খতিয়ান নং ১৪৩৬ (পুরানো) যা খতিয়ান নং ২০৬৯-এর অনুরূপ, থানা বসিরহাট, নিমদাঁড়িয়া কোদালিয়া গ্রাম পঞ্চায়েতের সীমানার মধ্যে, এ.ডি.এস.আর. বসিরহাট, উত্তর ২৪ পরগনা জেলা, পিন ৭৪৩৪২৯। **সীমানা:** উত্তরে - নরান ঘোষ এবং অন্যান্য, দক্ষিণে - ৫ ফুট চওড়া সাধারণ হাঁটার রাস্তা, পূর্বে - রুহুল আমিন মন্ডল, পশ্চিমে - বাহাউদ্দিন মন্ডল।	ক) ১১.০২.২০২৬ খ) ২০,৫৩,৬৮২.০০ টাকা (কুড়ি লক্ষ তিপ্পান্ন হাজার ছয়শো বিরাশি টাকা মাত্র), ১১.০২.২০২৬ তারিখ অনুযায়ী এবং তার ওপর প্রযোজ্য সুদ। গ) ০৫.০৫.২০২৬
৩.	**লোন অ্যাকাউন্ট নং: XOHEANO00003397502, HE01ANO00000050364 ও X0HEANO00003247479।** **রূপা মজুমদার,** কল্যাণগ্রাম-৪, পোস্ট অফিস-আচড়া, থানা সালানপুর, ঘিয়াডোবা, আসানসোল, পশ্চিম বর্ধমান - ৭১৩৩৩৫। **কৃষাণু মজুমদার** কল্যাণগ্রাম-৪, পোস্ট অফিস-আচড়া, থানা সালানপুর, ঘিয়াডোবা, আসানসোল, পশ্চিম বর্ধমান - ৭১৩৩৩৫। **মেসার্স লাইফ কেয়ার** কল্যাণগ্রাম-৪, পোস্ট অফিস-আচড়া, থানা সালানপুর, ঘিয়াডোবা, আসানসোল, পশ্চিম বর্ধমান - ৭১৩৩৩৫।	ঘিয়াডোবা মৌজায় অবস্থিত ১৬.৫ ডেসিমেল জমি ও কাঠামো (কম বা বেশি হতে পারে), আর.এস. প্লট নং ৬৩৭ ও ৬৪৩, এল.আর. খতিয়ান নং ৩৯৭ যা ৮৪৯-এর অনুরূপ, জে.এল. নং ৪২, থানা সালানপুর, কল্যাণগ্রাম রোড, জিতপুর উত্তররামপুর গ্রাম পঞ্চায়েতের অধীনে, জেলা পশ্চিম বর্ধমান, পিন ৭১৩৩৩৫। **সীমানা:** উত্তরে - প্লট নং ৬৪৪, দক্ষিণে - প্লট নং ৬৪৩, পূর্বে - রূপা মজুমদারের জমি এবং পশ্চিমে - প্লট নং ৬৩৭।	ক) ১৮.০২.২০২৬ খ) ৪৫,৯০,১৮০.০০ টাকা (পঁয়তাল্লিশ লক্ষ নব্বই হাজার একশো আশি টাকা মাত্র), ১৮.০২.২০২৬ তারিখ অনুযায়ী এবং তার ওপর প্রযোজ্য সুদ। গ) ০৪.০৫.২০২৬
৪.	**লোন অ্যাকাউন্ট নং: ML01ASA00000022943 ও ML01ASA00000017007।** **নারায়ণ সাহা (আবেদনকারী)** সুভাষনগর, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ - ৭০০১২১। **সুদীপ সাহা (সহ-আবেদনকারী)** সুভাষনগর, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ - ৭০০১২১। **সাহা এন্টারপ্রাইজ (সহ-আবেদনকারী)** সুভাষনগর, সুভাষনগর এফ ব্লক, নীলগঞ্জ বাজার, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭০০১২১। **সুমিতা সাহা (সহ-আবেদনকারী)** সুভাষনগর, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ - ৭০০১২১।	ফতেয়াবাদ মৌজায় অবস্থিত ১ কাঠা ১৫ ছটাক বাস্তু জমি (এল.আর. দাগ নং ৯, খতিয়ান নং ৪৬৫-এর অধীনে ১ কাঠা এবং এল.আর. দাগ নং ১১, খতিয়ান নং ৪৬৫-এর অধীনে ১৫ ছটাক), যার উপর গ্রাউন্ড ফ্লোরে ৯০৩ বর্গফুট এবং ফার্স্ট ফ্লোরে ৪০৩ বর্গফুট পরিমাপের একটি দোতলা বিল্ডিং রয়েছে। সুভাষনগর, ব্লক এফ, জে.এল. নং ১৪, এল.ও.পি. নং ৪৬৫, তৌজি নং ১৪৬, সি.এস. ও আর.এস. প্লট ৯ (পি) ও ১১(পি), হোল্ডিং নং ৫৬৩৯, ইচ্ছাপুর নীলগঞ্জ গ্রাম পঞ্চায়েতের অধীনে, থানা দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা ৭০০১২১। ইজমেন্ট রাইট, বৈদ্যুতিক ইনস্টলেশন সহ ফিটিংস ও ফিক্সচার এবং যাতায়াতের জন্য সাধারণ পথ ও ফাঁকা জায়গা ব্যবহারের অধিকার সহ। **সীমানা:** উত্তরে - শিবু রায়ের বাড়ি, দক্ষিণে - দীপঙ্কর সাহার বাড়ি, পূর্বে - ১০ ফুট চওড়া রাস্তা এবং পশ্চিমে - নারায়ণ সরকারের বাড়ি।	ক) ১১.০২.২০২৬ খ) ২০,৭০,৩৯৪.০০ টাকা (কুড়ি লক্ষ সত্তর হাজার তিনশো চুরানব্বই টাকা মাত্র), ১১.০২.২০২৬ তারিখ অনুযায়ী এবং তার ওপর প্রযোজ্য সুদ। গ) ০৬.০৫.২০২৬

তারিখ: ০৭.০৫.২০২৬
স্থান: বর্ধমান, উত্তর ২৪ পরগনা, আসানসোল (পশ্চিমবঙ্গ)

অনুমোদিত আধিকারিক
চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফাইন্যান্স কোম্পানি লিমিটেড

RP-Sanjiv Goenka Group
Growing Legacies

CESC LIMITED

CESC Limited
CIN : L31901WB1978PLC031411
Registered Office : CESC House, Chowringhee Square, Kolkata 700 001
E-mail ID: secretarial@rpsg.in; Website: www.cesc.co.in, Tel: (033) 2225 6040; Fax: (033) 2225 3495

EXTRACT OF AUDITED CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31 MARCH 2026

(Rs. in Crore)

PARTICULARS	Quarter ended 31.03.2026 (Audited)	Quarter ended 31.12.2025 (Unaudited)	Quarter ended 31.03.2025 (Audited)	Year ended 31.03.2026 (Audited)	Year ended 31.03.2025 (Audited)
Total Income from operations	4192	4099	4030	18927	17375
Net Profit for the period (before tax and exceptional items)	653	385	467	2119	1783
Net Profit for the period before tax (after exceptional items)	653	385	467	2119	1783
Net Profit for the period after Tax (after exceptional items)	459	304	386	1618	1429
Total comprehensive income for the period	440	301	374	1579	1416
Paid-up Equity Share Capital (Shares of Re 1/- each)	133	133	133	133	133
Other Equity as per latest audited Balance Sheet				12397	11877
Earnings Per Share (EPS) (Rs.) (Face value of Re 1/- each)					
Basic & Diluted (not annualised)	3.31	2.15	2.82	11.63	10.33

Notes :

1. Additional information on Standalone Audited Financial Results :

(Rs. in Crore)

PARTICULARS	Quarter ended 31.03.2026 (Audited)	Quarter ended 31.12.2025 (Unaudited)	Quarter ended 31.03.2025 (Audited)	Year ended 31.03.2026 (Audited)	Year ended 31.03.2025 (Audited)
Total Income from operations (including other income)	2224	2080	2213	9939	9765
Net Profit for the period (before tax and exceptional items)	319	219	278	1125	1062
Net Profit for the period before tax (after exceptional items)	319	219	278	1125	1062
Net Profit for the period after tax (after exceptional items)	223	176	218	852	800
Total comprehensive income for the period	202	174	207	815	785
Paid-up Equity Share Capital (Shares of Re 1/- each)	133	133	133	133	133
Other Equity	9584	9428	9752	9584	9752
Securities Premium	-	-	-	-	-
Net worth	9717	9561	9885	9717	9885
Paid up Debt Capital/Outstanding Debt	11054	11209	11601	11054	11601
Outstanding Redeemable Preference Shares	Nil	Nil	Nil	Nil	Nil
Debt Equity Ratio	1.1	1.2	1.2	1.1	1.2
Earnings Per Share (EPS) (Rs.) (Face value of Re 1/- each)					
Basic & Diluted (not annualised)	1.69	1.33	1.64	6.43	6.03
Capital Redemption Reserve	Nil	Nil	Nil	Nil	Nil
Debenture Redemption Reserve	Nil	Nil	Nil	Nil	Nil
Debt Service Coverage Ratio (net of proceeds utilised for Refinancing)	1.5	0.8	2.5	1.2	1.3
Debt Service Coverage Ratio (net of Prepayments & proceeds utilised for Refinancing)	1.5	0.9	2.8	1.4	1.6
Interest Service Coverage Ratio	2.9	2.6	2.8	2.8	2.7

2. The above is an extract of the detailed format of Financial Results for the quarter and year ended on 31 March 2026, filed with the Stock Exchanges under Regulations 33 and 52(4) of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the consolidated and standalone Financial Results for the quarter and year ended on 31 March 2026, are available on the Stock Exchanges websites (**www.nseindia.com** and **www.bseindia.com**) and on the Company's website (**www.cesc.co.in**). The Full Results can be accessed by scanning the QR code provided below:

Place : Kolkata
Date : 6th May, 2026

By Order of the Board

Brajesh Singh
Managing Director (Generation)
(DIN : 10335052)

Vineet Sikka
Managing Director (Distribution)
(DIN : 10627000)

আজকাল

৪৬ বর্ষ ৪৩ সংখ্যা ২৩ বৈশাখ ১৪৩৩ বৃহস্পতিবার ৭ মে ২০২৬

‘বদলা নয় বদল চাই’

প্রচলিত কথা, নতুন সরকারের মধুচন্দ্রিমা এক বছর। এই সময়টা যে-কোনও নতুন সরকারকেই দিতে হবে। বিজেপি-র সঙ্কল্পপত্রে বেশ কিছু প্রতিশ্রুতি ছিল। রাজ্যবাসী আশা করবেন, সেই সঙ্কল্প বা প্রতিশ্রুতি পূরণ হবে। কেন্দ্রেও যেহেতু বিজেপি-র সরকার, কিছু সুবিধা রাজ্য সরকার নিশ্চয় পাবে। রাজ্যের প্রাপ্য বকেয়া অর্থের বড় অংশ এবার আসবে। বড় প্রকল্প, আশা করা যায়, রাজ্যে আসবে, কেন্দ্রের প্রত্যক্ষ সহায়তায়। তাতে যদি কর্মসংস্থানের পথ খুলে যায়, রাজ্যবাসী উপকৃত হবেন। গভীর সমুদ্র বন্দরের মতো প্রকল্প পড়ে আছে বহুদিন, এবার তা যদি পাওয়া যায়, ভাল কথা। দীর্ঘস্থায়ী পরিকাঠামো গড়ার কথা বলা হয়েছে। প্রয়োজনীয় কাজটা কেন্দ্রের সাহায্যে করা গেলে, মানুষ খুশি হবেন। সাম্প্রতিক নির্বাচন কার্যত অসম যুদ্ধ ছিল কি না, কেন্দ্রীয় সরকার তথা নির্বাচন কমিশন যথাযথ দায়িত্ব পালন করেছে কি না, লেভেল প্লেয়িং ফিল্ড আদৌ ছিল কি না, এই বিতর্ক আছে, চলবে। কিন্তু, বাস্তব হল এই যে, নতুন সরকার এসেছে এবং সেই সরকারের কাছে রাজ্যবাসীর বিপুল প্রত্যাশা থাকবে। এই প্রত্যাশা পূরণে কিছু সময় দিতেই হবে, বলা বাহুল্য। কোনও রকম বিভাজনকে প্রশ্রয় দেওয়া হবে না, মিলেমিশে যাতে থাকতে পারে বাঙালি, আশা করা হবে। বঙ্গজয়ের পর দলীয় দপ্তরে বক্তৃতা দিয়েছেন প্রধানমন্ত্রী মোদি। ভবিষ্যতের যে-ছবি দেখিয়েছেন, তা সত্যি হলে রাজ্যের উপকার হবে। আপাতত একটা কথা বলা যাক। প্রধানমন্ত্রী বলেছেন, ‘বদলা নয়, বদল চাই।’ কথাটা আমাদের কাছে পুরনো নয়। নির্বাচনের ফল বেরোনোর পর নানা জায়গা থেকে হিংসার খবর এসেছে। প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি পূরণ করে নতুন সরকার হিংসা দমন করুক, প্রাথমিক দাবি মানুষের।

প্রি য় স ম্পা দ ক

অভিনয়-জীবনের শতবর্ষ

ভারতীয় সিনেমার প্রথম সুপারস্টার কে? অনেক নাম উঠে আসবে। তবে বাংলার সিনেমার নায়িকাদের কথা বলতে হলে, যাঁর নাম বলতে হবে, তিনি কাননদেবী। লড়াই আর আত্মসম্মানটা ছিল তাঁর শুরু থেকেই। ৯-১০ বছর বয়সে বাবার অকালমৃত্যুর পরে বিপুল অঙ্কের পিতৃঋণ চেপেছিল কানন আর তাঁর মায়ের ওপর। প্রচণ্ড লড়াই করতে করতে প্রথম সিনেমায় আত্মপ্রকাশ ১৯২৬ সালে। জয়দেব নামের ওই সিনেমা তখন ছিল নির্বাক। পারিশ্রমিক পেয়েছিলেন ৫ টাকা। কাননদেবীর অভিনয়-জীবনের শতবর্ষ চলছে। আমাদের প্রণাম। হাওড়ায় থাকি বলেই তাঁর সিনেমা-জীবনের শতবর্ষের কথা আজকাল-এর পাঠকদের সঙ্গে ভাগ করে নিচ্ছি। ২২ এপ্রিল ছিল তাঁর জন্মদিন। কাননদেবীও ছিলেন হাওড়ারই মেয়ে। হাওড়াবাসী হিসেবে গর্ব হয় বইকি।

● *শ্রীলেখা চ্যাটার্জি*
দাশনগর, হাওড়া

জার্মান সংস্থা বাংলায় আসতে চাইছে

সামনেই হাঁস-ফাঁস করা গরম আসছে বলেই কি এইরকম চিন্তাভাবনা মাথায় কিলবিল করে উঠল। যদি কোনও একদিন সকালে খবরের কাগজে এইরকম কোনও খবর এল সবাইকে অবাক করে! খবরটি কী? কৌতূহল নিরসন করার জন্যই সম্পাদক মহাশয়কে এই পত্র লেখা, খবরটি এইরকম— সম্প্রতি ‘ফ্যাব-ভাগেন’ নামে একটি জার্মান সংস্থা ‘ন্যানো’ টেকনোলজির অভূতপূর্ব ব্যবহার নিয়ে ভারতে আসছে। উল্লেখযোগ্য, এই শিল্প গড়ে তোলার জন্য সংস্থাটি প্রথম পর্যায়ে পশ্চিমবঙ্গে আসার ইচ্ছা প্রকাশ করেছে। এ ব্যাপারে রাজ্যের শিল্পমন্ত্রীর সঙ্গে নবান্নে একপ্রস্থ আলোচনাও হয়েছে বলে সংস্থাটি দাবি করেছে। আলোচনা ইতিবাচক হয়েছে, কারণ শিল্পমন্ত্রী তাদের কারখানা গড়ার জন্য জমি দেওয়ার আশ্বাস দিয়েছেন। সাংবাদিক সম্মেলনে সংস্থার এক মুখপাত্র পরিধেয় বস্ত্র তৈরির কাপড়ের ওপর ‘ন্যানো’ টেকনোলজি ব্যবহার এবং তার ফলাফল ব্যাখ্যা করেন। এই টেকনোলজি ব্যবহার করে তারা এমন এক কাপড় তৈরি করবে, যা ঋতু পরিবর্তন ও পরিবেশের তাপমাত্রার সঙ্গে তারতম্য বজায় রেখে মানবদেহের স্বস্তিদায়ক তাপমাত্রা রক্ষা করবে। মোদ্দা কথা, এই কাপড়ের তৈরি বস্ত্র পরিধান করলে শীতে গরম আবার গরমে ঠান্ডা অনুভূত হবে। পরিবেশের তাপমাত্রা বিচার করে জামা-কাপড়ের রং বদল করতে পারবেন আপনি নিজেও। এই টেকনোলজিতে পরিধেয় বস্ত্রে ধুলো-বালি কম জমবে, রঙের দাগ লাগলেও তা স্থায়ী হবে না। ফলে ডিটারজেন্টের খরচ প্রায় নেই বললেই চলে। সর্বোপরি আপনার বাতানুকূল যন্ত্রের ব্যবহার কমে যাবে। এতে বিদ্যুতের বিলের বিরাট সাশ্রয় হবে। তবে এ খবর জানার পর বাংলার লোক প্রথম উল্লসিত হবে এটা বলা বাহুল্য কিন্তু তার সঙ্গে সঙ্গে তাদের মনে নিরাশার একটা চোরা স্রোতও বইতে পারে। ইতিহাস বলছে ‘ন্যানো’ শব্দটির সঙ্গে বঙ্গবাসীর অভিজ্ঞতা মোটেই সুখকর নয়। ন্যানো গাড়ির কারখানা গড়েও আন্দোলনের জেরে এ রাজ্যকে টা-টা করে চলে যেতে হয়েছিল টাটা শিল্প গোষ্ঠীকে। ভয় একটাই, রাজ্যে আসতে ইচ্ছুক এই ‘ফ্যাব-ভাগেন’ নামে বিদেশি সংস্থাটির রাজনীতির খেলায় ভাগতে হবে না তো? কল্পনাটি অলীক হলেও যদি বাস্তবায়িত হয়, তা হলে মন্দ হবে না।

● *দেবব্রত ঘোষ*
সল্টলেক, কলকাতা ৯১

মনীষা কৈরালা উবাচ

গ্রহণযোগ্যতা তো আর এমনি এমনি অর্জন করা যায় না। সৌন্দর্যকে কি কোনও সীমানা দিয়ে বেঁধে রাখা যায়? বয়স বাড়ার সঙ্গে সঙ্গে সৌন্দর্য এবং শক্তি, সাধারণত নিম্নমুখী হয়। এটা নিয়ে নিজের সঙ্গে নিজের লড়াই কাম্য নয়। এ কথা বলেছেন চলচ্চিত্র অভিনেত্রী মনীষা কৈরালা। দুরারোগ্য ব্যাধিতে ভুগছিলেন। সুস্থ হওয়ার পথে নিজেই বলছেন, ‘বয়স বেড়ে যাওয়ার সঙ্গে সঙ্গে অনেক কিছুই খোয়াতে হয়। এটা আমি মেনে নিয়েছি। তাই, শান্তিতে জীবন কাটাতে পারছি।’ এখানেই থেমে না গিয়ে মনীষা বলেছেন, ‘সত্যি কথা মেনে নিতে হয়। নিজের সম্পর্কে ভুলভাল তথ্য বিতরণ করা মোটেই উচিত নয়। লাভ কী? পরে তো জানাজানি হলে যে গ্রহণযোগ্যতা তৈরি হয়েছিল তা নিমেষে মাটিতে মিশে যায়।’ মনীষা বলেছেন একেবারে অন্তর থেকে। নিজের বোধ হারিয়ে ফেলতে চাননি। একথা বলে মনীষা কিন্তু পরোক্ষে জনসমাজকেও একটি বার্তা দিতে চেয়েছেন— বাস্তবকে মেনে নিন। এর ফলে অনেক বেশি শান্তি অনুভব করবেন। আমার বয়স ৭২। আমরা ক’জন এভাবে আত্মসমালোচনা করে শান্তির পথ ধরতে পারি?

● *ছন্দা ভট্টাচার্য*
শ্রীরামপুর, হুগলি

‘জনৌষধি’র আড়ালে প্রতারণা

সুলভ মূল্যে উন্নতমানের জেনেরিক ওষুধ সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে ভারত সরকার ‘প্রধানমন্ত্রী জনৌষধি পরিযোজনা’ চালু করেছিলেন। সরকারের এই উদ্যোগ শুরুতে সাধারণ মানুষের মধ্যে ব্যাপক আশার সঞ্চার করেছিল। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয়, বর্তমানে কিছু অসাধু ব্যবসায়ীর কারণে এই প্রকল্পের মূল উদ্দেশ্যটি মুনাফা অর্জনের আখড়ায় পরিণত হয়েছে। জানি না প্রধানমন্ত্রীর দপ্তরে এ সংবাদ আছে কিনা!

বেশ কয়েক বছর ধরে লক্ষ করা যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর ছবি লাগিয়ে জনৌষধি কেন্দ্রের পরিচালক বা দোকানদাররা সরকারি জেনেরিক ওষুধের বদলে বিভিন্ন অখ্যাত ও অচেনা ব্র্যান্ডের ওষুধ দিয়ে দোকান ভরিয়ে রাখছেন। সাধারণ মানুষ যখন সরকারি জনৌষধি ওষুধ কিনতে চান, তখন অধিকাংশ ক্ষেত্রেই ‘সাপ্লাই নেই’ বলে ব-কচ্ছপ মার্কা ব্র্যান্ডেড ওষুধ গছিয়ে দেওয়ার যে প্রবণতা তৈরি হয়েছে, তা জনস্বাস্থ্যের জন্য খুবই উদ্বেগজনক। দরিদ্র, নিরক্ষর ও স্বল্পশিক্ষিত মানুষ ‘জনৌষধি’ নামটির ওপর ভরসা করে সেই ওষুধ কিনছেন, যা অনেক ক্ষেত্রে কার্যকর হচ্ছে না বলে অভিযোগ উঠছে। পরিস্থিতির এমন অবনতি হয়েছে যে, পাঁচটি প্রয়োজনীয় ওষুধের মধ্যে অন্তত দু-তিনটি অখ্যাত কোম্পানির ওষুধ নিতে বাধ্য করা হচ্ছে।

অধিক মুনাফার লোভে অখ্যাত কোম্পানি, সাপ্লায়ার ও দোকানদারদের মধ্যে যে এক অশুভ আঁতাঁত গড়ে উঠেছে তা আজ দিবালোকের মতো স্পষ্ট। এ ছাড়া অধিকাংশ ক্ষেত্রে ক্রেতাদের বৈধ ক্যাশমেমো দেওয়া হয় না। কোনও সচেতন নাগরিক প্রতিবাদ করলে বা মেমো চাইলে, কৌশলে ব্র্যান্ডেড ওষুধের পরিবর্তে জনৌষধি ওষুধের জেনেরিক নাম ও কোড-নং লিখে দেওয়া হচ্ছে, যার সঙ্গে ওষুধের ব্যাচ নম্বর বা উৎপাদন তারিখের কোনও মিল থাকে না, থাকার কথাও নয়। ফলে প্রতারিত ক্রেতার পক্ষে কোনও প্রমাণ রাখা সম্ভব হচ্ছে না। এমনকী প্রতিবাদ করলে পরবর্তী সময়ে ওষুধ না দিয়ে ফিরিয়ে দেওয়ার মতো হয়রানিও করা হচ্ছে।

তাই এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর এবং স্বাস্থ্য মন্ত্রকের কাছে বিনীত আবেদন—এই গুরুতর বিষয়টি খতিয়ে দেখা হোক। প্রতিটি কেন্দ্রে নিয়মিত পরিদর্শন এবং ওষুধের গুণমান যাচাই করা অত্যন্ত জরুরি। দেশের সাধারণ মানুষের স্বাস্থ্য নিয়ে এই ছিনিমিনি খেলা বন্ধ করতে অবিলম্বে এর বিরুদ্ধে কঠোর পদক্ষেপ করা খুবই জরুরি।

● *সংগ্রাম অগস্তি*
হরিদেবপুর, কলকাতা ৮২

চিঠি লিখুন ইমেলেও priyo_sampadak@aajkaal.net

যুদ্ধে নির্ধারক পদাতিক বাহিনীই

সুব্রত বিশ্বাস

আধুনিক একবিংশ শতাব্দীর রণক্ষেত্রে প্রযুক্তির আস্ফালন আমাদের চোখ ধাঁধিয়ে দিচ্ছে। হাইপারসনিক মিসাইল, কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন স্বায়ত্তশাসিত ড্রোন এবং মহাকাশ থেকে পরিচালিত নিখুঁত লক্ষ্যভেদী হামলা এখন যেকোনও দেশের সামরিক শ্রেষ্ঠত্বের মাপকাঠি। এই ‘পুশ-বটম’ বা বোতাম টেপা যুদ্ধের যুগে বিশ্ব জুড়ে সামরিক নীতি নির্ধারকদের মধ্যে একটি বিপজ্জনক ধারণা দানা বেঁধেছে— অনেকেই বিশ্বাস করতে শুরু করেছেন যে, আধুনিক সঙ্ঘাতগুলো কেবল ডিজিটাল স্ক্রিন, স্যাটেলাইট এবং দূরপাল্লার মারণাস্ত্রের মাধ্যমেই জয় করা সম্ভব। কিন্তু ইতিহাসের দীর্ঘ পথপরিক্রমা এবং অতি সাম্প্রতিক যুদ্ধগুলির গভীর বিশ্লেষণ এক অমোঘ সত্যকে সামনে আনে— প্রযুক্তি হয়তো শত্রুর অবকাঠামো গুঁড়িয়ে দিতে পারে, কিন্তু তা কোনও অঞ্চলের ওপর রাজনৈতিক কর্তৃত্ব বা স্থায়ী শান্তি প্রতিষ্ঠা করতে পারে না। যুদ্ধের চিরন্তন ব্যাকরণ আজও অপরিবর্তিত। কেবল ধ্বংস মানেই বিজয় নয়, বরং ভূখণ্ড এবং জনগণের ওপর সরাসরি নিয়ন্ত্রণই একটি যুদ্ধের প্রকৃত ও চূড়ান্ত সমাপ্তি ঘটায়।

বিগত এক শতাব্দী ধরে সামরিক ইতিহাসের পাতা উলটালে দেখা যায়, ‘দূরত্ব থেকে বিজয়’ অর্জনের মোহ বার বার ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। আকাশ বা জলপথে যতই বিধ্বংসী আক্রমণ চালানো হোক না কেন, পদাতিক বাহিনীর সরাসরি পদচিহ্ন ছাড়া কোনও বড় সঙ্কটের সমাধান হয়নি।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের দিকে তাকালে দেখা যায়, মিত্রশক্তির নজিরবিহীন বিমান হামলা জার্মানি ও জাপানের বড় বড় শিল্পকেন্দ্রগুলিকে ধ্বংসস্তূপে পরিণত করেছিল। কিন্তু নাৎসি জার্মানি তখনই নিঃশর্ত আত্মসমর্পণ করতে বাধ্য হয়েছিল, যখন মিত্রশক্তির সৈন্যরা সশরীরে বার্লিনের রাজপথে প্রবেশ করে প্রতিটি দালানের নিয়ন্ত্রণ নিয়েছিল। একই ভাবে, জাপানের আত্মসমর্পণ ত্বরান্বিত হয়েছিল তাদের মূল ভূখণ্ডে সরাসরি আক্রমণ ও দীর্ঘস্থায়ী দখলদারিত্বের হুমকির মুখে। ধ্বংস শত্রুর লড়াই করার ক্ষমতা কমিয়ে দিয়েছিল ঠিকই, কিন্তু প্রকৃত বিজয় এসেছিল স্থলভাগের অধিকার নেওয়ার মাধ্যমেই।

ভিয়েতনাম যুদ্ধ এই তত্ত্বের আরও একটি শক্তিশালী উদাহরণ। মার্কিন যুক্তরাষ্ট্রের হাতে ছিল বিশ্বের শ্রেষ্ঠ প্রযুক্তি এবং তারা ভিয়েতনামের ওপর যে পরিমাণ বোমা বর্ষণ করেছিল, তা ইতিহাসের যেকোনও যুদ্ধের থেকে বেশি। তা সত্ত্বেও আমেরিকা সেখানে রাজনৈতিক লক্ষ্য অর্জন করতে পারেনি। কারণ, তারা সাধারণ মানুষের হৃদয় এবং ভিয়েতনামের কর্দমাক্ত মাটির ওপর নিয়ন্ত্রণ রাখতে ব্যর্থ হয়েছিল। এই যুদ্ধের অবসান তখনই ঘটেছিল, যখন উত্তর ভিয়েতনামের সৈন্যরা সরাসরি দক্ষিণের ভূমি দখল করে নিজেদের পতাকা উড়িয়েছিল।

১৯৯৯ সালের কোসোভো যুদ্ধকে অনেক সময় কেবল আকাশপথে জেতা যুদ্ধ হিসেবে প্রচার করা হয়। নেটোর ৭৮ দিনের টানা বোমা হামলা সার্বীয় বাহিনীকে পিছু হটতে বাধ্য করেছিল ঠিকই, কিন্তু গভীর পর্যবেক্ষণে দেখা যায় ভিন্ন চিত্র। সার্বিয়া তখনই নতি স্বীকার করেছিল যখন তারা বুঝতে পেরেছিল যে নেটোর একটি বিশাল স্থলবাহিনী সীমান্তে আক্রমণের জন্য প্রস্তুত এবং কোসোভো লিবারেশন আর্মি মাটিতে প্রবল প্রতিরোধ গড়ে তুলেছে। যুদ্ধ শেষে যখন নেটোর নেতৃত্বাধীন শান্তিরক্ষীবাহিনী কোসোভোয় প্রবেশ করে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখার দায়িত্ব নেয়, কেবল তখনই বিজয় পূর্ণতা পায়। স্থলভিত্তিক নিরাপত্তা কাঠামো ছাড়া সেখানে সাধারণ মানুষের সুরক্ষা বা রাজনৈতিক উদ্দেশ্য কোনওটিই টেকসই হত না।

বিগত এক শতাব্দী ধরে সামরিক ইতিহাসের পাতা উলটালে দেখা যায়, ‘দূরত্ব থেকে বিজয়’ অর্জনের মোহ বার বার ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। আকাশ বা জলপথে যতই বিধ্বংসী আক্রমণ চালানো হোক না কেন, পদাতিক বাহিনীর সরাসরি পদচিহ্ন ছাড়া কোনও বড় সঙ্কটের সমাধান হয়নি।

অন্য দিকে, রাশিয়ার চেচনিয়া অভিযান আমাদের দেখায় যে, উচ্চ প্রযুক্তির উচ্চাকাঙ্ক্ষা যখন ঘনবসতিপূর্ণ শহরের অলিগলিতে গেরিলা প্রতিরোধের মুখোমুখি হয়, তখন পরিস্থিতি কতটা ভয়াবহ হতে পারে। প্রথম চেচেন যুদ্ধে রাশিয়া কেবল তাদের যান্ত্রিক ও কারিগরি শ্রেষ্ঠত্বের ওপর ভরসা করে গ্রোজনিতে ট্যাঙ্কবাহিনী পাঠিয়েছিল, কিন্তু স্থানীয় যোদ্ধাদের হাতে তারা শোচনীয় ভাবে পরাজিত হয়। এটি প্রমাণ করে যে, জটিল পরিবেশে বিমান বা শক্তিশালী ট্যাঙ্কও একজন দক্ষ পদাতিক সৈন্যের বিকল্প হতে পারে না। দ্বিতীয় চেচেন যুদ্ধে রাশিয়া আকাশ ও স্থলপথে ব্যাপক ধ্বংসযজ্ঞ চালালেও, তাদের বিজয় নিশ্চিত করতে হয়েছিল দীর্ঘ সময় ধরে চালানো কঠোর ‘কাউন্টারইনসারজেন্সি’ বা বিদ্রোহ দমন অভিযানের মাধ্যমে, যা মূলত ছিল বুটের তলায় মাটি ধরে রাখার লড়াই।

১৯৭১ সালের ভারত-পাকিস্তান যুদ্ধও ছিল এই সমন্বিত রণকৌশলের এক উজ্জ্বলতম উদাহরণ। ভারতীয় বিমানবাহিনীর আকাশপথে নিরঙ্কুশ আধিপত্য এবং নৌবাহিনীর বঙ্গোপসাগর অবরোধ পাকিস্তানকে চারপাশ থেকে বিচ্ছিন্ন করে ফেলেছিল। এই সুযোগকে কাজে লাগিয়ে ভারতীয় পদাতিক বাহিনী এবং মুক্তিবাহিনীর গেরিলা যোদ্ধারা দুর্গম নদীপথ পাড়ি দিয়ে এবং শত্রুঘাঁটিগুলোকে কৌশলে এড়িয়ে সরাসরি ঢাকার উপকণ্ঠে পৌঁছে যায়।

একই ভাবে ২০২০ সালের নাগোর্নো-কারাবাখ যুদ্ধে আজারবাইজান ড্রোনের ব্যবহারকে অনন্য উচ্চতায় নিয়ে যায়। তাদের ‘বায়রাকতার টিবি২’ এবং ‘সুইসাইড ড্রোন’গুলি আর্মেনিয়ার ট্যাঙ্ক ও এয়ার ডিফেন্স সিস্টেমকে অকেজো করে দিয়েছিল।

কিন্তু লক্ষ করার বিষয় হল, আজারবাইজান কেবল আকাশপথের ড্রোনের ওপর নির্ভর করেনি। ড্রোনের মাধ্যমে তারা যে সুযোগ তৈরি করেছিল, তা কাজে লাগিয়ে তাদের বিশেষ কমান্ডো ও পদাতিক বাহিনী এগিয়ে যায়। যখন আজারবাইজানের সৈন্যরা কৌশলগত ভাবে গুরুত্বপূর্ণ ‘শুশা’ শহরটি সশরীরে দখল করল, কেবল তখনই আর্মেনিয়া যুদ্ধবিরতিতে সই করতে বাধ্য হয়। অর্থাৎ ড্রোন এখানে যুদ্ধের পথ প্রশস্ত করেছিল, কিন্তু বিজয় সম্পন্ন করেছে সাধারণ সৈনিকরাই।

যুদ্ধের ধরন ও চরিত্র দ্রুত পাল্টাচ্ছে— এটি এখন আগের চেয়ে অনেক বেশি নির্ভুল, জটিল এবং দ্রুতগতিসম্পন্ন। কিন্তু যুদ্ধের মূল দর্শন বা ‘কোর লজিক’ আজও অটল। একটি জনপ্রিয় সামরিক প্রবাদ অনুযায়ী ‘ক্ষেপণাস্ত্র আঘাত করতে পারে, বিমান শক্তি আধিপত্য বিস্তার করতে পারে, নৌবাহিনী বিচ্ছিন্ন করে দিতে পারে, কিন্তু কেবল একজন সৈনিকই পারে কোনও এলাকা দখল, নিয়ন্ত্রণ এবং যুদ্ধের প্রকৃত সমাপ্তি টানতে।’

যুদ্ধের বিজয় কেবল ধ্বংসস্তূপ তৈরির মধ্যে সীমাবদ্ধ নয়, একটি নতুন রাজনৈতিক পরিস্থিতি এবং প্রশাসনিক ব্যবস্থা গড়ে তোলার নাম, যা কেবল তখনই সম্ভব যখন সেখানে রক্তমাংসের মানুষের উপস্থিতি একটি শাসনব্যবস্থা কায়েম করতে পারে। আমরা স্বীকার করি বা না করি, যুদ্ধের পরিকল্পনা হয়তো ল্যাবরেটরিতে বা ডিজিটাল স্পেকট্রামে তৈরি হয়, কিন্তু এর চূড়ান্ত ফয়সালা আজও হয় সেই কর্দমাক্ত মাটির রাজপথে এবং শহরের অলিগলিতে।

লেখক প্রাক্তন আইএএস

শ্রীরামকৃষ্ণদেবের স্মৃতিবিজড়িত বাড়ি

প্রদীপকুমার সেনগুপ্ত

উত্তর কলকাতার পাথুরিয়াঘাটা স্ট্রিটে শ্রীরামকৃষ্ণদেবের স্মৃতি বিজড়িত এক ঐতিহাসিক বাড়ি যদুলাল মল্লিকের বাড়ি। সাধারণ মানুষ বলেন মল্লিকদের বাড়ি। আবার কেউ কেউ বলেন রাজবাড়ি। বিশাল দু-মহলা চারতলা বাড়ি, সাবেকি ডিজাইনের লোহার রেলিং দিয়ে ঘেরা। বিশাল দুটি প্রবেশদ্বারের একটি তালাবন্দি, অপরটি হাট করে খোলা। কলকাতার ধনী ব্যবসায়ী নিমাই চরণ মল্লিকের অষ্টম পুত্র মতিলাল মল্লিক এই বাড়ি তৈরি করেছিলেন। হিসেব কষলে দেখা যাবে এই বাড়ির বয়স একশো পঞ্চাশ বছরেরও বেশি। বয়সের ছাপ রয়েছে বাড়ির চতুর্দিকেই। বাড়িতে দুটি মহল। আগে বলা হত অন্দরমহল আর বারমহল। অন্দরমহল বাইরে থেকে রংচঙে থাকলেও বারমহলে যেন আনাচে- কানাচে জন্ম নিয়েছে নানা গাছ-গাছালি। ছাদের আলসের কোণায় দখল নিয়ে মাথা তুলে দাঁড়িয়ে বট-অশ্বত্থ, আর ঝুরি নামিয়ে দেওয়ালকে যেন আঁকড়ে ধরতে চাইছে। অন্তঃপুরের প্রবেশ পথেও ময়লার ছোপ। বাড়ির চত্বরে বিশাল সাবেকি ঢঙে ঠাকুরদালান, মন্দির। এখানেই যদুলাল প্রতিষ্ঠা করেছিলেন শ্যামসুন্দর ও রাজরাজেশ্বর শালগ্রাম শিলা, আর রয়েছে কুলদেবী আদ্যাস্বরূপাদেবী সিংহবাহিনী। যদুলালের আমলে ঠাকুর শ্রীরামকৃষ্ণদেব এখানে হামেশাই আসতেন। ঠাকুর আর যদুলালের অন্তরঙ্গতা, কথোপকথন বিষয়ে কথামৃততেও উল্লেখ আছে। ঠাকুরদালানের সামনে বেশ কিছুটা জায়গা রেলিং দিয়ে ঘেরা। তখনকার দিনে ওইখানে যাত্রাপালা হত। ঠাকুরদালানের একদিকে কাঠের ঝিলিমিলি দিয়ে ঘেরা বারান্দা। যদুলালের আমলে এ বাড়ির অন্তঃপুরবাসিনীরা ওখানে বসে যাত্রাগান পরখ করতেন। আর অন্যদিকে বারান্দা খানিকটা ঘিরে আজ এ বাড়ির অফিসঘর। এ দালান থেকে ও দালানে যাওয়ার জন্য রয়েছে কাঠের পুল। সব কিছুতেই বয়সের ছাপ আর মলিনতা স্পর্শ করলেও আজ এসব বিগত গৌরবকে মনে করিয়ে দেয়। দোতলার বারান্দার রেলিংয়ের ওপর কাঠের তৈরি সে যুগের পাখি পাল্লা দিয়ে আর এক প্রস্থ কাঠের পাঁচিল আজও শোভা পাচ্ছে। এটা সেই আমলের বাড়ির অন্তঃপুরবাসিনীদের আব্রু রক্ষার ব্যবস্থা, যাতে বাইরের লোক তাঁদের মুখ দর্শন করতে না পারে। আজ এসব অতীত। নেই যদুলাল। নেই তাঁর আমল। হারিয়ে গেছে সে আমলের আভিজাত্য আর বনেদিয়ানা। একটা সময় আসে সত্যটিও যখন ইতিহাসে পর্যবসিত হয়। যদুলালের পিতা মতিলাল, তাঁর পৈতৃক লবণ আর ব্যাংকিং-এর মাধ্যমে প্রভূত অর্থ উপার্জন করেছিলেন। পরবর্তীকালে সেই ব্যবসা বন্ধ করে জমি জমা বাড়ানোর দিকে নজর দিয়ে প্রচুর জমি ও বাড়ি করেন। তাঁর সহধর্মিণী রঙ্গনমণিদেবীও ছিলেন উদার ধর্মপ্রাণা, দানশীলা রমণী। সাধারণ মানুষ তাঁকে রানি আখ্যা দিয়েছিলেন। যুগাবতার শ্রীরামকৃষ্ণ তাঁকে মাতৃবৎ স্নেহ করতেন। বহুবার রঙ্গনমণি দেবীর হাতে করে দেওয়া খাবার তৃপ্তির সঙ্গে গ্রহণ করেছেন। তদানীন্তন বাংলার ছোটলাট স্যর চার্লস ইলিয়াট যদুলালের বন্ধু ছিলেন। যদুলালকে লর্ড বলে সম্বোধন করতেন। ছোট লাট বলতেন, লর্ড আপনি যদি একটু মিটমাট প্রকৃতি ধারণ করেন তাহলে রাজ উপাধি আপনার পায়ে গড়াগড়ি দেবে। প্রসঙ্গত, যদুলাল দু-দু’বার রাজ উপাধি পেয়েও তা প্রত্যাখ্যান করেন তার প্রতিবাদী চরিত্রের জন্য। ১৮৭৩ সালে তৎকালীন সরকার মনোনীত কলিকাতা মিউনিসিপ্যালিটি কমিশনার পদ গ্রহণ করে দীর্ঘ বারো বার ওই পদে থাকার পর ১৮৮৫ সালে স্বেচ্ছায় পদত্যাগ করেন। যদুলাল মল্লিকের কর্মধারা ছিল দিকে দিকে প্রসারিত। ছিলেন জাতীয় কংগ্রেসের একজন প্রতিষ্ঠাতা। শিয়ালদা পুলিশ কোর্টের অবৈতনিক ম্যাজিস্ট্রেট। বেঙ্গল এশিয়াটিক সোসাইটি, ভারতীয় কৃষিবিজ্ঞান অ্যাসোসিয়েশন ইত্যাদির সদস্য ছিলেন। তাঁর দানশীলতার ধরনই ছিল আলাদা। সম্পূর্ণ আড়ম্বরহীন। তাঁর তীর্থ বাসনা ছিল প্রবল। যেতেন বন্ধুবান্ধব, আত্মীয়-স্বজন সহ। তখন রেলগাড়ি ছিল না বলে একটি পুরো জাহাজ ভাড়া নিয়ে আত্মীয় ও বন্ধু-সহ পুরীধামে তীর্থ করতে গিয়েছিলেন। স্বাধীনচেতা, বাগ্মী যদুলাল মল্লিক ১৮৯৪ সালে ৫ ফেব্রুয়ারি মাত্র একান্ন বছর বয়সে পরলোক গমন করেন। রেখে যান তাঁর দরাজ হস্তে দানশীলতা কীর্তি, আর শ্রীরামকৃষ্ণ স্মৃতি বিজড়িত বাড়ি আর ঠাকুরদালান। বর্তমানে যদুলালের দু-মহলা বাড়িতে অন্দরমহল আর বারমহলে তাঁর পরবর্তী ষষ্ঠ প্রজন্মের ছয় ঘর শরিকেরা বাস করেন। আজ যদুলাল, তাঁর আমল, বনেদিয়ানা, জাঁকজমক— সবই বিগত ইতিহাস।

তবুও মল্লিক বাড়ির কুলদেবী সিংহ বাহিনীর রোজ সকাল-সন্ধ্যায় আরতিতে ধূপের সুবাস, বাতাসে পঞ্চপ্রদীপের সলতে পোড়ার গন্ধ, পুরোহিতের হাতের ঘণ্টাধ্বনি আর উদাত্ত মন্ত্রোচ্চারণ সব মিলে মিশে আজও অতি বড় অবিশ্বাসীরও গা যেন ছমছমিয়ে ওঠে।

দ্বিতীয় উত্তর সম্পাদকীয়র জন্য ৬০০ শব্দে লেখা পাঠানোর মেল— sampadokiyo@aajkaal.net

তথ্য

ভারতে ১৯৮২ সালে কেরলে প্রথম ইভিএম (ইলেকট্রনিক ভোটিং মেশিন) ব্যবহার করা হয়।

দে মু

আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেডের পক্ষে অরুণকুমার ঘোষ কর্তৃক বি পি-৭, সেক্টর-৫, বিধাননগর, কলকাতা-৭০০০৯১ ও অফিস ব্লক, জি-২১২, সিটি সেন্টার, শিলিগুড়ি-৭৩৪০১০ থেকে প্রকাশিত এবং আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, বি পি-৭, সেক্টর-৫, বিধাননগর, কলকাতা-৭০০০৯১ ও সিইআই প্রিন্ট সলিউশন প্রাঃ লিঃ, ৪ মাইল, সেবক রোড, পোঃঅঃ- শালুগাড়া (শালুগাড়া রিলায়েন্স মার্কেটের বিপরীতে), শিলিগুড়ি-৭৩৪০০৮ থেকে মুদ্রিত। **সম্পাদক: অশোক দাশগুপ্ত**। Published from BP-7, Sector-V, Bidhannagar, Kolkata-700091; Office Block, G-212, City Centre, Siliguri-734010 and printed at Aajkaal Publishers Pvt. Ltd., BP-7, Sector-V, Bidhannagar, Kolkata-700091; CEI Print Solution Pvt. Ltd., 4 Mile, Sevoke Road, P.O. Salugara (Opposite to Salugara Reliance Market), Siliguri-734008 by Arun Kumar Ghosh On behalf of Aajkaal Publishers Pvt. Ltd. **Editor: Asoke Dasgupta**. ফোন: (০৩৩) ৪০৮২০৮০০, ৬৬১৫৮৮০০। Phone: (033) 40820800, 66158800, E-mail: mail@aajkaal.net

REGD. NO. KOL RMS/243/2019-2021 RNI NO: R.N. 37263/81

বাংলায় চালু হবে পিএমশ্রী

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৬ মে

বাংলার ভোটে ক্ষমতাবদল হয়েছে। বিজেপি দুই–তৃতীয়াংশ আসন নিয়ে সরকার গড়ছে। কেন্দ্রীয় সরকার এবার চালু করবে পিএমশ্রী (প্রধানমন্ত্রী স্কুলস ফর রাইজিং ইন্ডিয়া) প্রকল্প। জানা গিয়েছে, বাংলায় রাজনৈতিক পালাবদলের পর এ রাজ্যে এই প্রকল্প বাস্তবায়নে নতুন করে উদ্যোগী হয়েছে। শিক্ষা মন্ত্রকের এক শীর্ষ আধিকারিক জানিয়েছেন, দ্রুত এমওইউ (মউ) স্বাক্ষর করে প্রকল্প চালু করার অনুরোধ জানানো হবে। পিএমশ্রী প্রকল্পের লক্ষ্য হল দেশ জুড়ে প্রায় ১৪,৫০০টি স্কুলকে আধুনিক ও মডেল শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা, যা জাতীয় শিক্ষানীতি ২০২০–র সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। পশ্চিমবঙ্গের বিদায়ী তৃণমূল সরকার এবং তামিলনাড়ুর ডিএমকে সরকার এর আগে ওই প্রকল্প নিজেদের রাজ্যে চালু করতে দেয়নি। সেই সংক্রান্ত মউ স্বাক্ষরও করেনি। কেন্দ্রের নীতি হল, মউ স্বাক্ষর করলে তবেই পিএমশ্রী প্রকল্পের সুবিধা, অনুদান মিলবে। এদিকে, শিক্ষা মন্ত্রক শিগগিরি স্কুলস্তরে একটি নতুন মানসিক স্বাস্থ্য নীতি চালু করতে চলেছে। জুন মাসের প্রথম সপ্তাহে এটি প্রকাশ করা হতে পারে। এই নীতিতে স্কুলে কাউন্সেলিং, ছাত্রদের মানসিক চাপ দ্রুত শনাক্তকরণ এবং সামগ্রিক মানসিক বিকাশে নজর দেওয়ার ওপর জোর দেওয়া হবে।

‘ভোট চুরি’: সরব রাহুল

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৬ মে

ভোট চুরি ইস্যুতে ফের সুর চড়ালেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। বিজেপিকে নিশানা করেছেন তিনি। লোকসভার বিরোধী দলনেতা বুধবার দাবি করেছেন, লোকসভায় বিজেপির প্রতি ছ'জন সাংসদের মধ্যে একজন ‘ভোট চুরি’ করে জয়ী হয়েছেন। তিনি প্রশ্ন তোলেন, বিজেপির ভাষাতেই কি তাদের ‘ঘুসপেটিয়া’ বলা উচিত? সদ্য হওয়া বিধানসভা নির্বাচনে বাংলা ও অসমে বিজেপি ভোট লুঠ করেছে বলে আগেই অভিযোগ করেছেন বিরোধী শিবিরের শীর্ষ নেতারা। মমতা ব্যানার্জি, অখিলেশ যাদব, মেহবুবা মুফতি থেকে রাহুল গান্ধী, বিজেপি ও নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে সরব হয়েছেন। বাংলায় ভোট চুরি হয়েছে বলেও অভিযোগ তুলেছেন তাঁরা।

এদিন এক্স পোস্টে কংগ্রেস নেতা রাহুল গান্ধী বলেছেন, সুষ্ঠু নির্বাচন হলে লোকসভায় বিজেপি ১৪০টির বেশি আসন জিততে পারবে না। দেশের একাধিক রাজ্যে ভোট চুরি করে সরকার গঠনের অভিযোগ তুলে রাহুল বলেছেন, কখনও আসন, আবার কখনও পুরো সরকারই ‘ভোট চুরি’ করে গঠন করা হচ্ছে। হরিয়ানার বিধানসভা ভোটের প্রসঙ্গ টেনে তিনি দাবি করেন, সেখানে পুরো সরকারই যেন ‘ঘুসপেটিয়া’। রাহুল গান্ধীর অভিযোগ, বিজেপি বিভিন্ন প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করে ভোটার তালিকা ও নির্বাচনী প্রক্রিয়াকে প্রভাবিত করছে। এর আগেও তিনি বিজেপির বিরুদ্ধে পশ্চিমবঙ্গ ও অসমের বিধানসভা নির্বাচনের ফলাফলকে ‘জনমত চুরি’ বলে অভিহিত করেছিলেন।

ডিএমকে-র সঙ্গত্যাগ, বিজয়কে সমর্থন কংগ্রেসের

আবু হায়াত বিশ্বাস
দিল্লি, ৬ মে

ভোটের ফলাফলের পর বদলে গেল শরিক। ভোট মিটতেই কংগ্রেসের সঙ্গে এমকে স্ট্যালিনের ডিএমকের সম্পর্ক ছিন্ন হল। তামিলনাড়ুতে সরকার গঠনে টিভিকে দলকে সমর্থন জানাল কংগ্রেস। শর্তসাপেক্ষে অভিনেতা সি জোসেফ বিজয়ের দলকে সরকার গঠনের জন্য সমর্থনের কথা আনুষ্ঠানিক ভাবে ঘোষণা করা হয়েছে বুধবার। কংগ্রেস জানিয়েছে, কেবল এবারের সরকার গঠনের জন্য নয়, ভবিষ্যতে স্থানীয়, লোকসভা ও রাজ্যসভা ভোটেও তারা টিভিকে জোটেই থাকবে। তবে শর্ত হল, কোনও সাম্প্রদায়িক শক্তির সঙ্গে হাত মেলানো চলবে না। বিজয়ের সঙ্গে কংগ্রেস হাত মেলানোয় ইতিমধ্যে অসন্তোষ প্রকাশ করেছে ডিএমকে শিবির। কংগ্রেসকে ‘বিশ্বাসঘাতক’ বলে আক্রমণ শানিয়েছেন ডিএমকে–র মুখপাত্র সারাভানন আন্নাদুরাই। তিনি বলেন, ‘কংগ্রেসের কোনও এক অতিচালাক ব্যক্তি গোটা পরিস্থিতিটা গুলিয়ে দিয়েছেন।’

কংগ্রেসের পাশাপাশি ভিসিকে, আইইউএমএল, সিপিআই, সিপিএমের মতো দলেরও সমর্থন চেয়েছেন বিজয়। তামিলনাড়ুতে সরকার গঠনের দাবি জানাতে এদিন বিকেলে টিভিকে প্রধান বিজয় লোকভবনে গিয়ে রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকারের সঙ্গে সাক্ষাৎ করেন। সরকার গঠনের জন্য প্রয়োজনীয় সংখ্যার তালিকা তিনি রাজ্যপালের হাতে তুলে দিয়েছেন বলে জানা গিয়েছে। তবে এখনই ডিএমকে–কংগ্রেসের জোটে আস্থা রাখতে পারছেন না রাজ্যপাল। সুতরাং আগামিকাল শপথগ্রহণ হচ্ছে না।

তামিলনাড়ুতে দীর্ঘদিন ডিএমকের জোট–সঙ্গী ছিল কংগ্রেস। এবারে ভোটেও তাদের সঙ্গে জোট করেই লড়েছিল কংগ্রেস। বিজয়ের দল জাদু সংখ্যা থেকে সামান্য কয়েকটি আসন দূরে আটকে যায়। এই পরিস্থিতিতে কংগ্রেসের সমর্থন চেয়েছিল টিভিকে। কংগ্রেস নেতৃত্ব আলোচনার পর রাজ্য কংগ্রেসের ওপর সিদ্ধান্ত নেওয়ার ভার ছাড়ে। তামিলনাড়ুতে একক দল হিসেবে সবচেয়ে বেশি ভোট পেয়েছে টিভিকে। জিতেছে ১০৭টি আসন। তবে সরকার গঠনের জন্য চাই অন্তত ১১৮টি আসন।

পাঞ্জাবে জোড়া বিস্ফোরণ

অপারেশন সিঁদুরের বর্ষপূর্তির আগে পাঞ্জাবে জোড়া বিস্ফোরণ। জলন্ধরের কয়েক ঘণ্টা পর বিস্ফোরণ হল অমৃতসরে। মঙ্গলবার রাত ৮টা নাগাদ বিএসএফের পাঞ্জাব ফ্রন্টিয়ারের সদর দপ্তরের বাইরে প্রথম বিস্ফোরণটি হয়। এরপর রাত ১১টা নাগাদ অমৃতসরের খাসার আর্মি ক্যান্টনমেন্টের কাছে বিস্ফোরণ হয়। পুলিশ জানিয়েছে, হতাহতের কোনও খবর নেই। জোড়া বিস্ফোরণের তদন্ত শুরু হয়েছে।

খড়্গপুর ডিভিসনে ওয়াটার ভেন্ডিং মেশিন ও এমপিএস চুক্তির জন্য ই-অকশন বিজ্ঞপ্তি

ই-অকশন বিজ্ঞপ্তি নং: কেজিপি/এমপিএসঅ্যান্ডডব্লুভিএম/২০২৬ তারিখ: ০৫.০৫.২০২৬

ভারতের রাষ্ট্রপতির তরফে সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, খড়্গপুর ডিভিসন, দক্ষিণ পূর্ব রেলওয়ে ওয়াটার ভেন্ডিং মেশিন ও এমপিএস চুক্তি প্রদানের জন্য ই-অকশন আহ্বান করছেন: ● খড়্গপুর ডিভিসনে ৫ (পাঁচ) বছর সময়কালের জন্য খড়্গপুর (৩টি), বালেশ্বর (২টি), সাঁতরাগাছি (১টি), মেদিনীপুর (১টি), ঘাটশিলা (১টি), ঝাড়গ্রাম (১টি), জলেশ্বর (১টি) এবং হিজলী (১টি) রেলওয়ে স্টেশনে ওয়াটার ভেন্ডিং মেশিন স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য ই-অকশন ক্যাটালগ যা **ক্যাটালগ নং: কেজিপি-ডব্লুভিএম-২৬-০১**-এ দর্শিত আছে। **অকশনের তারিখ:** ১৪.০৫.২০২৬। **অকশন শুরু/বন্ধের সময়:** যথাক্রমে সকাল ১০টা ও বেলা ১২.১০ মিনিট।

● খড়্গপুর ডিভিসনে ৫ (পাঁচ) বছর সময়কালের জন্য সাঁতরাগাছি (৪টি), পাঁশকুড়া (১টি), বালেশ্বর (১টি), বালিচক (১টি), মেচেদা (১টি), খড়্গপুর (২টি), শালিমার (৭টি), বেলদা (১টি), রূপসা (১টি), বস্তা (১টি), ঝাড়গ্রাম (১টি), জলেশ্বর (৫টি), কাঁথি (২টি), দীঘা (২টি), সোরো (১টি), চাকুলিয়া (১টি), মার্কোণা (১টি) এবং দাঁতন (১টি) রেলওয়ে স্টেশনে এমপিএস ইউনিটের ব্যবস্থার জন্য ই-অকশন ক্যাটালগ যা **ক্যাটালগ নং: কেজিপি-এমপিএস-২৬-০১**-তে দর্শিত আছে। **অকশনের তারিখ:** ১৫.০৫.২০২৬। **অকশন শুরু/বন্ধের সময়:** যথাক্রমে সকাল ১০টা ও বিকাল ৪টা যা ওয়েবসাইট **https://www.ireps.gov.in**-এ বিজ্ঞাপিত আছে। এজেন্সি/ক্যাটারিং কন্ট্র্যাক্টরদের এই বিষয়ে মনোযোগ দিতে হবে এবং বিস্তারিত বিবরণ ও ই-অকশন বিজ্ঞপ্তি সম্পর্কিত তথ্যের জন্য উপরোক্ত ওয়েবসাইট দেখতে হবে। কোন জিজ্ঞাস্য/স্পষ্টীকরণের জন্য যদি থাকে, নিম্নে স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করুন।

(PR-133) সিনিয়ার ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, খড়্গপুর

দক্ষিণ পূর্ব রেলওয়ে
প্রসন্নচিত্তে রেল পরিষেবা

কেরলে বিধায়ক দলের বৈঠক আজ

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৬ মে

নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে কেরলে সরকার গঠন করতে চলেছে কংগ্রেস। আজ, বৃহস্পতিবার বিধায়ক দলের বৈঠক অনুষ্ঠিত হবে। মুখ্যমন্ত্রী পদ নিয়ে সিদ্ধান্ত নেবে দলের হাইকমান্ডের ওপর ছেড়ে দেওয়া হবে। কেরলে মুখ্যমন্ত্রীর দৌড়ে রয়েছেন কেসি বেণুগোপাল, ভি ডি সতীশন এবং রমেশ চেন্নিথালা।

কেরলে কংগ্রেসের বড় অংশ এমন কাউকে মুখ্যমন্ত্রী চাইছেন যিনি রাজ্য–রাজনীতিতে সক্রিয়। বিশেষ করে, বিরোধী দলনেতা ভিডি সতীশনের নাম বেশি শোনা যাচ্ছে। তবে, কংগ্রেস শীর্ষ নেতৃত্বের কাছে কেসি বেণুগোপালের নামেও দাবি উঠেছে। হাইকমান্ডের আস্থাভাজন হলেও বেণুগোপাল জননেতা নন। কেরলে মাঠে–ময়দানে নেমে দীর্ঘদিন রাজনীতি করেননি। সেটা করেছেন বিরোধী দলনেতা ভিডি সতীশন ও প্রবীণ কংগ্রেস নেতা রমেশ চেন্নিথালারা। কঠিন সময়ে বিধায়কদের পাশে থেকেছেন তাঁরা। কাজেই হাইকমান্ডের কাছেও মুখ্যমন্ত্রী পদ নিয়ে সিদ্ধান্ত নেওয়া কঠিন হয়ে উঠেছে।

১২ মে শপথ নতুন মন্ত্রিসভার

আজকালের প্রতিবেদন

অসম

প্রথা মেনে বুধবার মুখ্যমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিলেন হিমন্ত বিশ্বশর্মা। এদিন গুয়াহাটি লোকভবনে (আগের রাজভবন) গিয়ে তিনি রাজ্যপাল লক্ষ্মণপ্রসাদ আচার্যের হাতে ইস্তফাপত্র তুলে দেন। রাজ্যপাল তাঁকে নতুন সরকার তৈরি না হওয়া পর্যন্ত কাজ চালিয়ে যেতে বলেছেন বলে হিমন্ত নিজেই সাংবাদিকদের জানিয়েছেন। জানা গিয়েছে, ১২ মে হিমন্ত বিশ্বশর্মার নেতৃত্বেই নতুন মন্ত্রিসভা শপথ নেবে। বিজেপি এখনও আনুষ্ঠানিক ভাবে তাঁকে ফের মুখ্যমন্ত্রী হিসাবে ঘোষণা না করলেও হিমন্ত জানিয়েছেন শপথগ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে আমন্ত্রণ জানানো হয়েছে। অসমের বিজেপি পরিষদীয় দলনেতা তথা নতুন মুখ্যমন্ত্রী বাছতে দলের পার্লামেন্টারি বোর্ড প্রাক্তন সভাপতি জে পি নাড্ডা ও বর্তমান সভাপতি নীতিন নবীনকে পর্যবেক্ষক নিয়োগ করেছে।

বিজেপি অসমে ৯০টি আসনে লড়াই করে জিতেছে ৮২টিতে। বাকি আসনগুলির মধ্যে ১০টি করে আসনে জিতেছে জোটসঙ্গী অসম গণ পরিষদ এবং বড়োল্যান্ড পিপলস পার্টি। এনডিএ–র মোট আসন সংখ্যা এবার ১০২। কংগ্রেস জিতেছে মাত্র ১৯টি আসনে। এরমধ্যে ১৮ জনই সংখ্যালঘু।

উল্লেখ্য, অসমে এবার প্রথমবারের মতো ঘাসফুল ফুটেছে। শেরমান আলি আহমেদ তৃণমূলের প্রতীকে বিধানসভায় জিতেছেন। এছাড়াও অখিল গগৈয়ের রাইজর দল ২টি এবং বদরুদ্দিন আজমলের এআইইউডিএফ ২টি আসনে জয়লাভ করেছে।

ভারত-মার্কিন বাণিজ্য চুক্তি শিগগিরই: মার্কিন উপ-বিদেশসচিব

সংবাদ সংস্থা
ওয়াশিংটন, ৫ মে

ভারত ও আমেরিকা বাণিজ্য চুক্তি স্বাক্ষরের ‘খুবই কাছাকাছি এসে পৌঁছেছে’। এখন শুধু ‘শেষ বাধাটুকু’ পেরোনো বাকি। মঙ্গলবার ওয়াশিংটনে এ কথা জানিয়েছেন মার্কিন উপ–বিদেশসচিব ক্রিস্টোফার ল্যানডাউ। তিনি জানিয়েছেন, চুক্তি স্বাক্ষর নিয়ে কয়েক মাস ধরেই দুই দেশ আলোচনা চালাচ্ছে। আলোচনায় দু'পক্ষের কাছাকাছি আসাটা খুবই গুরুত্বপূর্ণ ছিল। এছাড়া অনেকগুলি ইস্যু নিয়েও এগোনো দরকার ছিল। ল্যানডাউ বলেন, ‘বিশ্বমঞ্চে ভারতের গুরুত্ব কতটা আমরা বুঝি। তাই বাণিজ্য চুক্তি নিয়ে চূড়ান্ত বিন্দুতে পৌঁছোনো খুবই গুরুত্বপূর্ণ। আমরা কয়েক মাস ধরে কথা চালাচ্ছি এবং খুবই কাছে পৌঁছে গেছি। এখন শেষ বাধাটুকু পেরোতে হবে।’ মেরিল্যান্ডে ন্যাশনাল হারবারে সিলেক্ট ইউএসএ ইনভেস্টমেন্ট সামিট–এর মাঝে তিনি সাংবাদিকদের এ কথা জানান।

মার্কিন উপ–বিদেশসচিব জানান, চুক্তিতে কী আসছে সে বিষয়ে আমার কাছে বলার মতো ভেতরের খবর অনেক নেই। তবে জোর দিয়ে যে কথাটা বলতে পারি, তা হল চুক্তি একেবারে কাছে এসে পড়েছে। সম্প্রতি ভারত সফর করে গেছেন ল্যানডাউ। তাঁর কথায়, সবশেষে গুরুত্বপূর্ণ বিষয় হল, শেষ পর্যন্ত যেন চুক্তিটা সই হয়। ল্যানডাউ বলেন, ‘আমি মনে করি ভারতের এখন বিশাল অর্থনৈতিক উন্নয়ন দরকার। দরকার লক্ষ লক্ষ লোককে দারিদ্র থেকে তুলে আনা।’

এর আগেই দ্বিপাক্ষিক চুক্তির কাঠামো এ বছরের ২ ফেব্রুয়ারি ঘোষণা করেছে দুই দেশ। চুক্তির শর্ত হিসেবে ভারত চাইছে আমেরিকার বাজারে পণ্য রপ্তানির সুবিধা। চুক্তির কাঠামোয় ভারতের পণ্যের ওপর আমেরিকা ৫০ শতাংশের বদলে ১৮ শতাংশ শুল্ক বসাতে রাজি হয়েছে। পরে মার্কিন সুপ্রিম কোর্ট ট্রাম্পের ধার্য করা বাড়তি শুল্ক খারিজ করে দেয়। এর ফলে, ভারত চুক্তির শর্ত নতুন করে নিষ্পত্তি করতে চাইছে। দু'দেশেরই লক্ষ্য, দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ২০৩০ সালের মধ্যে বেড়ে হোক ৫০ হাজার কোটি ডলার।

শেয়ার বাজার চাঙ্গা

সংবাদ সংস্থা
মুম্বই, ৬ মে

ইরানের সঙ্গে আলোচনায় অগ্রগতি নিয়ে মার্কিন প্রেসিডেন্টের ঘোষণার পরই তেলের দাম চড়চড় কমেছে। শেয়ার বাজার চাঙ্গা। ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেল প্রতি ১০১.১ ডলার। হিসেব মতো প্রায় ৮ শতাংশ দাম কমেছে। এক ধাক্কায় সেনসেক্সের সূচক ৯৪০ পয়েন্ট বেড়েছে। নিফটির সূচক ২৪ হাজারের গণ্ডি ছুঁয়েছে। বুধবার বাজার চালু হতে ৯৪০.৭৩ পয়েন্ট বেড়ে সেনসেক্সের সূচক ৭৭,৯৫৮.৫২। লাভের মুখ দেখেছে ইন্টারগ্লোব অ্যাভিয়েশন, ট্রেন্ট, এশিয়ান পেন্টস, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, এইডিএফসি ব্যাঙ্ক এবং ইটারন্যালের মতো সংস্থা। লোকসানের বোঝা চেপেছে রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ, লারসেন অ্যান্ড টুব্যরো, পাওয়ার গ্রিড এবং এনটিপিসি–এর ওপর।

4th Corrigendum

4th Corrigendum of Notice INVITING 'e' AUCTION NO. WBIW/SE/NEIC-I/RFP-06(e)/2025-26
Auction Id: - 2026_WB_5548

SL No.	Description In RFP	Will be read as	Instead of
1.	Document approval end date, Page No. 3	12/05/2026 up to 15:00 hrs	06/05/2026 up to 15:00 hrs
2.	Conduct of electronic auction, Page No. 3	14/05/2026 from 11: 00 hrs to 14/05/2026 16:00 hrs	08/05/2026 from 11:00 hrs to 08/05/2026 16:00 hrs

Document approval end date has been extended due to Administrative reason. All other terms and conditions will remain unchanged until further order.
For further details Please visit https://eauction.gov.in (direct site) and also departmental website www.wbiwd.gov.in

Sd/- (A. Chowdhury)
Superintending Engineer
North East Irrigation Circle – I, Debibari, Cooch Behar

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড
CONTAI CO-OPERATIVE BANK LTD.
প্রধান কার্যালয়: কাঁথি, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন-৭২১৪০১
ফোন নং: (০৩২২০) ২৫৫ ১৮০ / ২৫৫ ৫৩৬, ই-মেইল: ho@ccbl.in, ওয়েবসাইট: www.ccbl.in

সারফেইসি আইন, ২০০২-এর ধারা ১৩(২) অনুযায়ী নোটিশ

এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), জামিনদার(গণ), বন্ধকদাতা(গণ) এবং আইনগত উত্তরাধিকারী(গণ) ব্যাঙ্কের থেকে নেওয়া ঋণের আসল ও সুদ পরিশোধে খেলাপি হয়েছেন এবং তাদের ঋণগুলি অনুর্পাদক সম্পদ হিসেবে চিহ্নিত করা হয়েছে। সংশ্লিষ্ট ব্যক্তিদের শেষ পরিচিত ঠিকানায় ধারা ১৩(২) অনুযায়ী নোটিশ পাঠানো হয়েছিল, কিন্তু তা বিলি না হয়ে ফেরত আসায় এই গণবিজ্ঞপ্তির মাধ্যমে তাদের জানানো হচ্ছে।

ক্রম নং	ঋণগ্রহীতা(গণ), জামিনদার(গণ), বন্ধকদাতা(গণ) এবং আইনগত উত্তরাধিকারী(গণ)–এর নাম ও শাখার নাম	স্বত্ব দলিল জমা রেখে বন্দকী সম্পত্তির বিবরণ	নোটিস তারিখ এনপিএ তারিখ	বকেয়া অঙ্ক
	ঋণগ্রহীতা, বন্ধকদাতা ও আইনগত উত্তরাধিকারীগণ: (১) অঙ্গুর বালা দে, প্রয়াত বিজয় কৃষ্ণ দে-র স্ত্রী (ঋণগ্রহীতা)। (২) রাম প্রসাদ দে, প্রয়াত বিজয় কৃষ্ণ দে-র পুত্র (ঋণগ্রহীতা)। (৩) লক্ষ্মণ দে, প্রয়াত বিজয় কৃষ্ণ দে-র পুত্র (ঋণগ্রহীতা)। (৪) সুমিতা দে, প্রয়াত বিজয় কৃষ্ণ দে-র কন্যা (ঋণগ্রহীতা)। (৫) সুতপা দে, প্রয়াত বিজয় কৃষ্ণ দে-র কন্যা (ঋণগ্রহীতা)। সকলের ঠিকানা: গ্রাম- দুয়ারী গেরিয়া, পোঃ- সাতবাঁকুড়া, থানা- গড়বেতা, জেলা- পশ্চিম মেদিনীপুর, পিন- ৭২১২৫৩। …	তফসিল-"খ" স্বত্ব দলিলের বিবরণ:- বিক্রয় দলিল: I ৯৫০, তারিখ-১০.০৩.৭৯ সকল দলিল সাব রেজিস্ট্রার (এস আর) পশ্চিম মেদিনীপুরের গড়বেতা জেলার অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রার (এডিএসআর) কার্যালয়ের সামনে সম্পাদিত মৌজা দোয়ারিগেরিয়া হলফনামা তারিখ-২৪.০২.০৫ …	নোটিশের তারিখ: ২১.০৪.২০২৬ এনপিএ তারিখ: ৩০.০৬.২০০৫	187/PBA-18 (সিসি হাইপো লোন)। ₹৪৩,৬৫,২০৪.০০ টাকা (তেতাল্লিশ লাখ পঁয়ষট্টি হাজার দুইশো চার টাকা) …

তারিখ: ০৭.০৫.২০২৬
স্থান: কাঁথি
কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, প্রধান কার্যালয়: কাঁথি, পূর্ব মেদিনীপুর

কেনরা বৈংক Canara Bank সিন্ডিকেট Syndicate

পরিশিষ্ট– ২ দাবি বিজ্ঞপ্তি ১৩(২) নং ধারা

বহরমপুর শাখা (ডিপি কোড ২৮৫৯)
২ নং শ্রী রাম শিরোমণি রোড, বহরমপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ

দেনদার/জামিনদার/বন্ধকদাতা প্রতি

রেফা: RO/BRMP/R&L//13(2)/FIROJALI/2026-27/10
তারিখ: ০৫.০৫.২০২৬

১) **দেনদার ফিরোজ আলি,** সি/ও– এসাদ আলি, নং ১১৩, আবদুস সামাদ রোড, গোরাবাজার, বহরমপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন ৭৪২১০১
২) **জামিনদার/বন্ধকদাতা – মঞ্জুলা খাতুন,** স্বামী এসাদ আলি, নং ১১৩, আবদুস সামাদ রোড, গোরাবাজার, বহরমপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন ৭৪২১০১
৩) **জামিনদার/বন্ধকদাতা – এসাদ আলি,** সিও একরামুল হক, নং ১১৩, আবদুস সামাদ রোড, গোরাবাজার, বহরমপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন ৭৪২১০১

প্রিয় মহাশয়/মহাশয়া,

বিষয়: সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে বিজ্ঞপ্তি

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে ‘উক্ত অ্যাক্ট’ হিসেবে উল্লিখিত)–এর অধীনে নিযুক্ত **কানাড়া ব্যাঙ্ক, বহরমপুর** শাখার অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী **(এখানে এর পরে ‘জামিনযুক্ত উত্তমর্ণ’ হিসেবে উল্লিখিত)** আপনাদের প্রতি নিম্নবর্ণিত বিজ্ঞপ্তিটি জারি করছেন: …

… উপরিলিখিত চুক্তিগুলির শর্ত ও নিয়মাবলি অনুসারে উক্ত ঋণের অর্থাঙ্ক পরিশোধের দায়বদ্ধতা লিখিতভাবে প্রকাশ করেছিলেন।

মিঃ এসাদ আলি ও মিসেস মঞ্জুলা খাতুন (এর পরে ‘উক্ত জামিনদার/বন্ধকদাতা’ হিসেবে উল্লিখিত) উপরিলিখিত চুক্তিগুলির শর্ত ও নিয়মাবলি অনুসারে উক্ত ঋণের অর্থাঙ্ক **₹১৯৫০০০০০.০০** (এক কোটি পঁচানব্বই লাখ টাকা) পরিশোধের দায়বদ্ধতা লিখিতভাবে প্রকাশ করেছিলেন।

সূচি– ক ও গ
[দেনদারের প্রাপ্ত সুবিধার বিশদ]

ঋণের প্রকৃতি(লোন অ্যাকাউন্ট নং)	লোন অঙ্ক(₹)	০৫.০৫.২০২৬ অনুযায়ী সুদ সহ দায়ের পরিমাণ	সুদের হার
এমএসএমই/ওডি–ওসিসি (১২৫০০৬৬১১৫৬৮)	₹১,৯৫,০০,০০০.০০	₹১,৯৫,৯৯,৭২৩.৫৫ ও অপ্রযুক্ত সুদ ও চার্জ ০৫.০৫.২০২৬ থেকে	১০.৪০%

আমাদের অনুকূলে স্বাক্ষরিত বিবিধ নথির মাধ্যমে এখানে নীচের **তফসিল ‘বি’**–তে বিশদে ও নির্দিষ্টরূপে বর্ণিত সম্পত্তির বন্ধকি দ্বারা উপরিলিখিত ঋণ/ধারের সুবিধা যথাযথরূপে সুরক্ষিত ছিল। আপনি নির্ধারিত শর্ত ও নিয়মাবলি অনুসারে আপনাদের দায় পরিশোধে ব্যর্থ হওয়ায় **০১.০৫.২০২৬ তারিখে এই ব্যাঙ্ক উক্ত ঋণটি অনুৎপাদক পরিসম্পদ (এনপিএ)** হিসেবে শ্রেণিবদ্ধ করেছে। সেই কারণে, এতদ্দ্বারা আমরা এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ০৫.০৫.২০২৬ তারিখের ভিত্তিতে আপনাদের দায় বাবদ **₹১,৯৫,৯৯,৭২৩.৫৫** (এক কোটি পঁচানব্বই লক্ষ নিরানব্বই হাজার সাতশো তেইশ টাকা এবং পঞ্চান্ন পয়সা মাত্র) বকেয়া সুদ, আনুষঙ্গিক খরচ ও মাসুল সমেত সম্পূর্ণরূপে পরিশোধের আহ্বান জানাচ্ছি, যেমনটা করতে আপনি/আপনারা ব্যর্থ হলে আলোচ্য অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে আমরা সকল বা যে কোনও অধিকার প্রয়োগ করতে বাধ্য হব।

পাশাপাশি, আমাদের আগাম লিখিত অনুমতি ছাড়া এখানে নীচের **তফসিল ‘বি’**–তে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না–করার জন্য আপনাকে/ আপনাদের সতর্ক করে …

তারিখ: ০৫.০৫.২০২৬/ স্থান: বহরমপুর — অনুমোদিত আধিকারিক/ কানাড়া ব্যাঙ্ক

কেনরা বৈংক Canara Bank সিন্ডিকেট Syndicate

অ্যানেক্সার–২ ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তি

বালুরঘাট শাখা (ডিপি কোড–১৯৫৫২)
ওয়ার্ড নং ১০, নেলসন ম্যান্ডেলা সরণি, বালুরঘাট মিউনিসিপ্যাল বাস স্ট্যান্ডের নিকটে, বালুরঘাট, জেলা–দক্ষিণ দিনাজপুর

ঋণগ্রহীতা/জামিনদার/বন্ধকদাতার প্রতি

রেফারেন্স নং: RO/BRMP/R&L/13(2)/-KRISHIJAGRAN/2026-27/2 তারিখ: ০৭.০৪.২০২৬

প্রতি:
১. **ঋণগ্রহীতা: কৃষিজাগরন কেন্দ্র প্রোডিউসর কোম্পানি,** গ্রাম–পোল্লাপাড়া, পোঃ–বিদ্যপুর, থানা–বালুরঘাট, বালুরঘাট, পশ্চিমবঙ্গ, পিন–৭৩৩১০৩
২. **সহ–দায়বদ্ধ/জামিনদার : বিপ্লব আচার্য,** প্রযত্নে বিপদ ভঞ্জন আচার্য, গ্রাম–হাজিপুর, পোঃ–বেলতলা পার্ক, থানা–বালুরঘাট, বালুরঘাট, জেলা–দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, পিন–৭৩৩১০৩
৩. **সহ–দায়বদ্ধ/জামিনদার : ইমরান আলি আহমেদ,** প্রযত্নে রাইছুদ্দিন আহমেদ, কুরিতলা করাই বংশীহারি, বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর, বুনিয়াদপুর, ইটাহার, উত্তর দিনাজপুর, পশ্চিমবঙ্গ, পিন–৭৩৩১২১
৪. **সহ–দায়বদ্ধ/জামিনদার : সুলতানা পারভিন,** বারাইল বুনিয়াদপুর, নং ১১৬, টালাকুরি, দক্ষিণ দিনাজপুর, টালাকুরি, ইটাহার, উত্তর দিনাজপুর, পশ্চিমবঙ্গ, পিন–৭৩৩১২১
৫. **সহ–দায়বদ্ধ/জামিনদার : বাপি চাকী,** পিতা প্রদীপ চাকী, রামকৃষ্ণপল্লী, গঙ্গারামপুর, পশ্চিমবঙ্গ, পিন–৭৩৩১২৪
৬. **সহ–দায়বদ্ধ/জামিনদার : শীলা গোস্বামী আচার্য,** স্বামী অলোক গোস্বামী, অমৃতখণ্ড হাট, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, পিন–৭৩৩১০৩।

… **কৃষিজাগরন কেন্দ্র প্রোডিউসর কোম্পানি (এখানে এর পরে ‘ঋণগ্রহীতা’ হিসেবে উল্লিখিত) এবং বিপ্লব আচার্য, ইমরান আলি আহমেদ, বাপি চাকী, সুলতানা পারভিন এবং শীলা গোস্বামী আচার্য (এখানে এর পরে ‘সহ–দায়বদ্ধকারীগণ’ ও ‘জামিনদারগণ’ হিসেবে উল্লিখিত)** এখানে নীচের **তফসিল ‘এ’ এবং ‘সি’**–তে বর্ণিত ঋণের সুবিধা/ সুবিধাবলি ও দায় গ্রহণ করেছিলেন এবং সুরক্ষিত ঋণদাতার অনুকূলে জামিনচুক্তি(সমূহ) সম্পাদন করেছিলেন। উক্ত আর্থিক সহায়তা গ্রহণের সময় উপরোক্ত চুক্তির শর্ত ও নিয়মাবলি অনুসারে উক্ত ঋণের অর্থাঙ্ক(সমূহ) পরিশোধে আপনার দায়বদ্ধতা স্বীকার করেছিলেন।

তফসিল ‘এ’ এবং ‘সি’
[ঋণগ্রহীতা দ্বারা গৃহীত ঋণের সুবিধা সম্পর্কিত বিশদ তথ্য]

ঋণের প্রকৃতি (লোন অ্যাকাউন্ট নং)	ঋণের অর্থাঙ্ক (₹)	০১.১০.২০২৫ অনুযায়ী সুদ সমেত দায়	সুদের হার
এগ্রি (১৮২০০১৩৩৯৮৫১)	₹৫১,০০,০০০.০০	₹১৭,৭৫,২২৪.৯৬ + ০১.১০.২০২৫ থেকে প্রযোজ্য হারে সুদ ও অন্যান্য চার্জ	৮.৬০%

আপনাদের দ্বারা আমাদের অনুকূলে স্বাক্ষরিত বিবিধ প্রাসঙ্গিক নথির মাধ্যমে এখানে নীচের **তফসিল ‘বি’**–তে বিশদে ও নির্দিষ্টরূপে বর্ণিত সম্পত্তির বন্ধকি দ্বারা উপরিলিখিত ঋণ/ধারের সুবিধা যথাযথরূপে সুরক্ষিত ছিল। আপনি নির্ধারিত শর্ত ও নিয়মাবলি অনুসারে আপনার দায় পরিশোধে ব্যর্থ হওয়ায় ০১.১০.২০২৫ তারিখে এই ব্যাঙ্ক উক্ত ঋণটি **অনুৎপাদক পরিসম্পদ (এনপিএ)** হিসেবে শ্রেণিবদ্ধ করেছে। সেই কারণে, এতদ্দ্বারা আমরা উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে জারিকৃত এই বিজ্ঞপ্তির মাধ্যমে এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ষাট (৬০) দিনের মধ্যে আপনাদের দায় বাবদ **০১.১০.২০২৫** তারিখের ভিত্তিতে **₹১৭,৭৫,২২৪.৯৬** (সতেরো লক্ষ পঁচাত্তর হাজার দুশো চব্বিশ টাকা এবং ছিয়ানব্বই পয়সা মাত্র), নোটিসের তারিখ থেকে উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ ও মাশুল সম্পূর্ণরূপে পরিশোধের আহ্বান জানাচ্ছি, যার অন্যথা হলে আলোচ্য অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে আমরা সকল বা যে কোনও অধিকার প্রয়োগে বাধ্য হব।

পাশাপাশি, আমাদের আগাম লিখিত অনুমতি ছাড়া এখানে নীচের **তফসিল ‘বি’**–তে বর্ণিত সুরক্ষিত …

তারিখ: ০৭.০৪.২০২৬ / স্থান: বালুরঘাট — অনুমোদিত আধিকারিক / কানাড়া ব্যাঙ্ক

ঘর বন্ধ বিধানসভার অধ্যক্ষ, উপাধ্যক্ষ, মুখ্য সচেতকের

আজকালের প্রতিবেদন

বিধানসভার অধ্যক্ষ, উপাধ্যক্ষ এবং সরকারি মুখ্য সচেতকের ঘর বন্ধ করে দেওয়া হল। বিধানসভা সূত্রে জানা গিয়েছে, সেখান থেকে কোনও ফাইল বাইরে বেরোবে না। তার জন্য বিধানসভার কেয়ারটেকার দপ্তরের ‘ওয়াচ অ্যান্ড ওয়াচাররা’ এবং আধিকারিকেরা সকাল থেকে কড়া নজরদারি শুরু করছেন। বিধানসভায় আসা ও বেরোনোর সময় সমস্ত গাড়ি পরীক্ষা করে দেখছে পুলিশ। শপথগ্রহণ অনুষ্ঠান হয়ে গেলে নিয়মমাফিক সব কাজ শুরু হবে।

4th Corrigendum

4th Corrigendum of Notice INVITING 'e' AUCTION NO. WBIW/SE/NEIC-I/RFP-08(e)/2025-26
Auction Id: - 2026_WB_5550

SL	Description In RFP	Will be read as	Instead of
1.	Document approval end date, Page No. 3	12/05/2026 up to 15:00 hrs	06/05/2026 up to 15:00 hrs
2.	Conduct of electronic auction, Page No. 3	14/05/2026 from 11: 00 hrs to 14/05/2026 16:00 hrs	08/05/2026 from 11: 00 hrs to 08/05/2026 16:00 hrs

Document approval end date has been extended due to Administrative reason. All other terms and conditions will remain unchanged until further order.
For further details Please visit https://eauction.gov.in (direct site) and also departmental website www.wbiwd.gov.in

Sd/-
(A. Chowdhury) Superintending Engineer
North East Irrigation Circle – I
Debibari, Cooch Behar

4th Corrigendum

4th Corrigendum of Notice INVITING 'e' AUCTION NO. WBIW/SE/NEIC-I/RFP-07(e)/2025-26
Auction Id: - 2026_WB_5549

SL No.	Description In RFP	Will be read as	Instead of
1.	Document approval end date, Page No. 3	12/05/2026 up to 15:00 hrs	06/05/2026 up to 15:00 hrs
2.	Conduct of electronic auction, Page No. 3	14/05/2026 from 11: 00 hrs to 14/05/2026 16:00 hrs	08/05/2026 from 11: 00 hrs to 08/05/2026 16:00 hrs

Document approval end date has been extended due to Administrative reason. All other terms and conditions will remain unchanged until further order.
For further details Please visit https://eauction.gov.in (direct site) and also departmental website www.wbiwd.gov.in

Sd/- (A. Chowdhury)
Superintending Engineer
North East Irrigation Circle – I
Debibari, Cooch Behar

जी आर एस ई GRSE
गार्डन रीच शिपबिल्डर्स एण्ड इंजीनियर्स लिमिटेड
Garden Reach Shipbuilders & Engineers Limited
(भारत सरकार का उपक्रम / A Govt. of India Undertaking)
रक्षा मंत्रालय / Ministry of Defence
पंजीकृत एवं निगमित कार्यालय : जीआरएसई भवन, 61, गार्डन रीच रोड, कोलकाता - 700 024
Registered and Corporate Office : GRSE Bhavan, 61, Garden Reach Road, Kolkata - 700 024
Web: www.grse.in, CIN: L35111WB1934GOI007891

অনলাইনে জমা দেওয়ার জন্য ই–টেন্ডার নোটিশ
NIT No.: SCC/AKD/OT (Press) /LO CUTTING/030/ET-3442
বিষয়: সরবরাহকারীর প্রাঙ্গনে এমপিভি ও অন্যান্য জাহাজ নির্মাণ–প্রকল্পের জন্য ছোট আকারের অবশিষ্ট প্লেট হ্যান্ডলিং, স্টোরেজ, সিএনসি কাটিং এবং ভেভেলিং কাজের আউটসোর্সিং–এর জন্য দ্বিবার্ষিক রেট চুক্তি
শেষ তারিখ: প্রকাশনার তারিখ থেকে ২১ দিন

১. বিশদ তথ্য ই–প্রোকিওরমেন্ট পোর্টাল **https://eprocuregrse.co.in**; সেন্ট্রাল পাবলিক প্রোকিওরমেন্ট পোর্টাল **https://eprocure.gov.in/cppp/** এবং জিআরএসই–এর ওয়েবসাইট **https://grse.in/tender-published/** থেকে পাওয়া যাবে।
২. তারিখের পরিবর্তন সহ, এই এনআইটি সংক্রান্ত, যে কোন সংযোজনী/সংশোধনী, যদি হয়, তবে তা কেবলমাত্র উপরোক্ত ওয়েবসাইটগুলিতে প্রকাশ করা হবে।

"In Pursuit of Excellence and Quality in Shipbuilding"

দক্ষিণ পূর্ব রেলওয়ে - টেন্ডার

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নংঃ টিআরডি-এডিএ-ই-টেন্ডার-০৪-২০২৬, তারিখঃ ০৫.০৫.২০২৬। অ্যাসিস্ট্যান্ট ডিভিসনাল ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার (টিআরডি), দক্ষিণ পূর্ব রেলওয়ে, আদ্রা নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন : **কাজের বর্ণনা** : প্ল্যাটফর্মের উপর বিদ্যুতায়িত অংশ অপসারণের জন্য ওএইচই ব্যবস্থার পরিবর্তন। **আনুমানিক টেন্ডার মূল্য** : ৮,২৪,৪৭,৪০৮.১৩ টাকা। উপরোক্ত কাজের জন্য ই-টেন্ডার-০৪-২০২৬ বন্ধের তারিখ ও সময় ২৬.০৫.২০২৬ দুপুর ৩টা এবং টেন্ডারটি খোলা হবে ২৬.০৫.২০২৬ তারিখ দুপুর ৩টার পরে। উপরোক্ত ই-টেন্ডারের বিস্তারিত বিবরণ ওয়েবসাইট www.ireps.gov.in-এ দেখা যাবে। **(PR-129)**

আজকাল
কর্মখালি/ ব্যবসা/বাণিজ্য/ হারানো/প্রাপ্তি ইত্যাদি বিজ্ঞাপন
১২টি শব্দ ২৫০ টাকা
অতিরিক্ত শব্দ ১৮ টাকা

পঞ্জাব নৈশনল বৈঁক (ভারত সরকার কা উপক্রম) pnb punjab national bank (Govt. of India Undertaking)

স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট ব্রাঞ্চ, কলকাতা: ইউনাইটেড টাওয়ার, ৩ নং ফ্লোর, ১১, হেমন্ত বসু সরণি, কলকাতা–৭০০০০১
ই–মেল: zs8350@pnb.bank.in

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নোক্ত বিবরণযুক্ত এবং ব্যাঙ্ক/ সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

সুরক্ষিত পরিসম্পদের তফসিল

ক্রম নং	ক) শাখার নাম খ) অ্যাকাউন্টের নাম গ) ঋণগ্রহীতা/ জামিনদারের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম (সম্পত্তির বন্ধকদাতা)	ক) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) বিক্রির তারিখের ভিত্তিতে অনাদায়ী বকেয়া গ) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(৪) ধারাধীনে দখলের তারিখ ঘ) দখলের ধরন (প্রতীকী/ বাস্তবিক/ গঠনমূলক)	ক) সংরক্ষণ মূল্য (লক্ষ টাকায়) খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য	ই–নিলামের তারিখ ও সময় সুরক্ষিত ঋণদাতার জানা দায়ের বিবরণ
১	পিএনবি– এসএএমবি কলকাতা মূল শাখা: পিএনবি– ক্যালকাটা শাখা, বর্তমানে এসএএমবি কলকাতা **মেসার্স মানসী অয়েলস অ্যান্ড গ্রেনস প্রাইভেট লিমিটেড** ঠিকানা: পি–৩৬, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, ৩ নং ফ্লোর, রুম নং ৪৮সি, কলকাতা–৭০০০০১, পশ্চিমবঙ্গ, ভারত; অথবা; ৪ডি, পার্ক প্লাজা, ৪ নং ফ্লোর, ৭১, পার্ক স্ট্রিট, কলকাতা–৭০০০১৬, পশ্চিমবঙ্গ, ভারত **ডিরেক্টর ও জামিনদারগণ:** **শ্রী রাজেন্দ্র মানসিংকা** ঠিকানা: ৬১এ, পার্ক স্ট্রিট, কলকাতা–৭০০০১৬, পশ্চিমবঙ্গ **কর্পোরেট জামিনদারগণ:** **১. মেসার্স কোজি ইন্ডিয়া লিমিটেড** ঠিকানা: পি–৩৬, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, ৩ নং ফ্লোর, রুম নং ৪৮সি, কলকাতা–৭০০০০১, পশ্চিমবঙ্গ, ভারত; অথবা, ৪ডি, পার্ক প্লাজা, ৪ নং ফ্লোর, ৭১, পার্ক স্ট্রিট, কলকাতা–৭০০০১৬, পশ্চিমবঙ্গ, ভারত **২. মেসার্স মানসিংকা এক্সিম প্রাঃ লিঃ,** ঠিকানা: পি–৩৬, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, ৩ নং ফ্লোর, রুম নং ৪৮সি, কলকাতা–৭০০০০১, পশ্চিমবঙ্গ, ভারত; অথবা; ৪ডি, পার্ক প্লাজা, ৪ নং ফ্লোর, ৭১, পার্ক স্ট্রিট, কলকাতা–৭০০০১৬, পশ্চিমবঙ্গ, ভারত	কারখানার জমি ও বাড়ি, উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত প্রেমিসেস, জমির পরিমাপ ২৯৭.৪১ ডেসিমেল (২.৯৭৪১ একর), অবস্থান: মৌজা– বঙ্গনগর হাসিমনগর, গ্রাম– বঙ্গনগর, হাসিমনগর, ডায়মণ্ড হারবার রোড, পোঃঅঃ– হাসিম নগর, থানা– ফলতা, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন–৭৪৩৫১৩, বঙ্গনগর ২ নং গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, দলিল নং I–৪৭৮, ৫৯৯, ৬০০, ৬০১, ৬০২, ১২২৪, ১২২৬, ১২২৮, ১২৩০, ১২৩২, ১২৩৪, ১৭৮৩ (১০ ডেসিমেলের মধ্যে ১ ডেসিমেল), ১৭৮৪, ১৭৮৫, ১৭৮৬, ১৭৮৮, ১৭৮৯, ১৭৯০, ২০০০, ২০০২, ২০০৩, ২১৮৫, ৪২০০, ৪২০১, ৪২০২, ৪২০৩। সবগুলির দাগ নং ১০২১, ১৯০৬, ১৯০৭, ১৯০৮, ১৯১০, ১৯১০/২০৫৬, ১৯১১, ১৯১২, ১৯১৮, ১৯১৯, ১৯২০, ১৯২১, জে এল নং ১২৪, ১২৬। সম্পত্তির মালিকানা কর্পোরেট জামিনদার মেসার্স কোজি ইন্ডিয়া লিমিটেড–এর নামে।	ক) ২৭.০৫.২০১১, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (পূর্বতন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া) ২৭.০৫.২০১১, ন্যাবার্ড খ) ₹১৩,২৩,৮১,৯৭৫.০০ পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (পূর্বতন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া), ৩০.০৪.২০১১ অনুসারে ₹১২,৯৪,৫৮,৫৯২.০০ ন্যাবার্ড, ৩০.০৪.২০১১ অনুসারে [+ ০১.০৫.২০১১ থেকে উদ্ভূত সুদ, খরচ ও অন্যান্য চার্জ। এই অর্থাঙ্ক সারফায়েসি অ্যাক্টের ১৩(২) ধারাধীনে জারিকৃত দাবি বিজ্ঞপ্তি মোতাবেক] গ) ১৭.১১.২০১১ ঘ) প্রতীকী দখলাধীন	ক) ₹১,৯৮,০০,০০০.০০ (এক কোটি আটানব্বই লক্ষ টাকা মাত্র) খ) ₹১৯,৮০,০০০.০০ (উনিশ লক্ষ আশি হাজার টাকা মাত্র) গ) ₹১,০০,০০০.০০ (এক লক্ষ টাকা মাত্র)	২৬.০৫.২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ৩টে আমাদের জানা নেই

ই–নিলাম বিক্রির শর্ত ও নিয়মাবলি

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:
১. সম্পত্তিগুলি **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. এই বিক্রি **২৬.০৫.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে দুপুর ৩টের মধ্যে https://baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com এবং www.pnbindia.in** ওয়েবসাইটগুলি দেখুন।

স্থান: কলকাতা
তারিখ: ০৬.০৫.২০২৬
স্বাঃ– অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল ৮(৬) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank इलाहाबाद ALLAHABAD

জোনাল অফিস: বারাসাত
৫৪, কেএনসি রোড, বারাসত, পশ্চিমবঙ্গ, পিন–৭০০১২৪
ফোন: ০৩৩ ২৫৫২ ৫২৫৫
ই–মেল: zobarasat@indianbank.bank.in

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

২২. যথাযথ ইন্টারনেট সংযোগ, পাওয়ার ব্যাক আপ ইত্যাদির মতো ব্যাপারগুলি বিডারদের নিজেদেরই নিশ্চিত করে নিতে হবে। ইন্টারনেট ফেলিওর, পাওয়ার ফেলিওর বা টেকনিক্যাল কোনও কারণ বা ই-নিলামকে প্রভাবিত করতে পারে এমন কোনও কারণ/পরিস্থিতির জন্য এই ব্যাঙ্ক দায়ী থাকবে না।

২৩. প্রতিনিধি নিয়োগ করা এবং নিজেদের তরফে নিলামে অংশ নেওয়ার অধিকার এই ব্যাঙ্কের থাকবে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য https://baanknet.com ওয়েবসাইট দেখুন।

২৪. এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত অতিরিক্ত শর্তসাপেক্ষ হবে।

২৫. ওপরের তফসিলে সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।

২৬. এই বিক্রি **২৬.০৫.২০২৬ তারিখে সকাল ১১টা ৩০ মিনিট থেকে দুপুর ৩টে ৩০ মিনিট পর্যন্ত https://baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই-নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।

২৭. ওপরের তফসিলে সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হলেও এতে কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।

২৮. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com** এবং **www.pnbindia.in** ওয়েবসাইট দেখুন।

তারিখ: ০৭.০৫.২০২৬
স্থান: তমলুক

স্বাঃ- ভিকি বর্মণ (চিফ ম্যানেজার/ অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সার্কল অফিস পূর্ব মেদিনীপুর তমলুক, পূর্ব মেদিনীপুর

সিন্দারভকে হারালেন গুকেশ

আগামী বিশ্ব দাবা চ্যাম্পিয়নশিপে বর্তমান বিশ্ব চ্যাম্পিয়ন দোম্মারাজু গুকেশের চ্যালেঞ্জার হয়েছেন উজবেকিস্তানের জাভোখির সিন্দারভ। পোল্যান্ডে গ্র্যান্ড চেস ট্যুরে প্রথম গেমে কালো ঘুঁটিতে তাঁকেই হারালেন ভারতীয় গ্র্যান্ডমাস্টার গুকেশ।

কামিংস: দলের সাফল্যের নেপথ্যে ফুরফুরে সাজঘর

আজকালের প্রতিবেদন

আইএসএল চ্যাম্পিয়ন হওয়ার জন্য কত পয়েন্টে পৌঁছোতে হবে? কারা কারা চ্যাম্পিয়নশিপের দৌড়ে রয়েছে? প্রতিযোগিতার শেষ ল্যাপে এসে সমীকরণগুলি স্পষ্ট হচ্ছে। খেতাবি লড়াইয়ে প্রবল ভাবে রয়েছে বাংলার দুই প্রধান। মুম্বই সিটি এফসিকে হারিয়ে শীর্ষে উঠেছে ইস্টবেঙ্গল (২১)। তৃতীয় স্থানে মোহনবাগান (২০)। ৯ মে এফসি গোয়ার বিরুদ্ধে অ্যাওয়ে ম্যাচে জিতলে ফের শীর্ষে উঠবে বাগান–ব্রিগেড। পয়েন্ট নষ্ট করলে চাপ বাড়বে। যদিও সবুজ–মেরুনের সাজঘরে চাপের লেশমাত্র নেই।

বাগান ড্রেসিংরুমের এই খোলামেলা পরিবেশই সাফল্যের চাবিকাঠি, মনে করছেন জেসন কামিংস। তাঁর কথায়, ‘সতীর্থরা আমার কাছে পরিবারের মতো। আমাদের সাজঘরের পরিবেশ খুব ভাল। তার জন্যেই ধারাবাহিক সাফল্য পাচ্ছি। আমি বেঞ্চে থাকলেও যারা খেলছে, তারা যাতে সেরাটা দিতে পারে, সেই জন্য উজ্জীবিত করি। বাকিরাও সেটাই করে।’ স্ট্রাইকার হিসেবে মোহনবাগানে যোগ দিলেও শেষ কয়েকবছরে অ্যাটাকিং মিডফিল্ডার থেকে উইঙ্গার, নানা পজিশনে খেলেছেন। সার্জিও লোবেরার কোচিংয়ে নিয়মিত প্রথম একাদশ পাচ্ছেন না। সেই নিয়ে বলেন, ‘আমি আরও বেশি সময় খেলতে চাই। পরের ম্যাচে কোচ সেন্টারব্যাক পজিশনে খেলতে বললেও তৈরি।’ কামিংসের এই মন্তব্যে সাংবাদিকদের সামনে হেসে ফেলেন লোবেরা। পাশাপাশি বলেন, ‘প্রতি ম্যাচেই পয়েন্ট টেবিল পাল্টাচ্ছে। এটা চাপের নয়, বরং আমাদের প্রতিজ্ঞাবদ্ধ করছে।’

গোয়ার বিরুদ্ধে খেলার জন্য আলবার্তো রডরিগেজ ও আপুইয়া তৈরি, জানালেন লোবেরা। যদিও আপুইয়া কতক্ষণ খেলার অবস্থায় আছেন, তা নিয়ে ধোঁয়াশা রাখলেন বাগান কোচ। ভারতীয় ফুটবলে অনিশ্চয়তার জন্য ফুটবলারদের সঙ্গে এখনই চুক্তির নবীকরণ নিয়ে আলোচনা হবে না জানাল মোহনবাগান ম্যানেজমেন্ট। এদিকে, এআইএফএফ ইয়ুথ লিগে রিলায়েন্স ফাউন্ডেশন ইংয় চ্যাম্পসকে ৩–১ হারাল বাগান–ব্রিগেড।

গোয়া ম্যাচের প্রস্তুতিতে কামিংস, শুভাশিস, পেত্রাতোস এবং ম্যাকলারেন। বুধবার। ছবি: অভিষেক চক্রবর্তী

অনিশ্চয়তার মাঝেও দুরন্ত ইস্টবেঙ্গল

আজকালের প্রতিবেদন

মঙ্গলবার গোয়ার মাঠে ইস্টবেঙ্গল ফুটবলাররা পেশাদারিত্বের শ্রেষ্ঠ নিদর্শনই রাখলেন। কোচ ঘোষণা করে দিয়েছেন তিনি পরের মরশুমে থাকবেন না। এত পর্যন্ত তাও মানসিকভাবে মেনে নিয়েছিলেন ফুটবলাররা, এর মধ্যেই ম্যানেজমেন্ট আবার ঘোষণা করে দিয়েছে আপাতত আগামী বছরের দল গঠনে তারা হাত দেবে না। ফলে বর্তমান দলের একঝাঁক যে ফুটবলারের চুক্তি চলতি মাসে শেষ হয়ে যাচ্ছে, তাদের চুক্তি নবীকরণ আপাতত হবে না। প্রথম একাদশের বেশ কিছু ফুটবলার রয়েছেন এই তালিকায়। আর সেই পরিস্থিতিতেই তাদের লড়তে হচ্ছে চ্যাম্পিয়নশিপের লড়াই। যেখানে প্রতিটা ম্যাচ ফাইনাল। প্রতিটা ম্যাচ জিততে হবে। আর তাহলেই স্বপ্ন পূরণ করা যাবে ইস্টবেঙ্গল সমর্থকদের।

ভারতীয় ফুটবলের অবস্থা বেশ টালমাটাল। এই পরিস্থিতিতে বিভিন্ন আইএসএল ক্লাবে খেলা ভারতীয় ফুটবলাররা নিজেদের ভবিষ্যৎ নিয়ে শঙ্কিত। তার মধ্যে যাদের দীর্ঘমেয়াদি চুক্তি রয়েছে তারা কিছুটা নিশ্চিন্ত। কিন্তু যাদের এ বছর চুক্তি শেষ হচ্ছে, তাঁরা যথেষ্ট চিন্তায়। ইস্টবেঙ্গলেও এই ফুটবলারের সংখ্যা খুব একটা কম নয়। গোয়া ম্যাচের প্রথমার্ধ দেখতে দেখতে মনে হচ্ছিল, এই বিষয়টাই মানসিকভাবে বিধ্বস্ত করে দিয়েছে ফুটবলারদের। কিন্তু তারপরেও যেভাবে ইস্টবেঙ্গল ঘুরে দাঁড়াল বিরতির পর, তা যথেষ্ট প্রশংসাযোগ্য। ইস্টবেঙ্গল চ্যাম্পিয়ন হতে পারবে নাকি পারবে না তা সময় বলবে। কিন্তু ম্যানেজমেন্টের ঘোষণার পরেও যেভাবে ফুটবলাররা জান–প্রাণ উজার করে লড়াই করছেন শুধুমাত্র সমর্থকদের স্বপ্নপূরণের জন্য, তা বহুদিন মনে রাখার মত।

মঙ্গলবার মুম্বই যখন একের পর এক আক্রমণ তুলে আনছে ম্যাচের শেষের দিকে ইস্টবেঙ্গল রক্ষণ ছিল যথেষ্ট সঙ্ঘবদ্ধ। একটি নিশ্চিত গোল বাঁচান গোলরক্ষক প্রভসুখন সিং গিলও। মাঝমাঠেও নিয়ন্ত্রণ রাখার চেষ্টা করেন মিগেল ফিগেরারা।

কোচ অস্কার ব্রুজোন বলেছেন, ‘প্রথমার্ধে আমরা ভাল খেলতে পারিনি। তবে এই ম্যাচ থেকে আমরা ৩ পয়েন্ট নিতে এসেছিলাম। সেটা আমরা নিয়েই ফিরেছি।’ পরের ম্যাচ ঘরের মাঠে পাঞ্জাবের বিরুদ্ধে। ইস্টবেঙ্গলের সামনে আরেকটা ফাইনাল জেতার চ্যালেঞ্জ।

ফেডারেশনে চিঠি পাঠাল মহমেডান

আজকালের প্রতিবেদন

আইএসএলে অবনমনের আওতায় রয়েছে মহমেডান স্পোর্টিং। হাতে এখনও ৩টি ম্যাচ। তবে যা পরিস্থিতি, অবনমন হচ্ছে, বুঝতে পারছেন ক্লাব কর্তা থেকে সমর্থকরা। এইবছর যাতে অবনমন চালু না হয়, সেই নিয়ে বুধবার সর্বভারতীয় ফুটবল ফেডারেশনকে আইনি চিঠি পাঠাল মহমেডান। এর আগে ২৭ এপ্রিল পাঠানো চিঠিতে বলা হয়েছিল, সংক্ষিপ্ত লিগ আয়োজনে বাধ্য হয়েছে ফেডারেশন। তাই এবছর অবনমন চালু করার যুক্তি নেই। পাশাপাশি দেরিতে লিগ শুরু, ফুটবলার সই করানোয় সমস্যা ও ক্লাবের বিনিয়োগকারী নিয়ে জটিলতার উল্লেখ চিঠিতে ছিল। ফেডারেশনকে এক সপ্তাহের মধ্যে উত্তর জানাতে অনুরোধ করা হয়েছিল। বুধবার রাতেও কোনও উত্তর না মেলায় এদিন ফের চিঠি পাঠনো হয়েছে। সেইসঙ্গে এও বলা হয়েছে, ৭২ ঘণ্টার মধ্যে ফেডারেশনের উত্তর না এলে চলতি আইএসএলে যাতে অবনমন চালু না হয়, সেই নিয়ে সুপ্রিম কোর্টে মামলা করবেন ক্লাবের আইনজীবী।

বোর্ডের সূচি ঘোষণা

আজকালের প্রতিবেদন: ভারতীয় মহিলা দল, ভারত ‘এ’ (পুরুষ ও মহিলা) এবং অনূর্ধ্ব ১৯ (পুরুষ ও মহিলা) দলের বেশ কয়েকটি সিরিজের সূচি ঘোষণা করল বিসিসিআই। জিম্বাবোয়ের বিরুদ্ধে দেশের মাটিতে ৩টি টি২০ ও ৩টি ওডিআই ম্যাচের সিরিজ খেলবেন স্মৃতি মানধানারা। পুরুষদের ভারত ‘এ’ দল মুখোমুখি হবে অস্ট্রেলিয়া ‘এ’ দলের। আবার মহিলাদের ‘এ’ দল অস্ট্রেলিয়া ‘এ’–র বিরুদ্ধে ওডিআই, টি২০ ও মাল্টি ডে ম্যাচের সিরিজ খেলবে। পুরুষদের অনূর্ধ্ব ১৯ দল খেলবে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে। মহিলাদের অনূর্ধ্ব ১৯ দলের সামনে ইংল্যান্ড।

আশিয়ান কাপে খেলবে ভারত

আজকালের প্রতিবেদন: আসন্ন ফিফা আশিয়ান কাপের প্রথম সংস্করণে অংশগ্রহণ করতে চলেছে ভারত। এই নিয়ে বিশ্ব ফুটবল সংস্থার সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে এআইএফএফ। ভারতীয় ফুটবল সংস্থার ডেপুটি জেনারেল সেক্রেটারি এম সত্যনারায়ণ বলেন, ‘ফিফার আমন্ত্রণে সাড়া দিয়ে প্রতিযোগিতায় অংশ নেওয়ার জন্য ফেডারেশন অংশগ্রহণের চুক্তিতে সই করেছে।’ সেপ্টেম্বর–অক্টোবর নাগাদ দক্ষিণ–পূর্ব এশিয়ার ১৪টি দেশ নিয়ে ফিফা আশিয়ান কাপ আয়োজিত হওয়ার কথা।

পঞ্জাব নৈশনল বৈঙ্ক (भारत सरकार का उपक्रम) | pnb | punjab national bank (Govt. of India Undertaking) | Oriental | United

সিওএসএএম: বালাসোর, সার্কল অফিস, সেকেন্ড ফ্লোর, ভারত টিম্বার কমপ্লেক্স, বিবেকানন্দ মার্গ, বালাসোর–৭৫৬০০১, ই–মেল আইডি: cs8190@pnb.bank.in

[রুল ৮(১)] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু:
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক–এর অনুমোদিত আধিকারিক সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ/ বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/আইনি উত্তরাধিকারী(গণ)–এর প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ) দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/আইনি উত্তরাধিকারী(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নীচে লেখা তারিখে সম্পত্তিগুলির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/আইনি উত্তরাধিকারী(গণ)/জামিনদার(গণ) এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি(গুলি) নিয়ে কোনওরূপ লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি(গুলি) নিয়ে যে কোনও প্রকার লেনদেন নীচে উল্লিখিত অর্থাঙ্ক ও তার ওপর উদ্ভূত সুদ ও চার্জ এবং খরচ সমেত পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)–এর মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

জলেশ্বর শাখা (৬৭৫৮০০)/ঋণগ্রহীতাগণ/আইনি উত্তরাধিকারী(গণ) এর নাম এবং ঠিকানা	দাবি/দখল বিজ্ঞপ্তির তারিখ	দাবি বিজ্ঞপ্তির অনুসারে মোট বকেয়া	স্থাবর সম্পত্তির বিবরণ
ঋণগ্রহীতা: প্রয়াত বিজয় কুমার দাস, প্রয়াত বিজয় কুমার দাসের আইনি উত্তরাধিকারীগণ: ১) শ্রীমতী সরস্বতী দাস, ২) শ্রীমতী নমিতা দে ওরফে দাস, উভয়ের ঠিকানা গ্রাম: সোলপাট্টা, পোঃ– সুগো, থানা–দাঁতন, জেলা: পশ্চিম মেদিনীপুর (পশ্চিমবঙ্গ), পিন–৭২১৪২৬, ৩) শ্রীমতী কবিতা গিরি ওরফে দাস, গ্রাম : সাতসুন্দা, পোঃ: বরঙ্গি, থানা: দাঁতন, জেলা: পশ্চিম মেদিনীপুর (পশ্চিমবঙ্গ), পিন–৭২১৪৫৭, ৪) শ্রীমতী মমতা দে ওরফে দাস, গ্রাম: দুহিপদা, পোঃ : দুহিপদা, থানা : দাঁতন, জেলা : পশ্চিম মেদিনীপুর (পশ্চিমবঙ্গ), পিন–৭২১৪৫৭।	২৮.০১.২০২৬/ ০১.০৫.২০২৬	₹২৮,২৩,০৪৬.৯৪ ৩১.১২.২০২৫ তারিখ অনুসারে + ০১.০১.২০২৬ থেকে সুদ, চার্জ এবং খরচ	বাস্তু জমি ও বাড়ির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, এল আর খাতা নং ৯৪, পরিমার্জিত এল আর খাতা নং ২০১/২, প্লট নং : ৯৪৪, মৌজা: সোলপাট্টা, থানা: দাঁতন, জে এল নং ১৮৫, জেলা: পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, জমির মাপ : ০.১০ একর, ১৯.১২.২০০৭ তারিখের নথিভুক্ত বিক্রয় দলিল নং ৫৬৮২ অনুসারে সম্পত্তিটি প্রয়াত বিজয় কুমার দাসের নামে রেকর্ডভুক্ত।

স্থান: বালাসোর, তারিখ: ০৬.০৫.২০২৬ — স্বা/– অনুমোদিত আধিকারিক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

পঞ্জাব নৈশনল বৈঙ্ক ...भरोसे का प्रतीक ! | punjab national bank ...the name you can BANK upon!

সার্কল অফিস, স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট ডিভিশন, দুর্গাপুর (সিও এসএএমডি দুর্গাপুর)
নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ / ই–মেল: codgprec@pnb.bank.in

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নীচে লেখা তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির/ বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)–এর প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ) দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৪) নং উপধারা অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ) এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনওরূপ লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন নিম্নে বর্ণিত অর্থাঙ্ক এবং উদ্ভূত সুদ সমেত পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক–এর প্রতি দায় সাপেক্ষ হবে।

শাখার নাম	অ্যাকাউন্টের নাম	মালিকের নাম (সম্পত্তির স্বত্বাধিকারী)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ	দাবি বিজ্ঞপ্তির তারিখ	দখল বিজ্ঞপ্তি সাঁটানোর তারিখ	দাবি বিজ্ঞপ্তির তারিখে অনাদায়ী বকেয়া
০২০২২০– আসানসোল	মিঃ রাজ কিশোর বার্নওয়াল এবং মিসেস কাঞ্চন বার্নওয়াল	শ্রী রাজ কিশোর বার্নওয়াল এবং শ্রীমতী কাঞ্চন বার্নওয়াল	জমির অবিভক্ত সমানুপাতিক অংশ সহ শশী রেসিডেন্সিয়াল অ্যান্ড কমার্শিয়াল কমপ্লেক্স নামে পরিচিত বহুতল (জি+৩) বিল্ডিংয়ের থার্ড ফ্লোরে আবাসিক ফ্ল্যাট নং ৩ এর সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, সুপার বিল্ট আপ এরিয়া ৮৪৬ বর্গফুট, জেলা পশ্চিম বর্ধমান, থানা আসানসোল (সাউথ), অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রি অফিস আসানসোল, মৌজা আসানসোল পুরসভা, জে এল নং ২০, আসানসোল পুরনিগমের এলাকাধীন, জমির মাপ ৪৭৮৬ বর্গফুট, আর এস প্লট নং ২৪০২৮, ২৪০৩১ এবং ২৪০৩২, আর এস খতিয়ান নং ৯৪৪৬ এবং ১৩৩৬৭, আবদুল লতিফ লেন, ওয়ার্ড নং ১৩ (৪৪), ২০১৮ সালের দলিল নং ০২০৫০০০৪৫ অনুসারে শ্রী রাজ কিশোর বার্নওয়াল এবং শ্রীমতী কাঞ্চন বার্নওয়ালের নামে। চৌহদ্দি: উত্তর: রবীন্দর পানসারি এবং অন্যদের সম্পত্তি; দক্ষিণ: ১২ ফুট চওড়া প্যাসেজ; পূর্ব: আবদুল লতিফ লেন; পশ্চিম: অন্যদের সম্পত্তি।	১৬.০২.২০২৬	০৬.০৫.২০২৬	₹২৯,২৬,৯৩৪.৪৪ (উনত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার নশো চৌত্রিশ টাকা এবং চুয়াল্লিশ পয়সা মাত্র)

তারিখ: ০৬.০৫.২০২৬
স্থান: আসানসোল

কুণাল দাস
চিফ ম্যানেজার এবং অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রুডেনশিয়াল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড
CIN: L65990WB1913PLC218486
এনবিএফসি নিবন্ধন নম্বর: বি-০৫.০৭০৫৭
নিবন্ধিত কার্যালয়: পাহাড়পুর হাউস, ৮/১/৮ ডায়মন্ড হারবার রোড, কলকাতা ৭০০২২৭: **টেলিফোন:** ০৩৩ ৪০১৩৩০০০
ইমেইল: contact@industrialprudential.com, **ওয়েবসাইট:** www industrialprudential.com

কোম্পানির ইক্যুইটি শেয়ার বিনিয়োগকারী শিক্ষা ও সুরক্ষা তহবিলে (আইইপিএফ) হস্তান্তর

এই বিজ্ঞপ্তিটি বিনিয়োগকারী শিক্ষা ও সুরক্ষা তহবিল কর্তৃপক্ষ (হিসাবরক্ষণ, নিরীক্ষা, হস্তান্তর এবং ফেরত) বিধিমালা, ২০১৬ ("বিধিমালা") এবং এর সংশোধনীসমূহের সাথে পঠিত ধারা ১২৪(৬) অনুসারে প্রকাশিত হয়েছে। বিধিমালায়, অন্যান্য বিষয়ের মধ্যে, সেই সমস্ত শেয়ার আইইপিএফ অ্যাকাউন্টে হস্তান্তরের বিধান রয়েছে, যেগুলির ক্ষেত্রে শেয়ারহোল্ডাররা টানা সাত বছর বা তার বেশি সময় ধরে লভ্যাংশ প্রদান করেননি বা দাবি করেননি। নথি থেকে দেখা গেছে যে কোম্পানির কিছু শেয়ারহোল্ডার ২০১০-১১, ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ সাল থেকে তাদের লভ্যাংশ নগদায়ন করেননি এবং তা টানা সাত বছর ধরে দাবিহীন রয়েছে [অর্থাৎ, ২০১০-১১ সাল থেকে ঘোষিত কোনো লভ্যাংশই শেয়ারহোল্ডার কর্তৃক দাবি করা হয়নি]। নিয়মাবলীতে নির্ধারিত বিভিন্ন শর্তাবলী মেনে, কোম্পানি ২০১০-১১, ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ অর্থবর্ষের জন্য যেসব শেয়ারহোল্ডারের শেয়ার আইইপিএফ (আইইপিএফ) অ্যাকাউন্টে স্থানান্তরিত হওয়ার কথা, তাদের সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারদেরকে অবহিত করেছে। কোম্পানি তার ওয়েবসাইটে **(www.industrialprudential.com)** আইইপিএফ-এ স্থানান্তরিত হতে যাওয়া শেয়ারহোল্ডার এবং শেয়ারের সম্পূর্ণ বিবরণ আপলোড করেছে। শেয়ারহোল্ডারগণ আরও অবগত হবেন যে, নির্ধারিত ফর্মে আবেদন করার মাধ্যমে আইইপিএফ কর্তৃপক্ষের কাছ থেকে দাবিহীন লভ্যাংশ এবং শেয়ার ফেরত দাবি করা যেতে পারে। যেকোনো জিজ্ঞাসা বা সহায়তার জন্য, অনুগ্রহ করে উপরের ঠিকানা এবং ফোন নম্বরে কোম্পানির সাথে কথা বলুন বা লিখুন এবং নিম্নস্বাক্ষরিত ই-মেইলে একটি অনুলিপি পাঠান। **contact@industrialprudential.com** অথবা রেজিস্ট্রার এবং ট্রান্সফার এজেন্ট, **লিঙ্ক ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড**, ইউনিট- ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রুডেনশিয়াল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড, সি ১০১, ২৪৭ পার্ক, এলবিএস মার্গ, ভিখরোলি পশ্চিম, মুম্বই, মহারাষ্ট্র ৪০০৮৩।

ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রুডেনশিয়াল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড–এর পক্ষে
শিল্পীশ্রী চৌধুরী
কোম্পানি সচিব এবং কমপ্লায়েন্স অফিসার
সদস্যপদ নম্বর-এ৩৯৬৫৯

তারিখ : ০৬.০৫.২০২৬
স্থান : কলকাতা

এক্সপ্রো ইন্ডিয়া লিমিটেড xproindia
সিআইএন: L25209WB1997PLC085972
নিবন্ধিত কার্যালয়: বরজোড়া - মেজিয়া রোড, পোঃ - ঘুটগরিয়া, তহসিল বরজোড়া, জেলা - বাঁকুড়া, পশ্চিমবঙ্গ - ৭২২ ২০২
টেলিফোন: +৯১ ৯৭৭৫ ৩০১৭০১; **ইমেইল:** cosec@xproindia.com
ওয়েবসাইট: www.xproindia.com

নোটিস
বাস্তবিক শেয়ার হস্তান্তর এবং ডিম্যাটেরিয়ালাইজেশন (ডিম্যাট) এর জন্য বিশেষ জানালা

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, সেবি সার্কুলার নং HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026, তারিখ ৩০ জানুয়ারী, ২০২৬ ("সেবি সার্কুলার") অনুসারে, বাস্তবিক শেয়ার হস্তান্তর এবং ডিম্যাটেরিয়ালাইজেশন (ডিমাল)-এর জন্য একটি বিশেষ জানালা ৫ ফেব্রুয়ারী, ২০২৬ থেকে ৪ ফেব্রুয়ারী, ২০২৭ পর্যন্ত এক বছরের জন্য খোলা হয়েছে।
এই সুবিধাটি সেইসব শেয়ারহোল্ডাররা পাবেন, যাঁরা ১ এপ্রিল, ২০১৯-এর পূর্বে এক্সপ্রো ইন্ডিয়া লিমিটেড ("কোম্পানি")-এর শেয়ার ক্রয় করেছিলেন, এবং,
১. হস্তান্তরের জন্য শেয়ারগুলো দাখিল করেননি, অথবা
২. শেয়ার হস্তান্তরের জন্য দাখিল করা হয়েছিল, কিন্তু নথিপত্রের ত্রুটির কারণে সেগুলি প্রত্যাখ্যাত, ফেরত পাঠানো হয়েছিল অথবা সেগুলির উপর কোনো পদক্ষেপ নেওয়া হয়নি।

বিশেষ জানালার প্রযোজ্যতা
১ এপ্রিল, ২০১৯-এর আগে সম্পাদিত দলিলপত্র হস্তান্তরের জন্য এই সময়সীমার প্রযোজ্যতা সম্পর্কে স্পষ্টতার জন্য, শেয়ারহোল্ডার নিচের ম্যাট্রিক্সটি দেখতে পারেন।

১ এপ্রিল, ২০১৯-এর আগে স্থানান্তরের জন্য আবেদন করা হয়েছিল?	শেয়ারহোল্ডারের কাছে কি মূল শেয়ার সার্টিফিকেটটি আছে?	বর্তমান বিশেষ জানালাতে আবেদন করার যোগ্য কিনা?
না, এটি একটি নতুন দাখিল।	হ্যাঁ	হ্যাঁ (সেবি সার্কুলারে উল্লিখিত শর্ত সাপেক্ষে)
হ্যাঁ, কিন্তু আগে প্রত্যাখ্যাত/ ফেরত হয়েছিল	হ্যাঁ	
হ্যাঁ, দায়ের করা হয়েছিল	না	না
না, মামলা করা হয়নি	না	না

অনুগ্রহ করে মনে রাখবেন যে, মূল শেয়ার সার্টিফিকেট, হস্তান্তর দলিল এবং অন্যান্য সহায়ক নথি সহ জমা দেওয়া আবেদনপত্রগুলিই শুধুমাত্র বিশেষ জানালার অধীনে বিবেচনা করা হবে।
যেসব শেয়ারহোল্ডার এই বিশেষ সুযোগটি গ্রহণ করতে ইচ্ছুক, তারা কোম্পানির রেজিস্ট্রার এবং ট্রান্সফার এজেন্ট, এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (ইউনিট. এক্সপ্রো ইন্ডিয়া লিমিটেড)-এর সঙ্গে যোগাযোগ করতে পারেন, যাদের ঠিকানা হলো সি-১০১, এমব্যাসি ২৪৭, এলবিএস মার্গ, ভিখরোলি (পশ্চিম), মুম্বই-৪০০৮৩।
আরও বিস্তারিত তথ্যের জন্য, শেয়ারহোল্ডারগণ কোম্পানির আরটিএ-এর সঙ্গে investor.helpdesk@in.mpms.mufg.com ঠিকানায় অথবা কোম্পানির সাথে cosec@xproindia.com ঠিকানায় যোগাযোগ করতে পারেন।

এক্সপ্রো ইন্ডিয়া লিমিটেড–এর পক্ষে
স্বা/
কমল কিশোর সেওদা
কোম্পানি সচিব
সদস্যপদ নং: এ ৩৭৯৫৪

তারিখ: ৬ মে ২০২৬
স্থান: কলকাতা

केनरा बैंक Canara Bank | सिंडिकेट Syndicate

দখল বিজ্ঞপ্তি [১৩(৪) নং ধারা)] পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য] স্থাবর সম্পত্তির জন্য

কসবা রাজডাঙ্গা ব্রাঞ্চ
দিশা অ্যাপার্টমেন্টস, দ্বিতীয় তল, ১০১, রাজডাঙ্গা নবপল্লী, হালতু পোস্ট, কলকাতা–৭০০০৭৮

যেহেতু:
কানাড়া ব্যাঙ্ক–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট ৫৪/২০০২) (এখানে পরে উক্ত অ্যাক্ট হিসাবে উল্লিখিত)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতা মেসার্স জনতা, দেবব্রত শিকদার (অংশীদার) এবং শুভজিৎ কুণ্ডু (অংশীদার)**–এর প্রতি **০২.০৭.২০২৫ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক বাবদ **₹৬৬,৬২,৫১৬.৫৩** (ছেষট্টি লক্ষ বাষট্টি হাজার পাঁচশো ষোল টাকা এবং তিপান্ন পয়সা মাত্র) আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত ঋণগ্রহীতার জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **৫ মে, ২০২৬ তারিখে** এখানে নীচে বর্ণিত **সম্পত্তির প্রতীকী দখল** নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **₹৬৬,৬২,৫১৬.৫৩** (ছেষট্টি লক্ষ বাষট্টি হাজার পাঁচশো ষোল টাকা এবং তিপান্ন পয়সা মাত্র) এবং তার উপর সুদ সমেত **কানাড়া ব্যাঙ্ক, কসবা রাজডাঙা ব্রাঞ্চ**–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।
স্থাবর সম্পত্তির বিবরণ–বিল্ডিংয়ের নীচের জমির অবিভক্ত সমানুপাতিক অংশ সহ এবং যৌথ সুবিধা ও যৌথ অধিকার সহ কমবেশি ৬ ডেসিমেল জমির উপর নির্মিত অঙ্গনা নামে বহুতল বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে স্বয়ংসম্পূর্ণ শপ রুম নং ১/৬০ এবং ১/৬২ এর সমগ্র, মোজাইকের মেঝে, মাপ ১৯৮ বর্গফুট, আর এস দাগ নং ৪৫০, ৪৫১ এবং ৪৫২, আর এস খতিয়ান নং ৩৪০, মৌজা–বিরাটি, জে এল নং ৭, রে সা নং ১৩৯, তৌজি নং ১৭২, ১৭৪, প্রেমিসেস নং ৪৯০, মধুসুদন ব্যানার্জি রোড, বিরাটি, কলকাতা–৭০০০৫১, এডিএসআরও কাশীপুর দমদম, বর্তমানে বেলঘরিয়া, উত্তর দমদম পুরসভার এলাকাধীন, ওয়ার্ড নং ১৭, হোল্ডিং নং ৭১৮/৪২, জেলা উত্তর ২৪ পরগনা, **চৌহদ্দি:** উত্তর: হীরালাল তিওয়ারির দোকান; দক্ষিণ: এ সি বণিকের দোকান; পূর্ব: ৩৫ ফুট চওড়া মধুসূদন ব্যানার্জি রোড; পশ্চিম: দীপঙ্কর আইচের দোকান।
সামান্য কমবেশি ৭ কাঠা, ৩৬ বর্গফুট জমির অবিভক্ত সমানুপাতিক অংশ সহ তার উপর নির্মিত পূর্বাশা রেসিডেন্ট এর গ্রাউন্ড ফ্লোরে, উত্তরমুখী দোকানঘর নং ২ এর সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, সুপার বিল্ট আপ এরিয়া ৯১.২ বর্গফুট, কভার্ড এরিয়া ৭৬ বর্গফুট, বিরাটি, ৫০৬, এম বি রোড, কলকাতা–৭০০০৫১, উত্তর দমদম পুরসভার ওয়ার্ড নং ১৮ (নতুন), ১৫ (সাবেক), হোল্ডিং নং ১০২৬/৪৮৬, এম বি রোড, সংযুক্ত প্ল্যানে লাল কালির বর্ডার দিয়ে চিহ্নিত, দাগ নং ৭৬০, খতিয়ান নং ৪১৮, মৌজা বিরাটি, জে এল নং ৭, রে সা নং ১৩৯, তৌজি নং ১৭২/১৭৪, উত্তর দমদম পুরসভার এলাকাধীন, হোল্ডিং নং ১০২৬/৪৮৬, এম বি রোড, প্রেমিসেস নং ৫০৬, মধুসূদন রোড, ওয়ার্ড নং ১৮ (নতুন), ১৫ (সাবেক), থানা নিমতা, জেলা উত্তর ২৪ পরগনা। **চৌহদ্দি:** উত্তর: ৪০ ফুট এম বি রোড; দক্ষিণ: জমির মালিকের জায়গা; পূর্ব: আপন সাইকেল স্টোর; পশ্চিম: ওরিয়েন্ট টেলর্স।

তারিখ: ০৫.০৫.২০২৬ **স্থান: কলকাতা**
অনুমোদিত আধিকারিক, কানাড়া ব্যাঙ্ক

इंडियन बैंक Indian Bank | इलाहाबाद ALLAHABAD

ইন্ডিয়ান ব্যাঙ্ক
আরামবাগ শাখা
লিঙ্ক রোড, আরামবাগ হুগলি, পশ্চিমবঙ্গ পিন–৭১২৬০১

পরিশিষ্ট–IV [রুল ৮(১)] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু:
ইন্ডিয়ান ব্যাঙ্ক (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক)–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২–এর রুল ৮ ও ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে আমাদের **আরামবাগ শাখার ঋণগ্রহীতাগণ মিঃ সুশান্ত ঘোষ (ঋণগ্রহীতা), পিতা আনন্দ ঘোষ, গ্রাম–মধুবাটি, কামারপুকুর চটির নিকটে, পোঃ শ্রীপুর, থানা গোঘাট, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ, ৭১২৬১২, মিসেস বর্ণালী ঘোষ (জামিনদার), স্বামী মিঃ সুশান্ত ঘোষ, গ্রাম–মধুবাটি, কামারপুকুর চটির নিকটে, পোঃ শ্রীপুর, থানা গোঘাট, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ, ৭১২৬১২, মিঃ শশাঙ্ক ঘোষ (জামিনদার), গ্রাম সিহর, পোঃ সিহর, থানা কোতুলপুর, জেলা বাঁকুড়া, পশ্চিমবঙ্গ–৭২২১৬১ এবং মেসার্স বেতবনি রাইস মিল প্রাঃ লিঃ (কর্পোরেট জামিনদার), প্রতিনিধিত্ব করছেন ইহার ডিরেক্টরগণ: মিঃ সুশান্ত ঘোষ (ডিরেক্টর), মিঃ সুজন হাজরা (ডিরেক্টর) এবং মিঃ তাপস রায় (ডিরেক্টর), রেজিঃ অফিস : গ্রাম–মধুবাটি, পোঃ–শ্রীপুর, থানা গোঘাট, হুগলি, পিন–৭১২৬১২, ইউনিটের ঠিকানা: গ্রাম–বেতবনি, পোঃ মান্দারান, থানা গোঘাট, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৬১২**–এর প্রতি ২৬.০৬.২০২৫ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত দাবি বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক **০৪.০৩.২০২৬ তারিখের ভিত্তিতে ₹১,০৯,২৪,৮৯১.০০ (এক কোটি নয় লক্ষ চব্বিশ হাজার আটশো একানব্বই টাকা মাত্র)** এবং ০৫.০৩.২০২৬ থেকে প্রদানের তারিখ পর্যন্ত উক্ত অর্থাঙ্কের উপর চুক্তির হারে উদ্ভূত সুদ, চার্জ এবং খরচ আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **৬ মে, ২০২৬** তারিখে উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা ও জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **০৬.০৫.২০২৬ তারিখের ভিত্তিতে ₹১,০৯,৮৯,৩০১/– (এক কোটি নয় লক্ষ উননব্বই হাজার তিনশো এক টাকা মাত্র)** এবং ০৭.০৫.২০২৬ থেকে প্রদানের তারিখ পর্যন্ত উক্ত অর্থাঙ্কের উপর চুক্তির হারে উদ্ভূত সুদ, চার্জ এবং খরচ ইন্ডিয়ান ব্যাঙ্ক–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
‘সারফায়েসি অ্যাক্টের ১৩(৮) নং ধারা ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থানগুলির প্রতি আমরা আপনাদের মনোযোগ আকর্ষণ করছি যেখানে সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে আপনাদের প্রতি উপলব্ধ অধিকারের বিষয়ে উল্লেখ করা আছে।’

স্থাবর সম্পত্তির বিবরণ

বন্ধকী সম্পদ:
১. ৬.০ ডেসিমেল বাস্তু জমি ও বাড়ির সমবন্ধক, মৌজা–মধুবাটি, জে এল নং ৯১, এলটি খতিয়ান নং ১৫০৬, এল আর প্লট নং ৭১২, কামারপুকুর গ্রাম পঞ্চায়েতের অধীন, গ্রাম–মধুবাটি, পোঃ শ্রীপুর, থানা গোঘাট, হুগলি–৭১২৬১২, সুশান্ত ঘোষের নামে। **সম্পত্তির চৌহদ্দি: উত্তর:** ৬ ফুট চওড়া কমন রোড; **পূর্ব**: মধুসূদন মণ্ডলের ফাঁকা জমি; **দক্ষিণ**: ১২ ফুট চওড়া কাঁচা মোরাম রাস্তা; **পশ্চিম**: পীযূষ হাজরার বাড়ি।
২. ৮.০ ডেসিমেল ফাঁকা জমির সমবন্ধক, মৌজা–মদনমোহনপুর, জে এল নং ৭৮, এল আর খতিয়ান নং ৫৯৯, এল আর প্লট নং ৬৮৩, কামারপুকুর গ্রাম পঞ্চায়েতের অধীন, সুশান্ত ঘোষের নামে। **সম্পত্তির চৌহদ্দি: উত্তর:** রাধেশ্যাম ব্যানার্জির ফাঁকা জমি, প্লট নং ৬৮৪; **পূর্ব**: মানস ঘোষের ফাঁকা জমি, প্লট নং ৬৮৩; **দক্ষিণ**: ১০ ফুট চওড়া কাঁচা রাস্তা; **পশ্চিম**: পীযূষ হাজরা ও জয়দেব রায়ের ফাঁকা জমি, প্লট নং ৬৮৩।

তারিখ: ০৬.০৫.২০২৬
স্থান: আরামবাগ
স্বা/– অনুমোদিত আধিকারিক, ইন্ডিয়ান ব্যাঙ্ক

बैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda

রিজিওনাল অফিস: বর্ধমান রিজিয়ন
২ নং ফ্লোর, ৫৪, জি টি রোড, ভাঙ্গাকুঠি, বর্ধমান–৭১৩১০১

ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যানেক্সার ‘এ’
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি; ‘পরিশিষ্ট IV–A [রুল ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ), জামিনদার(গণ) ও জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের প্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি **‘যেখানে আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেমন আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই–নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম /লট নং	ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর নাম ও ঠিকানা	জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর/ অস্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ	মোট বকেয়া	ই–নিলামের তারিখ ও সময়	সংরক্ষণ মূল্য ইএমডি অর্থাঙ্ক বিড বাড়ানোর মূল্য	দখলের প্রকৃতি (গঠনমূলক/ বাস্তবিক)	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়
১	**মেসার্স টেগোর মৃণালিনী দেবী টিচার ট্রেনিং কলেজ (ঋণগ্রহীতা),** মেসার্স টেগোর মৃণালিনী দেবী টিচার ট্রেনিং কলেজ (ঋণগ্রহীতা)–এর একটি ইউনিট, টেগোর মৃণালিনী দেবী মেমোরিয়াল ট্রাস্টের একটি ইউনিট, শ্রীনিকেতন রোড, শিবম কমপ্লেক্স, বোলপুর, বীরভূম–৭৩১২০৪ **সভাপতি/ সচিব/ ট্রাস্টি/ জামিনদার: মিঃ লক্ষ্মীনারায়ণ মুখার্জি / মিঃ সুকান্ত মুখার্জি/ মিঃ রজতশুভ্র মুখার্জি/ মিসেস স্বপ্না সরকার/ মিঃ সন্দীপ চক্রবর্তী/ মিসেস তন্দ্রা দত্ত** **শাখা:** বোলপুর **অনুমোদিত আধিকারিক:** মিঃ মানস গৌরব মহারানা, মোবাইল: ৯০৪৬২৫৮১২৫ **শাখায় যোগাযোগের ব্যক্তি:** মিঃ সায়ন্তন পাল চৌধুরি, মোবাইল: ৯৫৩৭০৩০০৯২	নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: জে এল নং ৭৯, এল আর খতিয়ান নং ৩৫৩, ৩৫৫, ৩৫৪, ৩৫৭, ৩৫২, ৩৫৬, বর্তমান এল আর খতিয়ান নং ৩৫৮, এল আর প্লট নং ৩৬, ৪২, ৪৩, মোট জমি– সামান্য কমবেশি ১.৩৩০৩ একর, জমির প্রকৃতি– কলেজ, অবস্থান: মৌজা– খান্না, থানা– সিউড়ি, জেলা– বীরভূম, ০৮.০৫.২০১৫ তারিখের দান দলিল নং I–০৩০২০৩৩৪১/২০১৫ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক টেগোর মৃণালিনী দেবী টিচারস ট্রেনিং কলেজ (টেগোর মৃণালিনী দেবী মেমোরিয়াল ট্রাস্টের একটি ইউনিট)–এর নামে। সম্পত্তির চৌহদ্দি: উত্তর– প্লট নং ৪৩; দক্ষিণ– প্লট নং ৩৬, ৪৩; পূর্ব– প্লট নং ৪২; পশ্চিম– প্লট নং ৩৫। প্রপার্টি আইডি: BARB399320240001	₹২,২৫,৯২,৭৬৮.০০ ২৪.১২.২০২২ অনুযায়ী + ২৫.১২.২০২২ থেকে অপ্রযুক্ত সুদ ও অন্যান্য চার্জ	২৫.০৫.২০২৬ দুপুর ২টো থেকে সন্ধে ৬টা	₹১,৪২,০০,০০০.০০ ₹১৪,২০,০০০.০০ ₹৫০,০০০.০০	বাস্তবিক	যে কোনও কাজের দিনে সকাল ১০টা থেকে বিকেল ৪টের মধ্যে

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.bankofbaroda.bank.in/e-auction.htm** ওয়েবসাইট এবং অনলাইন নিলাম পোর্টাল **https://baanknet.com**–তে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গে ওপরে উল্লিখিত নম্বরেও যোগাযোগ করতে পারেন।

বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য SCAN HERE

তারিখ: ০৭.০৫.২০২৬
স্থান: বর্ধমান

অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা

ফাইনাল সরল সেই আমেদাবাদেই

আজকালের প্রতিবেদন

বেঙ্গালুরু থেকে আইপিএলের ৩১ মে ফাইনাল সরেই গেল আমেদাবাদে। গতবারের আইপিএল চ্যাম্পিয়ন রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর ঘরের মাঠেই প্রতিযোগিতার ফাইনাল হওয়ার রীতি রয়েছে। যদিও ফাইনাল আমেদাবাদে সরানোর ক্ষেত্রে বোর্ডের অন্দরে দু'টি কারণ শোনা যাচ্ছে। প্রথমত, আয়োজনের পরিকাঠামোগত সমস্যা এবং দ্বিতীয়ত, টিকিট বণ্টন ঘিরে বেঙ্গালুরুতে রাজনৈতিক সমস্যা। বেঙ্গালুরু থেকে ফাইনাল সরে যাওয়ার অর্থ, প্লেঅফের কোনও ম্যাচই পাচ্ছে না গতবারের চ্যাম্পিয়নরা। অন্যদিকে, ভারতের মাটিতে আরও একটি গুরুত্বপূর্ণ ক্রিকেট ফাইনাল আমেদাবাদে সরে যাওয়ার ঘটনা ঘটল। বিগত কয়েক বছর ধরে প্রায় প্রতিটি ফাইনাল অজ্ঞাত কারণে সরে গিয়েছে আমেদাবাদে। অন্যথা হল না এবারও।

বেঙ্গালুরু থেকে ফাইনাল সরে যাওয়ার গোটা ঘটনায় বিরক্ত কর্ণাটক রাজ্য ক্রিকেট সংস্থা। সংস্থার বর্তমান সভাপতি তথা ভারতীয় দলের প্রাক্তন তারকা পেসার বেঙ্কটেশ প্রসাদ অনবরত বোর্ডের সঙ্গে যোগাযোগ রেখে চলেছিলেন। কর্ণাটক রাজ্য ক্রিকেট সংস্থা যে ফাইনাল ও একটি প্লেঅফের ম্যাচ আয়োজনের জন্য প্রস্তুত ও প্রবল আগ্রহী, সেই বার্তা বোর্ডের কাছে ব্যক্তিগত ভাবেও দিয়েছিলেন প্রসাদ। বুধবার কেএসসিএ-র মুখপাত্র বিনয় মৃত্যুঞ্জয় বলেন, 'আইপিএলের প্লেঅফের ম্যাচগুলি অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হল। এই ঘটনা অত্যন্ত দুঃখজনক।' ২৬ মে কোয়ালিফায়ার ১ হবে ধরমশালা। ২৭ মে এলিমিনেটর নিউ চণ্ডীগড়ে। ২৯ মে কোয়ালিফায়ার ২-ও হবে নিউ চণ্ডীগড়ে।

আইপিএল প্লেঅফ

২৬ মে	২৭ মে	২৯ মে	৩১ মে
কোয়ালিফায়ার ১	এলিমিনেটর	কোয়ালিফায়ার ২	ফাইনাল
ধরমশালা	নিউ চণ্ডীগড়	নিউ চণ্ডীগড়	আমেদাবাদ

প্রস্তুতিতে ঋষভ পন্থ।



বাড়িতে বিনোদ কাম্বলি। ছবি: প্রতিবেদক

হারলেই কার্যত বিদায় ঋষভদের

আজকালের প্রতিবেদন

দুই দলের কাছে তাগিদ দু'রকম। একদল পয়েন্ট টেবিলের ওপরের দিকে। অন্য দল একেবারেই লাস্ট বয়। ফলে দুই নম্বরে থাকা বেঙ্গালুরুর কাছে এক নম্বরে উঠে আসার লড়াই। অন্যদিকে, লখনউয়ের কাছে লাস্ট বয় থেকে কিছুটা সম্মানজনক জায়গায় আসার চ্যালেঞ্জ।

প্রথম দফার লড়াইয়ে অনায়াসেই জিতেছিলেন বিরাট কোহলিরা। দ্বিতীয় দফার লড়াইয়েও যদি জয় আসে, প্লেঅফের দৌড়ে কিছুটা নিশ্চিন্ত থাকা। ১২ পয়েন্ট পাওয়া বেঙ্গালুরুর ঘাড়ের ওপর আরও চারটি দলের নিঃশ্বাস। এমনকী, অনেকটা পিছন থেকে উঠে এসেছে চেন্নাই সুপার কিংসও। এই অবস্থায় একটি হার মানেই অনেকটা পিছিয়ে যাওয়া। আগের ম্যাচে গুজরাটের কাছে হারায় বেঙ্গালুরু কিছুটা চাপে। বৃহস্পতিবার লখনউকে হারিয়ে নিশ্চিত ভাবেই ছন্দে ফিরতে চাইবেন বিরাটরা। ওপেনার ফিল সল্ট চোটের জন্য আপাতত বাইরে। ফলে এই ম্যাচেও বিরাটের সঙ্গী জেকব বেথেল। দেবদত্ত পাড়িক্কল, রজত পতিদারও রান পাচ্ছেন। আগের ম্যাচে মিডল অর্ডারের ব্যর্থতা সমস্যায় ফেলে দিয়েছিল বেঙ্গালুরুকে।

লখনউ শেষ ছয় ম্যাচের মধ্যে জিতেছে মাত্র একটি। ব্যক্তিগত সর্বাধিক রানের তালিকায় প্রথম কুড়ির মধ্যে লখনউয়ের কোনও ব্যাটার নেই। অধিনায়ক ঋষভ পন্থ প্রত্যাশিত ছন্দের ধারে কাছে নেই। এইডেন মার্করাম ও নিকোলাস পুরানের মতো গুরুত্বপূর্ণ ব্যাটাররাও ব্যর্থ। বল হাতে মহম্মদ সামি এবার তেমনভাবে ছাপ ফেলতেই পারেননি। পয়েন্ট টেবিলে লখনউ যে জায়গায় দাঁড়িয়ে, তাতে প্লেঅফের আশা নেই।

আজ

লখনউ : বেঙ্গালুরু

সন্ধে ৭-৩০

স্টার স্পোর্টস। জিও হটস্টার



বোলিং অনুশীলনে ক্যামেরন গ্রিন। ছবি: কেকেআর

দিল্লি দখলে কাঁটা ৩ নাইট প্রাক্তনী

আজকালের প্রতিবেদন

মিশন 'দিল্লি'। জয়ের হ্যাটট্রিকের আত্মবিশ্বাস পুঁজি করে দিল্লি দখলের লক্ষ্যে নাইটরা। শুক্রবার প্রতিপক্ষ দিল্লি ক্যাপিটালস। পয়েন্ট তালিকায় ঠিক ওপরের ধাপে থাকা প্রতিপক্ষকে তাদের ঘরের মাঠে আটকে দিয়ে এগিয়ে যাওয়ার চ্যালেঞ্জ নাইটদের সামনে। তবে কাঁটা, তিন প্রাক্তনী। মিচেল স্টার্ক, কুলদীপ যাদব ও নীতীশ রানা।

মরশুমের শুরু ভাল হয়নি। হোঁচট খেলেও টুর্নামেন্টের মাঝপথে এসে ক্রমশ ছন্দ ফিরে পেয়েছে অজিঙ্কা রাহানের দল। প্রথমে রাজস্থান রয়্যালস তারপর লখনউ সুপার জায়ান্টস ও সানরাইজার্স হায়দরাবাদকে হারিয়ে প্লেঅফের দৌড়ে এখন প্রবল ভাবে শামিল নাইটরা। শুধু তাই নয়, যে যে সমস্যাগুলি মূলত নাইটদের ভোগাচ্ছিল, সেগুলি অনেকটাই কাটিয়ে ওঠা গিয়েছে। দুই রহস্য স্পিনার বরুণ চক্রবর্তী ও সুনীল নারাইন ছন্দে ফিরেছেন। ইতিমধ্যে নারাইন আইপিএলে প্রথম বোলার হিসেবে কোনও ফ্র্যাঞ্চাইজির হয়ে ২০০ উইকেট নেওয়ার মাইলফলকও স্পর্শ করে ফেলেছেন। এদিকে, নাইটরা আবার আইপিএলে স্পিনারের দ্বারা ৬৫০ উইকেট নেওয়া প্রথম দল হিসেবে নজিরও গড়েছে।

এসব ছাপিয়ে গত ম্যাচে হায়দরাবাদের বিরুদ্ধে তাদেরই ঘরের মাঠে (উপলে) ৭ উইকেটে জয় ছিনিয়ে নেওয়াটা যেন রাহানেদের আত্মবিশ্বাস আরও বাড়িয়ে দিয়েছে। পাশাপাশি, নাইটরা যেখানে ক্রমশ জয়ের সরণিতে ফিরছে, তেমনই দিল্লি শুরুটা ভাল করেও যেন খেই হারিয়ে ফেলছে। শেষ পাঁচ ম্যাচে চারটিতেই হেরেছেন অক্ষর প্যাটেলরা। 'দিল্লি' থেকে বহুদূরে থাকা নাইটদের (পয়েন্ট তালিকায় ৮ নম্বরে) অবশ্য সে-সব নিয়ে ভাববার অবকাশ নেই। বুধবার সন্ধেয় প্রায় ঘণ্টা তিনেক ফিরোজ শাহ কোটলা স্টেডিয়ামে অনুশীলন করে নাইট শিবির। জয়ের ধারা বজায় রাখার চ্যালেঞ্জের মতো কোথাও যেন অশনিসঙ্কেত হয়ে দাঁড়াচ্ছে তিন প্রাক্তনী। যা নিয়ে সতর্ক নাইট শিবির। কারণ, শেষবার (২০২৪ সালে) দলকে ট্রফি দেওয়ার নেপথ্যে বড় ভূমিকা ছিল স্টার্কের। পরবর্তীতে তাঁকে রাখেনি নাইট কর্তৃপক্ষ। ফলে নাইটদের বিরুদ্ধে স্টার্কের মতো কুলদীপ, নীতীশরা মরিয়া হয়ে উঠলে সমস্যা বাড়বে বইকি।

পাঞ্জাবকে উড়িয়ে শীর্ষে হায়দরাবাদ

আজকালের প্রতিবেদন

দুই শক্তিধর দলের ব্যাটিংয়ের লড়াই। সানরাইজার্স হায়দরাবাদের থেকে কোনও অংশেই কম নয় পাঞ্জাব কিংস। হায়দরাবাদের টপ অর্ডারে আছেন অভিষেক শর্মা, ট্রাভিস হেড, ঈশান কিষাণ, হেনরিখ ক্লাসেনরা। উল্টোদিকে প্রিয়াংশ আর্য, প্রভসিমরন সিং, কুপার কনোলি, শ্রেয়স আয়ার-সমৃদ্ধ পাঞ্জাব। তবে ব্যাটিং নয়, দুই দলের মধ্যে ফারাক গড়ে দিল ফিল্ডিং। ঈশান ও ক্লাসেনের ক্যাচ ফেলার মাশুল দিতে হল পাঞ্জাবকে। কাজে এল না কুপার কনোলির জীবনের প্রথম টি২০ সেঞ্চুরি। ৩৩ রানে জিতে পাঞ্জাবকে সরিয়ে লিগ টেবিলের শীর্ষে পৌঁছে গেল হায়দরাবাদ।

হায়দরাবাদের জেতার ভিতটা তৈরি করে দিয়েছিলেন অভিষেক শর্মা। ছোট ইনিংসেও রাজকীয় মেজাজ। ১৩ বলে ৩৫ রানের ঝোড়ো ইনিংসে ৪টি ছক্কা। তাঁর তৈরি ভিতের ওপর রাজত্ব করে গেলেন ক্লাসেন। অভিষেকের সৌজন্যেই ওপেনিং জুটিতে ৩.২ ওভারে ৫৪ হায়দরাবাদ। অভিষেক ফিরে যাওয়ার পর আগের ম্যাচের মতোই দায়িত্ব নিজের কাঁধে তুলে নিয়েছিলেন ট্রাভিস হেড। পাওয়ারপ্লে-তে হায়দরাবাদ যখন ৭৯/১ রানে পৌঁছোয়, হেডের নামের পাশে ১৬ বলে ৩৫। যুজবেন্দ্র চাহাল আক্রমণে আসতেই বিপর্যয়। ফ্লাইটে পরাস্ত হয়ে জানসেনের হাতে ক্যাচ দিয়ে ফেরেন হেড (১৯ বলে ৩৮)।

আগের ম্যাচের মতো পরিণতি হবে না তো? এদিনও আশঙ্কা তৈরি হয়েছিল। ডিপ স্কোয়্যার লেগ বাউন্ডারিতে ঈশান কিষাণের সহজ ক্যাচ হাতছাড়া করেন কুপার কনোলি। পরের ওভারেই ক্লাসেনের সহজ ক্যাচ ফেলেন শশাঙ্ক সিং। ঈশান, ক্লাসেনের মতো ব্যাটারদের ক্যাচ ছাড়ার মাশুল যে কতটা ভয়ঙ্কর হতে পারে, টের পেল পাঞ্জাব। ঈশান যখন আউট হলেন, নামের পাশে ৫৫ (৩২ বলে), হায়দরাবাদ ১৭২/৩। শেষ পর্যন্ত তারা পৌঁছোল ২৩৫/৪ রানে। আর জীবন পেয়ে ক্লাসেন ৪৩ বলে ৬৯। কার্যকরী ইনিংস নীতীশ কুমার রেড্ডিরও (১৩ বলে অপরাজিত ২৯)।

বিশাল রানের লক্ষ্য তাড়া করতে গেলে শুরুটা ভাল হওয়া জরুরি। সেটাই হয়নি পাঞ্জাবের। ২৩ রানের মধ্যে তিন সেরা ব্যাটার প্রিয়াংশ (১), প্রভসিমরন (৩) ও শ্রেয়স (৫) ডাগ আউটে। তিনটি ভাল ক্যাচ নেন এশান মালিঙ্গা ও প্যাট কামিন্স। ম্যাচের ভবিষ্যৎ ওখানেই ঠিক হয়ে গিয়েছিল। শেষ পর্যন্ত লড়লেন কুপার কনোলি (৫৮ বলে অপরাজিত ১০৭)। কিন্তু সহযোগিতার অভাবে তাঁর একার চেষ্টা কাজে আসেনি। ২০২/৭ রানের বেশি তুলতে পারেনি পাঞ্জাব।

মারমুখী হেনরিখ ক্লাসেন। ৪৩ বলে করলেন ৬৯। ছবি: এএফপি

স্কোরবোর্ড

হায়দরাবাদ

অভিষেক ক শ্রেয়স ব ফার্গুসন	৩৫ (১৩)
হেড ক জানসেন ব চাহাল	৩৮ (১৯)
ঈশান ক সূর্যাংশ ব অর্শদীপ	৫৫ (৩২)
ক্লাসেন ক জানসেন ব বিশাক	৬৯ (৪৩)
নীতীশ অপরাজিত	২৯ (১৩)
অতিরিক্ত	৯
মোট (২০ ওভারে, ৪ উইকেটে)	২৩৫

উইকেট পতন : ১/৫৪, ২/৮৪, ৩/১৭২, ৪/২৩৫

বোলিং : অর্শদীপ ৪-০-৪৩-১, জানসেন ৪-০-৬১-০, ফার্গুসন ৪-০-৪১-১, চাহাল ৪-০-৩২-১, বিশাক ৪-০-৫৪-১

পাঞ্জাব

প্রিয়াংশ ক মালিঙ্গা ব কামিন্স	১ (৩)
প্রভসিমরন ক কামিন্স ব নীতীশ	৩ (৪)
কনোলি অপরাজিত	১০৭ (৫৯)
শ্রেয়স ক কামিন্স ব মালিঙ্গা	৫ (৫)
স্টয়নিস ক ঈশান ব শিবাং	২৮ (১৪)
সূর্যাংশ ক অভিষেক ব কামিন্স	২৫ (১৭)
শশাঙ্ক ক নীতীশ ব সাকিব	৪ (৩)
জানসেন ক হর্ষ ব শিবাং	১৯ (১৬)
বিশাক অপরাজিত	১ (১)
অতিরিক্ত	৯
মোট (২০ ওভারে, ৭ উইকেটে)	২০২

উইকেট পতন : ১/৪, ২/৪, ৩/২৩, ৪/৬৩, ৫/১১০, ৬/১১৯, ৭/১৮৭

বোলিং : কামিন্স ৪-০-৩৪-২, নীতীশ ২-০-১১-১, মালিঙ্গা ৪-০-৩৬-১, সাকিব ৪-০-৪০-১, শিবাং ৪-০-৪৫-২, হর্ষ ২-০-৩৬-০

হায়দরাবাদ ৩৩ রানে জয়ী

ম্যাচের সেরা: প্যাট কামিন্স

অসুস্থ কাম্বলির চাই আরও আর্থিক সাহায্য

দেবাশিস দত্ত

মুম্বই, ৬ মে

দরজা খুলতেই চমক। ছেলের মাথায় একটা ছোট তোতাপাখি! সে কখনও মাথায় ঠোকরাচ্ছে, কখনও বা ঘাড়ে। অনেক ক্রীড়াবিদের বাড়িতে গিয়েছি, কিন্তু এরকম দৃশ্য দেখিনি। বাড়ির মালিক সোফায় বসে চিৎকার করে বললেন, 'ভেতরে আসুন, ও আমাদের পোষ্য। ঠোঁট দিয়ে একটু-আধটু কামড়ায় বটে, কিন্তু অপরিচিতের ঘাড়ে-মাথায় উড়ে গিয়ে বসবে না। খাঁচাবন্দি নয়।'

জুয়েল নামের বিল্ডিংয়ের ছ'তলার ফ্ল্যাটে থাকেন বিনোদ কাম্বলি। '৯২ সালে তাঁর এডিলেডের বাড়ির অলিন্দে দাঁড়িয়ে স্যর ডোনাল্ড ব্র্যাডম্যান যাঁর খোঁজ নিয়েছিলেন। সারদাশ্রম স্কুলের হয়ে শচীন তেন্ডুলকারের সঙ্গে ৬৬৪ রানের জুটির কথা উল্লেখ করে শুধু বলেছিলেন, 'কাম্বলির ব্যাট স্যুইংটা চমৎকার।' সেই কাম্বলি এখন অসুস্থ।

হাঁটাচলা ঠিকমতো করতে পারেন না। বিল্ডিংয়ের নীচে গার্ডদের সঙ্গে গল্প করতে যান, ছেলেকে সঙ্গে নিয়ে। পায়ের জোর কমে গিয়েছে। মাথায় টিউমার। পরনের পোশাক মলিন হলেও, তবু ধরে রেখেছেন এখনও সেই অমলিন হাসি। বললেন, 'একটু ভাল খাবার এবং মেডিসিন পেলে আমি ঠিক সুস্থ হয়ে যাব। আমি বাঁচতে চাই। ছেলেমেয়ে দুটো ভেসে যাবে, যদি আমি না থাকি।'

মুম্বই ক্রিকেট অ্যাসোসিয়েশনের এক কর্মকর্তা স্রেফ ভালবাসার তাগিদে নিয়মিত যোগাযোগ রাখেন। যতবার অসুস্থ হয়েছেন সম্প্রতি, প্রত্যেকবার হয় নিজের পকেট থেকে টাকা দিয়েছেন নয়তো কোনও বন্ধুবান্ধব বা রাজনৈতিক ব্যক্তিত্বদের সঙ্গে কথা বলে হাসপাতালের বিল মিটিয়েছেন। এখন আয় বলতে সুনীল গাভাসকার প্রতি মাসে ৩০ হাজার টাকা পাঠান। বোর্ড পেনশন পাঠায় ৬০ হাজার টাকা। কিন্তু তাতে চিকিৎসার খরচ, চারজনের খাওয়া-পরা, বান্দ্রার মতো অভিজাত অঞ্চলে সংসার চালানো কঠিন। কোচিং করানোর প্রস্তাব এসেছিল, কিন্তু শরীর খারাপ থাকায় যেতে পারছেন না, 'কপিলদেব বলেছিল দিল্লি চলে যেতে। তাহলে সব দায়দায়িত্ব উনি নেবেন। মুম্বইয়ে পরিবার ছেড়ে কি দিল্লিতে যাওয়া যায়?'

তিন বেডরুমের আধুনিক ফ্ল্যাট। ঢুকেই বাঁদিকে বসার জায়গা। ডানদিকে ওপেন কিচেন-কাম-ডাইনিং। ঘরের ভেতরে দুটো ব্যাট রাখা। দুটোই ক্রিকেট জীবনে কাম্বলি ব্যবহার করেছিলেন। এসি আছে কিন্তু শেষ বিকেলের প্রবল গরমেও তা বন্ধ! বিদ্যুতের বিল মেটাবে কে? বাড়ির রক্ষণাবেক্ষণ বাবদ ২০ লক্ষ টাকা ধার। ওই বিল্ডিংয়েই থাকেন রাজু কুলকার্নি, পরশ মাম্বরে, রমেশ পাওয়ার, সাইরাজ বাহুতুলে। সরকারি জমিতে বাড়ি, ফলে প্রায়শই এই টাকা না দিতে পারার জন্য অশান্তির বাতাবরণ তৈরি হয়। যে কর্মকর্তা কাম্বলির দেখভাল করেন, তিনিই ওই বিল্ডিংয়ে বসবাসকারী ক্রিকেটারদের পরিষ্কার বলেছেন, 'কাম্বলির টাকা সবাই ভাগ করে দাও। তোমরা সবাই মিলে একজন অসুস্থ ক্রিকেটারকে দেখভাল করতে পারছ না?'

ওষুধ খাওয়ার জন্যই বেলা একটা-দেড়টার আগে ঘুম থেকে উঠতে পারেন না কাম্বলি। তাই হাতেগোনা যে কয়েকজন দেখা করতে আসেন, তাঁরা সবাই সাড়ে ৩টের পর পৌঁছোন। কথাবার্তা যখন চলছে, ঠিক তখনই ভেতর থেকে বেরিয়ে এলেন তাঁর স্ত্রী অ্যান্ড্রিয়া। চাইলে সিনেমাও করতে পারতেন। জিনসের ওপরে ফুলহাতা শার্টে ঝকঝকে দেখাচ্ছিল অ্যান্ড্রিয়াকে। বললেন, 'বিনোদকে ভালবাসি বলেই ওকে ছেড়ে যাইনি। গত মাসের তুলনায় আজ একটু সুস্থ মনে হচ্ছে। আরেকটু আর্থিক সাহায্য এলে ওকে সুস্থ করে তোলার কাজটা সহজ হত। সেই চেষ্টাতেই আছি আমরা।'

চ্যাম্পিয়ন্স লিগ সেমির ফিরতি পর্বে নায়ক বুকায়ো সাকা

গোলের পর উল্লাসে মাতোয়ারা আর্সেনালের জয়ের নায়ক সাকা। ছবি: এএফপি

ফাইনালে আর্সেনাল, দৌড় শেষ মাদ্রিদের

আজকালের প্রতিবেদন

রক্ষণাত্মক খেলেও লক্ষ্যপূরণ যে করা যায়, তা মঙ্গলবার রাতে প্রমাণ করল আর্সেনাল। চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালের দ্বিতীয় পর্বে অ্যাটলেটিকো মাদ্রিদকে ১-০ (দুই লেগ মিলিয়ে ২-১) ব্যবধানে হারিয়ে ফাইনালে উঠল মিকেল আর্তেতার দল। প্রথম পর্বের খেলায় দু'দলই পেনাল্টিতে গোল করে ড্র করেছিল। এদিন অ্যাটলেটিকোকে সেভাবে সুযোগই দেয়নি আর্সেনাল। যাও বা কয়েকটি সুযোগ পেয়েছিল, নিজেদের ব্যর্থতায় তা নষ্ট করেছে। জুলিয়ান আলভারেজ, আঁতোয়াঁ গ্রিজম্যান, জুলিয়ানো সিমিওনেদের মার্কিংয়ে রেখে ঘরের মাঠে ম্যাচ বের করে নেয় আর্সেনাল।

আর্সেনাল এবং অ্যাটলেটিকো মাদ্রিদ প্রথম পর্বে অত্যন্ত সাবধানী ফুটবল খেলে দর্শকদের ধৈর্যের পরীক্ষা নিয়েছিল। বুধবার যে দু'পক্ষ খুব সাহসী ফুটবল খেলেছিল, তা একেবারেই বলা যাবে না। তারমধ্যেই আর্সেনাল প্রথমার্ধে সফল আক্রমণ তুলে এনে লিড নেয়। ডান প্রান্তে বল পেয়ে ভিক্টর গিওকোরেস বক্সে ঢুকে পড়েছিলেন। সেখান থেকে তাঁর তোলা সেন্টার বিপক্ষের এক ফুটবলারের মাথায় লেগে লিয়েন্দ্রো ট্রোসার্ডের পায়ে গিয়ে পড়ে। সেখান থেকেই বুলেট গতিতে শট নেন তিনি। অ্যাটলেটিকো গোলরক্ষক ইয়ান ওবলাক সেই শট রুখে দিলে ফিরতি বল জালে জড়ান বুকায়ো সাকা।

দ্বিতীয়ার্ধে অ্যাটলেটিকো কোচ দিয়েগো সিমিওনে গোল শোধের লক্ষ্যে দলে বেশ কয়েকটি পরিবর্তন আনেন। কিন্তু রণনীতি না পাল্টালে কি জেতা যায়! স্বাভাবিকভাবেই তাই ম্যাচ বের করতে পারেননি আলভারেজরা। বরং একইভাবে রক্ষণ আগলাতে গিয়ে আক্রমণে লোক বাড়াতে ব্যর্থ হয়েছে মাদ্রিদের দলটি। এদিকে, আর্সেনালও পরবর্তীতে গোলের ব্যবধান পাল্টাতে পারেনি। শেষ পর্যন্ত ওই একটি গোলেই খেলা শেষ হয়।

খেলার খুচরো

টি২০ ক্রিকেটে জয়ী ইস্টবেঙ্গল

জেসি মুখার্জি টি২০ ট্রফির কোয়ার্টার ফাইনালে ইস্টবেঙ্গল। খেলা হয় ৮ ওভারের। বুধবার দেশবন্ধু পার্ক মাঠে ক্যালকাটা কাস্টমস ৬১/৬ করে। সুরজ সিন্ধু জয়সওয়ালের ২ উইকেট। জবাবে ৫.৫ ওভারেই ৬৫/৩ তোলে ইস্টবেঙ্গল। সুদীপ কুমার ঘরামি ৮ বলে ২১। ৭ উইকেটে জয়ী লাল-হলুদ।

দ্বিতীয় ম্যাচে ড্র বাংলার

ছত্তিশগড়ে অনুষ্ঠিত অনূর্ধ্ব ২০ জাতীয় ফুটবলের দ্বিতীয় ম্যাচে আটকে গেল বাংলা। বুধবার স্বামী বিবেকানন্দ কাপে ওড়িশার সঙ্গে ২-২ ড্র করেছে তারা। বাংলার হয়ে গোল দুটি করেছেন সাহিল কর এবং তনবীর দে। উল্লেখ্য, প্রতিযোগিতার প্রথম ম্যাচে কর্ণাটককে ২-১ ব্যবধানে হারিয়েছিল বাংলা।

অনূর্ধ্ব ১৩-য় ড্র মার্লিনের

আইএফএ আয়োজিত স্টেট ইয়ুথ লিগের অনূর্ধ্ব ১৩-র ম্যাচে সোনারপুর ডায়নামিকের সঙ্গে ১-১ ড্র করেছে মার্লিন গ্রুপের ক্লাব প্যাভিলিয়ন। বুধবার মার্লিন রাইজের আর টেন ফুটবল গ্রাউন্ডে ম্যাচটি আয়োজিত হয়। উল্লেখ্য, এই প্রতিযোগিতায় অনূর্ধ্ব ১৫ এবং অনূর্ধ্ব ১৭ বয়সভিত্তিক বিভাগেও খেলা হচ্ছে।

প্রথম হার ইস্টবেঙ্গলের

ইন্ডিয়ান উওমেন্স লিগে বৃষ্টিবিঘ্নিত ম্যাচে প্রথম হার ইস্টবেঙ্গলের। কিকস্টার্ট এফসির কাছে ১-২ হারল লাল-হলুদের প্রমীলাবাহিনী। বুধবার ক্লাবের মাঠে ৭ মিনিটে ফাজিলা ইকুয়াপুটের গোলে এগিয়ে যায় ইস্টবেঙ্গল। প্রথমার্ধেই কিকস্টার্টের হয়ে সমতা ফেরান এমেম এসিয়েন। দ্বিতীয়ার্ধে কিকস্টার্টের জয়সূচক গোলটি বেবিসানা দেবীর করা। ১০ ম্যাচে ২৭ পয়েন্ট নিয়ে শীর্ষেই থাকল ইস্টবেঙ্গল।

S24 PAGS	154
N24 PAGS	154
RANAGHAT	154
ARAMBAGH	153
BURDWAN	153
BOLPUR	152
MIDNAPUR	152
BANKURA	152
SILIGURI	147
MALDA / BALURGHAT	149
FALAKATA	147
ALIPURDUAR	147

CONTACT-80160 91101